পরে প্রত্যেক বার মূলমন্ত্রোচ্চারণ করিয়া তত্ত্বমুদ্রা দ্বারা ভূমিতে তিনবার এবং মস্তকে সাতবার জল প্রক্ষেপ করিবে। অনন্তর মূলমন্ত্র দ্বারা প্রাণায়াম এবং ষড়ঙ্গন্যাস করতঃ বামহস্তে জল গ্রহণ করিয়া দক্ষিণ হস্তদ্বারা আচ্ছাদন করতঃ "হং যং বং লং রং" এই মন্ত্রটী তিনবার উচ্চারণ করিয়া বামকরাঙ্গুলি হইতে নিঃসৃত ঐ জল প্রত্যেক বার মূলমন্ত্র উচ্চারণ করিয়া, তত্ত্বমুদ্রাদ্বারা† সাতবার মস্তকে প্রক্ষেপ করিবে এবং অবশিষ্ট জল দক্ষিণহস্তে গ্রহণ পূর্ব্বক, আঘ্রাণ করিয়া ঐ জল পাপময় এইরূপ চিন্তা করিয়া পরিত্যাগ করিবে।

পরে হস্ত প্রক্ষালন পূর্ব্বক আচমন করিয়া ইষ্ট দেবতার গায়ত্রী ত্রিশ বার পাঠ করিয়া তিনবার জল প্রদান করিবে। আর

---

† মুদ্রা ও ন্যাস প্রকরণ যথা স্থানে দ্রষ্টব্য।

নিম্নলিখিত মন্ত্র পাঠ করিয়া সায়ংকাল ব্যতীত প্রত্যেকের তিনবার তর্পণ করিবে। যথা—

ওঁ দেবাংস্তর্পয়ামি, ওঁ ঋষীংস্তর্পয়ামি, ওঁ পিতৃংস্তর্পয়ামি, ওঁ মনুষ্যাংস্তর্পয়ামি, ওঁ গুরূংস্তর্পয়ামি, ওঁ পরমগুরূংস্তর্পয়ামি, ওঁ পরমেষ্ঠিগুরূংস্তর্পয়ামি। পরে মূল মন্ত্র পাঠ করিয়া, "ওঁ অমুক-দেবতাং তর্পয়ামি স্বাহা" এই মন্ত্র তিনবার পাঠ করিয়া তর্পণ করিবে, পরে সূর্য্যের উদ্দেশে অর্ঘ্যদান করিবে; তাহার মন্ত্র এই—

"ওঁ হ্রীং হংস মার্ত্তণ্ডভৈরবায় প্রকাশশক্তিসহিতায় ইদমর্ঘ্যং শ্রীসূর্য্যায় স্বাহা" এই মন্ত্র দ্বারা তিন সন্ধ্যাতেই সূর্য্যকে অর্ঘ্য প্রদান করিবে। [স্ত্রী এবং শূদ্রেরা, "ঘৃণিসূর্য্য আদিত্য ইদমর্ঘ্যং শ্রীসূর্য্যায় নমঃ" বলিয়া অর্ঘ্য প্রদান করিবে।]

অনন্তর,—"ওঁ সূর্য্যমণ্ডলমধ্যস্থায়ৈ অমুকদেবতায়ৈ নমঃ" এই মন্ত্র দ্বারা কিম্বা (গায়ত্রী পাঠ করিয়া) ইষ্ট দেবতাকে অর্ঘ্য দিবে। পরে গায়ত্রীর ধ্যান করিবে। যথা—

গায়ত্রী ধ্যানং।

প্রাতঃকালে। উদ্যদাদিত্যসংকাশাং পুস্তকাক্ষকরাং স্মরেৎ। কৃষ্ণাজিনধরাং ব্রাহ্মীং ধ্যায়েত্তারকিতেঽম্বরে॥

মধ্যাহ্নকালে। শ্যামবর্ণাং চতুর্ব্বাহুং শঙ্খচক্রলসৎকরাং। গদাপদ্মধরাং দেবীং সূর্য্যাসনকৃতাশ্রয়াম্॥

সায়ংকালে। সায়াহ্নে বরদাং দেবীং গায়ত্রীং সংস্মরেদ্ যতিঃ। শুক্লাং শুক্লাম্বরধরাং বৃষাসনকৃতাশ্রয়াং॥ (ত্রিনেত্রাং বরদাং পাশং শূলঞ্চ নৃকরোটিকাং। সূর্য্যমণ্ডলমধ্যস্থাং ধ্যায়েদ্দেবীং সমভ্যসেৎ)॥

ধ্যানাবসানে ইষ্টদেবতার গায়ত্রী দশবার জপ করতঃ নিম্ন-লিখিত মন্ত্র দ্বারা জল দিবে। যথা—

গুহ্যাতিমন্ত্রঃ।

ওঁ গুহ্যাতিগুহ্যগোপ্ত্রী ত্বং গৃহাণাস্মৎ কৃতং জপং।
সিদ্ধির্ভবতু মে দেবি ত্বৎপ্রসাদান্মহেশ্বরি! ॥

অনন্তর "রং" এই মন্ত্র দ্বারা মস্তকে জল দিয়া, করযোড়ে যথাক্রমে বাম ও দক্ষিণ নেত্র প্রান্ত স্পর্শ করিয়া নিম্নলিখিত মন্ত্র পাঠ করতঃ প্রণাম করিবে। যথা—

(বামে)—ওঁ গুরুভ্যোনমঃ ওঁ পরমগুরুভ্যো নমঃ, ওঁ পরাপর গুরুভ্যো নমঃ, ওঁ পরমেষ্ঠিগুরুভ্যো নমঃ; (দক্ষিণে) ওঁ গণেশায় নমঃ, (মধ্যে) ওঁ অমুকদেবতায়ৈ নমঃ।

ইহার পর মূল মন্ত্র দ্বারা প্রাণায়াম, ঋষ্যাদিন্যাস,* করন্যাস* এবং ষড়ঙ্গন্যাস* করিয়া মস্তকে দেবতার কুল্লুকা দশবার, অসমর্থ হইলে মূলমন্ত্র জপ করিয়া, দেবতার ধ্যান করতঃ অষ্টোত্তরশত কিম্বা সহস্রবার মূলমন্ত্র জপানন্তর উপরোক্ত গুহ্যাতি গুহ্যগোপ্ত্রীত্বমিত্যাদি মন্ত্রদ্বারা জল দিয়া প্রাণায়াম পূর্ব্বক দেবতা এবং গুরুর প্রণাম মন্ত্র দ্বারা প্রণাম করিবে।—

---

* ন্যাস প্রকরণে দ্রষ্টব্য।

পরিশিষ্ট

মুদ্রা প্রকরণ।

১। অঙ্কুশ মুদ্রা—

দক্ষিণ হস্তের মধ্যমাঙ্গুলি সিধা করিবে, তর্জ্জনী অঙ্গুলির মধ্য পর্ব্ব পর্য্যন্ত মধ্যমাতে সংযোগ করিয়া তাহার অগ্রভাগ কিঞ্চিৎ বাঁকা করিবে, ইহার নাম অঙ্কুশ মুদ্রা।

২। অবগুণ্ঠনমুদ্রা—

দক্ষিণ হস্ত মুঠা করিয়া তর্জ্জনী অঙ্গুলি সিধা এবং অধোমুখ করিয়া দক্ষিণাবর্ত্তে ঐ তর্জ্জনী অঙ্গুলিকে একবার ঘুরাইবে।

৩। অভয়মুদ্রা—

বাম হস্ত ঊর্দ্ধ করিয়া প্রসারিত করিতে হইবে। ইহাকে অভয়মুদ্রা কহে।

আবাহন্যাদি পঞ্চমুদ্রা, যথা—১ আবাহনী, ২ সন্নিধাপনী, ৩ সম্মুখীকরণী, ৪ সংবোধিনী, ৫ স্থাপনী।

৪। আবাহনীমুদ্রা—

দুই হস্ত চিত্তরূপে অঞ্জলি করিয়া অনামিকা অঙ্গুলির মূল পর্ব্বে অঙ্গুষ্ঠাঙ্গুলিদ্বয়ের শিরোভাগ মিলাইয়া আবাহন করিতে হইবে ইহার নাম আবাহনীমুদ্রা। ১।

৫। সন্নিধাপনীমুদ্রা—

দুইহস্ত মুঠা করিয়া পরস্পর সংলগ্ন করত বৃদ্ধাঙ্গুলিদ্বয় উন্নত করিবে। ইহাকে সন্নিধাপনী মুদ্রা কহে। ২।

৬। সম্মুখীকরণীমুদ্রা—

দুই হস্ত মুঠা করিয়া পরস্পর চিত্‌ভাবে সংলগ্ন করিবে। ইহার নাম সম্মুখীকরণীমুদ্রা। ৩।

৭। সংবোধিনীমুদ্রা—

দুই হস্ত মুঠা করিয়া বৃদ্ধাঙ্গুলিদ্বয় মুষ্টির মধ্যে প্রবেশ করাইবে। ইহার নাম সংবোধিনী মুদ্রা। ৪।

৮। স্থাপনীমুদ্রা—

আবাহনীমুদ্রা অধোমুখ করার নাম স্থাপনীমুদ্রা। ■।

৯। কূর্ম্মমুদ্রা।

বাম হস্তের বৃদ্ধ অঙ্গুলিতে দক্ষিণ হস্তের তর্জ্জনী এবং বাম হস্তের তর্জ্জনীতে দক্ষিণ হস্তের কনিষ্ঠা যোজনা করিবে এবং দক্ষিণ হস্তের বৃদ্ধাঙ্গুলী উন্নত করিবে এবং মধ্যমা ও অনামিকা বাম হস্তের বৃদ্ধ ও তর্জ্জনীর মধ্য দিয়া বাঁকা করিয়া দিবে এবং বাম হস্তের মধ্যমা ও অনামিকা এবং কনিষ্ঠা দক্ষিণ হস্তের পৃষ্ঠে অর্থাৎ ক্রোড়ে বাঁকা করিয়া রাখিবে এবং কূর্ম্ম পৃষ্ঠের ন্যায় দক্ষিণ হস্ত করিবে।

১০। গদামুদ্রা—

উভয় হস্ত মুখামুখি করিয়া অঙ্গুলি সকল গ্রথিত করিবে এবং উভয় হস্তের মধ্যমাদ্বয় সংলগ্ন করিয়া সিধা করিয়া উন্নত করিবে।

১১। মালিনীমুদ্রা—

দক্ষিণ হস্তের উপর বাম হস্ত রাখিয়া বাম হস্তের কনিষ্ঠা ও বৃদ্ধাঙ্গুলি দক্ষিণ হস্তের বৃদ্ধা ও কনিষ্ঠাতে যোগ করিয়া উভয় হস্তের তর্জ্জনী, মধ্যমা এবং অনামা পরস্পর সংমিলিত করিবে এবং উভয় হস্তের কনিষ্ঠা এবং বৃদ্ধাঙ্গুলিকে তর্জ্জনী মধ্যমা ও অনামা হইতে ব্যবধান রাখিবে।

১২। চক্রমুদ্রা—

উভয় হস্ত মুঠা করিয়া উভয় হস্তের বৃদ্ধ অঙ্গুলিদ্বয় হস্ত মধ্যে কনিষ্ঠা অঙ্গুলি-দ্বয়ের সহিত সংলগ্ন করিবে, হস্ত ভগ্ন হইবে না, ইহার নাম চক্রমুদ্রা।

১৩। ত্রিশূলমুদ্রা—

দক্ষিণ হস্তের অঙ্গুষ্ঠ ও কনিষ্ঠাতে যোগ করিবে এবং অপর অঙ্গুলিত্রয় ফাঁক করিয়া সিধা করিবে।

১৪। ধেনুমুদ্রা—

দক্ষিণ হস্তের তর্জ্জনী ও অনামিকা বাম হস্তের মধ্যমা ও কনিষ্ঠাতে এবং দক্ষিণ হস্তের মধ্যমা ও কনিষ্ঠা বাম হস্তের তর্জ্জনী ও অনামিকাতে সংযোগ করিতে হইবে, ইহার নাম ধেনুমুদ্রা।

১৫। নারাচমুদ্রা—

দক্ষিণ হস্তের বৃদ্ধাঙ্গুলির অগ্রভাগে তর্জ্জনী অঙ্গুলি মিলিত করিতে হইবে, মধ্যমা অনামিকা কনিষ্ঠা করতলস্থ ঊর্দ্ধ রেখার সহিত বাঁকা করিয়া রাখিতে হইবে, ইহার নাম নারাচমুদ্রা।

১৬। পদ্মমুদ্রা—

হস্তদ্বয় মুখামুখি করিয়া অঙ্গুলি সকল উন্নত করিয়া কিঞ্চিৎ সংকোচিত করিবে এবং উভয় হস্তের অঙ্গুষ্ঠদ্বয় তলে সংলগ্ন করিবে। ইহার নাম পদ্মমুদ্রা।

১৭। বরমুদ্রা—

দক্ষিণ হস্ত নিম্ন করিয়া প্রসারিত করিতে হইবে। ইঁহাকে বরমুদ্রা কহে।

১৮। মৎস্যমুদ্রা

দক্ষিণ হস্তের পৃষ্ঠদেশে বাম হস্তের তল ঠিক সমভাবে সংলগ্ন করিয়া উভয় হস্তের বৃদ্ধাঙ্গুলিদ্বয় বিলক্ষণ রূপে চালনা করিবে। তাহার নাম মৎস্যমুদ্রা।

১৯। মৃগমুদ্রা—

অনামিকা ও অঙ্গুষ্ঠ মিলিত করিয়া মধ্যমাতে সংযোগ করিবে এবং তর্জ্জনী ও কনিষ্ঠা সিধা করিয়া রাখিবে।

২০। যোনিমুদ্রা—

কনিষ্ঠা দ্বারা কনিষ্ঠা বদ্ধ করিবে এবং তর্জ্জনীদ্বয়ের দ্বারা অনামিকাদ্বয় বদ্ধ করিবে এবং অনামিকাদ্বয় উন্নত করিবে এবং অঙ্গুষ্ঠদ্বয়ের অগ্রভাগ মধ্যমার অগ্র পর্য্যন্ত সিধা করিয়া দিবে।

২১। লেলিহা মুদ্রা—

দক্ষিণ হস্তের তর্জ্জনী মধ্যমা ও অনামিকা অঙ্গুলি সমান করিয়া অধোমুখ করিবে এবং অনামিকার অগ্রভাগে বৃদ্ধাঙ্গুলি যোগ করিবে কনিষ্ঠা অঙ্গুলি সরল করিবে।

২২। শঙ্খমুদ্রা—

দক্ষিণ হস্তের দ্বারা বাম হস্তের অঙ্গুষ্ঠ মুঠা করিয়া ধরিবে এবং বাম হস্তের অপর চারিটী অঙ্গুলি দক্ষিণ মুষ্টির পৃষ্ঠ সংলগ্ন করিয়া উন্নত করিবে এবং দক্ষিণ হস্তের অঙ্গুষ্ঠ সিধা করিয়া বাম হস্তের ঐ সকল অঙ্গুলির অগ্রভাগে অগ্রভাগ যোজনা করিবে।

এতদ্ভিন্ন অন্যান্য মুদ্রা আছে যথা :—

প্রাণাদি পঞ্চমুদ্রা।—দক্ষিণ হস্ত চিত করিয়া, (প্রাণায় স্বাহাদি-পঞ্চমন্ত্রে) প্রাণ, অপান, সমান উদান, ব্যান, ক্রমশঃ এই পঞ্চমুদ্রা দেখাইয়া, দেবতার সম্মুখে পঞ্চবার আরত্রিকবৎ ঘুরাইবে, [নৈবেদ্যাদি দানে ইহার প্রযোজন]।

পঞ্চমুদ্রা যথা,—বৃদ্ধা অনামিকা ও কনিষ্ঠাগ্রযোগ। ১। তর্জ্জনী মধ্যমা ও অঙ্গুষ্ঠাগ্রযোগ। ২। অনামিকা, মধ্যমা ও অঙ্গুষ্ঠাগ্রযোগ। ৩। কনিষ্ঠা ভিন্ন অঙ্গুল্যগ্রচতুষ্টয় যোগ। ৪। পঞ্চাঙ্গুলির অগ্রভাগ একত্র যোগ করিবে। ৫।

ভূতিনী মুদ্রা।—করযোড় করিয়া, বাম করাঙ্গুলির ফাঁক চতুষ্টয়ে দক্ষিণ তর্জ্জন্যাদি অঙ্গুলিচতুষ্টয় প্রবেশ করাইবে, পরে, উভয় তর্জ্জনী খুলিয়া লইয়া, চিতভাগে বাঁকাইয়া, বাম অনামা পৃষ্ঠে দক্ষিণ তর্জ্জনী ও দক্ষিণ অনামা পৃষ্ঠে বাম তর্জ্জনী সংলগ্ন করাইবে, তাহা হইলে অবশিষ্ট দক্ষিণ করাঙ্গুলি সকলের পৃষ্ঠে স্বস্বজাতীয় বামকরাঙ্গুলি সকল যোগ হইবে, তখন সর্ব্বোপরি অঙ্গুষ্ঠদ্বয় অধোমুখে স্থাপন করিবে।

খড়্গমুদ্রা।—দক্ষিণ হস্তের মুষ্টি হইতে তর্জ্জনী ও মধ্যমা সরলভাবে রাখিবে এবং কনিষ্ঠা ও অনামিকার উপরে অঙ্গুষ্ঠকে বদ্ধ রাখিবে।

মুণ্ডমুদ্রা।—অঙ্গুষ্ঠাভ্যন্তরিত বামমুষ্টির অঙ্গুষ্ঠমূলের ফাঁকে দক্ষিণ হস্তের অঙ্গুষ্ঠ তর্জ্জনী ও মধ্যমার মিলিত অগ্রভাগত্রয় প্রবেশ করাইবে [তাহা হইলে ঝুলাইবার ন্যায় দেখাইবে]।

পরমীকরণমুদ্রা।—অধোমুখ অঞ্জলির ন্যায় বিস্তৃত হস্ত দ্বয়ের দক্ষিণ অঙ্গুষ্ঠের তল দ্বারা বাম অঙ্গুষ্ঠতলভাগকে (আকর্ষণ ভাবে) সংলগ্ন রাখিবে।

প্রার্থনা মুদ্রা।—বামকরতলের উপর দক্ষিণ হস্ত (বিপরীত ভাবে) চিত করিয়া রাখিয়া, বক্ষঃ সন্নিধানে স্থাপন করিবে। ১৫।

তত্ত্বমুদ্রা।—অধোমুখ-দক্ষিণকরের মধ্যমা ও অনামিকার অগ্রভাগে কেবল অঙ্গুষ্ঠ সংযোগ করিবে।

সংহারমুদ্রা।—বামকর অধোমুখে রাখিয়া, তাহার উপর দক্ষিণ কর পৃষ্ঠ স্থাপিত রাখিয়া বাম অঙ্গুষ্ঠ তর্জ্জনীর মধ্য ফাঁকে দক্ষিণ তর্জ্জনী প্রবেশ, ঐরূপ পর পর চারিটি ফাঁকে যথাক্রমে দক্ষিণ হস্তের চারিটি অঙ্গুলি প্রবেশ করাইয়া, উভয় করের স্ব স্ব জাতীয় অঙ্গুলি বাঁকাইয়া পরস্পরকে আঁকড়াইয়া ধরিয়া, (খুলিয়া না যায়) যোড়া দিয়া, বক্ষঃসন্নিহিত পথে (আস্তে আস্তে) অধো হইতে ঊর্দ্ধে মুখের নিকট আনিয়াই উভয় তর্জ্জন্যগ্র একত্র নিষ্ক্রান্ত করিবে, (এবং উহা দ্বারা পূজাধার হইতে একটী নির্ম্মাল্য লইয়া আঘ্রাণ করিবে)।

গোযোনি মুদ্রা।—দক্ষিণ করমুষ্টির কনিষ্ঠামূলের নিম্নে সঙ্কুচিত-স্থানকে গোযোনি মুদ্রা বলে।

অথ কতিপয় দেবতার গায়ত্রী।

[ব্রাহ্মণেরা সর্ব্বত্র মন্ত্রের আদিতে ওঁকার যোগ করিয়া পাঠ করিবেন]

কালী—কলিকায়ৈ বিদ্মহে শ্মশানবাসিন্যৈ ধীমহি তন্নোঽঘোরে প্রচোদয়াৎ। ১।

বিষ্ণু—ত্রৈলোক্যরক্ষণায় বিদ্মহে স্মরায় ধীমহি তন্নো বিষ্ণুঃ প্রচোদয়াৎ। ২।

গোপাল—কৃষ্ণায় বিদ্মহে দামোদরায় ধীমহি তন্নো বিষ্ণুঃ প্রচোদয়াৎ। ৩।

নারায়ণ—নারায়ণায় বিদ্মহে বাসুদেবায় ধীমহি তন্নো বিষ্ণুঃ প্রচোদয়াৎ। ৪।

শিব—তৎপুরুষায় বিদ্মহে মহাদেবায় ধীমহি তন্নো রুদ্র প্রচোদয়াৎ। ৫।

গণেশ—তৎপুরুষায় বিদ্মহে বক্রতুণ্ডায় ধীমহি তন্নো দন্তী প্রচোদয়াৎ। ৬।

সূর্য্য—আদিত্যায় বিদ্মহে মার্ত্তণ্ডায় ধীমহি তন্নঃ সূর্য্যঃ প্রচোদয়াৎ। ৭।

রামচন্দ্র—দাশরথায় বিদ্মহে সীতাবল্লভায় ধীমহি তন্নো রামঃ প্রচোদয়াৎ। ৮।

দুর্গা—মহাদেব্যৈ বিদ্মহে দুর্গায়ৈ ধীমহি তন্নো গৌরী প্রচোদয়াৎ। ৯।

অন্নপূর্ণা—ভগবত্যৈ বিদ্মহে মাহেশ্বর্য্যৈ ধীমহি তন্নোঽন্নপূর্ণে প্রচোদয়াৎ। ১০।

ভুবনেশ্বরী—নারায়ণ্যৈ বিদ্মহে ভুবনেশ্বর্য্যৈ ধীমহি তন্নো দেবী প্রচোদয়াৎ। ১১।

তারা—তারায়ৈ বিদ্মহে মহোগ্রায়ৈ ধীমহি তন্নো দেবী প্রচোদয়াৎ ১২।

কৃষ্ণ—কৃষ্ণায় বিদ্মহে গোপীজনবল্লভায় ধীমহি তন্নোবিষ্ণুঃ প্রচোদয়াৎ। ১৩।

যজ্ঞোপবীতগ্রন্থি দিবার মন্ত্র।

যিনি ব্রহ্মগ্রন্থি না জানেন, তিনি গায়ত্রী পাঠ করিয়া প্রবর সংখ্যায় গ্রন্থি দিয়া প্রবর পাঠ করিবেন। যথা—

(সাণ্ডিল্য গোত্রের) সাণ্ডিল্য আসিত দেবল প্রবরস্ত শ্রীঅমুক দেবশর্ম্মণঃ।

(কাশ্যপ গোত্রের) কাশ্যপ অপসার নৈয়ধ্রুব প্রবরস্ত শ্রীঅমুক দেবশর্ম্মণঃ।

(ভরদ্বাজ গোত্রের) ভরদ্বাজ আঙ্গিরস বার্হস্পত্য প্রবরস্ত শ্রীঅমুকদেবশর্ম্মণঃ।

(বাৎস্য এবং সাবর্ণ গোত্রের) ঔর্ব্ব চ্যবন ভার্গব জামদগ্ন্যাপ্লবৎ প্রবরস্ত শ্রীঅমুকদেবশর্ম্মণঃ।

গ্রন্থি পড়িবার সময় "বিষ্ণুরোঁ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা যজ্ঞোপবীতার্থ-যজ্ঞসূত্রে গ্রন্থিমহং করিষ্যে" বলিয়া গায়ত্রী পড়িবে। পরে "এতৎ যজ্ঞোপবীত সূত্রং ওঁ শ্রীকৃষ্ণায় অর্পণমস্তু" বলিয়া ভূমিতে রাখিয়া নারায়ণকে চিন্তা করিবে।

যজ্ঞোপবীত ধারণ করিবার মন্ত্র।

ওঁ যজ্ঞোপবীতমসি যজ্ঞস্য ত্বোপবীতেনোপনহ্যামি। ওঁ যজ্ঞোপবীতং পরমং পবিত্রং বৃহস্পতের্যৎ সহজং পুরস্তাৎ। আয়ুষ্যমগ্র্যং প্রতিমুঞ্চ শুভ্রং যজ্ঞোপবীতং বলমস্তু তেজঃ॥ প্রাতঃ সন্ধ্যার পর ৩ বা ৪ টী গ্রন্থি দিয়া যজ্ঞোপবীত ধারণের নিয়ম জানিবে।

গণ্ডুষ ও পঞ্চগ্রাসের মন্ত্র।

(ইহা কেবল ব্রাহ্মণেরই দ্রষ্টব্য)

গণ্ডুষ ও পঞ্চগ্রাসের পূর্ব্বে পাঁচভাগ অন্ন ভূমিতে রাখিয়া, নিম্নলিখিত মন্ত্র পাঠ করতঃ ক্রমান্বয়ে পঞ্চ দেবতাকে দিবে। যথা--

ওঁ নাগায় নমঃ, কুর্ম্মায় নমঃ, কৃকরায় নমঃ, দেবদত্তায় নমঃ, ধনঞ্জয়ায় নমঃ।

পরে এক গণ্ডুষ জল লইয়া "ওঁ অমৃতোপস্তরণমসি স্বাহা" এই মন্ত্র বলিয়া পান করিবে। তাহার পর পঞ্চগ্রাস করিবে। যথা—অঙ্গুষ্ঠ, তর্জ্জনী ও মধ্যমাঙ্গুলি দ্বারা অন্ন গ্রহণ করিয়া "ওঁ প্রাণায় স্বাহা"। অঙ্গুষ্ঠ মধ্যমা ও অনামিকাঙ্গুলি দ্বারা অন্ন গ্রহণ করিয়া "ওঁ অপানায় স্বাহা"। অঙ্গুষ্ঠ, অনামিকা এবং কনিষ্ঠাঙ্গুলি দ্বারা অন্ন গ্রহণ করিয়া "ওঁ ব্যানায় স্বাহা" তর্জ্জনী ব্যতীত চতুরঙ্গুলি দ্বারা অন্ন গ্রহণ করিয়া "ওঁ উদানায় স্বাহা" পঞ্চাঙ্গুলি দ্বারা অন্ন গ্রহণ করিয়া "ওঁ সমানায় স্বাহা"। এই বলিয়া ভোজন করিয়া ভুক্তাবশেষ ভূমিতে ফেলিবে। পরে ভোজন শেষ হইলে আচমনান্তে একগণ্ডুষ জল লইয়া "অমৃতাপিধানমসি স্বাহা" বলিয়া পান করিবে।

দ্বিতীয় খণ্ড—

পূজাবিধিঃ ।

পূজাবিধিঃ

সর্ব্ব দেবদেবীর

পূজাপদ্ধতি

স্নান, ধ্যান, প্রণাম ইত্যাদি।

পঞ্চাঙ্গশুদ্ধি

পরিশিষ্ট—

পূজাবিধিঃ।

পূজা দুই প্রকার ১ম নিত্যপূজা, ২য় নৈমিত্তিক পূজা।

কোন কামনা না করিয়া কর্ত্তব্যত্ববোধে প্রতিদিন যে পূজা করা হয় তাহাকে নিত্যপূজা বলে; যথা,—শিব পূজা, শালগ্রাম পূজা ইত্যাদি। কোন কামনা করিয়া নিমিত্তার্থে যথাদিনে যে পূজা করা হয়, তাহার নাম নৈমিত্তিক পূজা। যেমন—দুর্গাপূজা, কালী-পূজা, রাস ইত্যাদি।

পূজানুষ্ঠানের পূর্ব্বে পঞ্চাঙ্গ শুদ্ধি হইয়া দেব দেবীর অর্চ্চনা করিতে হয়। পঞ্চাঙ্গ কি?—স্থান, আত্মা, দ্রব্য, দেব ও মন্ত্র এই পঞ্চবিধ শুদ্ধিকে পঞ্চাঙ্গ শুদ্ধি বলে।

(১) স্থান শুদ্ধি—সম্মার্জ্জন ও গোময় প্রভৃতি দ্বারা ভূমি শোধন, আসন শোধন, ইত্যাদি।

(২) আত্মশুদ্ধি—ভূতশুদ্ধি, প্রাণায়াম, করন্যাস, অঙ্গন্যাসাদি।

(৩) দ্রব্যশুদ্ধি—পূজাদ্রব্য যথা;—পাদ্য, অর্ঘ্য, আচমনীয়, গন্ধ, পুষ্প, ধূপ, দীপ, নৈবেদ্য ইত্যাদি।

(৪) দেবশুদ্ধি—দেবতার প্রাণ প্রতিষ্ঠা চক্ষুর্দ্দান ও সকলীকরণ। (দেবতার অঙ্গে ষড়ঙ্গন্যাসের নাম সকলী-করণ।)

(৫) মন্ত্রশুদ্ধি—দেবতার মূলমন্ত্র মাতৃকাবর্ণ পুটিত করণ অর্থাৎ মূর্ত্তিকে কল্পনা পূর্ব্বক মূলমন্ত্রে আবাহন।

নিত্যপূজায় উপরোক্ত ৩টীর প্রয়োজন, নৈমিত্তিক পূজায় এই ৫টীরই প্রয়োজন।

[যাঁহাদের গৃহে বাণলিঙ্গ বা শালগ্রামশিলা আছেন, তাঁহারা সময়াভাবে সত্বর পূজা সমাধা করিবার জন্ত কেবল মাত্র জল শুদ্ধি আসন শুদ্ধি, ও পুষ্প শুদ্ধি করিয়া দেবতার স্নান, ধ্যান, নৈবেদ্য ও পানীয় উৎসর্গ করিয়া প্রণাম পূর্ব্বক পূজা সমাপন করিয়া থাকেন। তাঁহারা প্রাণায়াম, করন্যাস প্রভৃতি সময় সাপেক্ষ কার্য্য করিবারও সময় পান না। কিন্তু সমর্থ হইলে পূর্ব্বোক্ত সকল শুদ্ধি গুলি করাই পূজার পক্ষে প্রশস্ত। একান্ত অসমর্থ হইলে গায়ত্রী পাঠ করিয়া পূজা সমাপন করিলে কোনও দোষ হয় না।]

আচমন।

আচমনের মন্ত্র ৩য় পৃষ্ঠায় দ্রষ্টব্য।

সামান্যার্ঘ্য।

ভূমিতে ত্রিকোণ মণ্ডল করিয়া তাহার উপর "ওঁ আধারশক্তয়ে নমঃ, ওঁ কূর্ম্মায় নমঃ, ওঁ অনন্তায় নমঃ, ওঁ পৃথিব্যৈ নমঃ" বলিয়া গন্ধ পুষ্প দিয়া, "ওঁ অস্ত্রায় ফট্" এই মন্ত্রে কোশা ধুইয়া ঐ ত্রিকোণ মণ্ডলের উপর রাখিয়া, "নমঃ" বলিয়া উহা জলপূর্ণ করিবে এবং উহার অগ্রভাগে অর্ঘ্য সাজাইয়া রাখিবে।

জলশুদ্ধিঃ।

অঙ্কুশমুদ্রা দ্বারা (নখ স্পর্শ যেন না হয়) কোশার জল স্পর্শ করিয়া এই মন্ত্র পাঠ করিবে—

"ওঁ গঙ্গে চ যমুনে চৈব গোদাবরি সরস্বতি
নর্ম্মদে সিন্ধু কাবেরি জলেঽস্মিন্ সন্নিধিং কুরু॥"

তৎপরে ওঁ বলিয়া ঐ জলে গন্ধ পুষ্প ও তুলসী দিয়া "বং" বলিয়া ধেনুমুদ্রা দেখাইবে, এবং মৎস্য মুদ্রা করিয়া ঐ জলের উপরেই ওঁ এই মন্ত্র দশবার জপ করিবে। তৎপরে ঐ জল তবার ভূমিতে ছিটাইয়া নিজ মস্তকে ও পুজার দ্রব্যে ছিটাইয়া দিবে।

আসনশুদ্ধিঃ।

"ওঁ হ্রীং আধারশক্তিকমলাসনায় নমঃ" এই মন্ত্রে আসনে পুষ্প দিয়া উহা ধরিয়া এই মন্ত্র পাঠ করিবে—

"আসনমন্ত্রস্য মেরুপৃষ্ঠ ঋষিঃ সুতলং ছন্দঃ কূর্ম্মো দেবতা আসনোপবেশনে বিনিয়োগঃ।

ওঁ পৃথ্বি ত্বয়া ধৃতা লোকা দেবি ত্বং বিষ্ণুনা ধৃতা।
ত্বঞ্চ ধারয় মাং নিত্যং পবিত্রং কুরু চাসনম্॥"

তৎপরে করজোড় করিয়া নিম্নলিখিত মন্ত্রে মস্তকের যথাস্থান স্পর্শ করিবে।

(বামে) ওঁ গুরুভ্যো নমঃ। (দক্ষিণে) ওঁ গণেশায় নমঃ। (ঊর্দ্ধে) ওঁ ব্রহ্মণে নমঃ। (অধঃ) ওঁ অনন্তায় নমঃ। (সম্মুখে) ওঁ অমুক-দেবতায়ৈ নমঃ।

পুষ্পশুদ্ধিঃ।

পুষ্প ধরিয়া, "ওঁ পুষ্পে পুষ্পে মহাপুষ্পে সুপুষ্পে পুষ্পসম্ভবে, পুষ্পচয়াবকীর্ণে চ হুং ফট্ স্বাহা।" একটী পুষ্প লইয়া "ঐং রং অস্ত্রায় ফট্" বলিয়া দুই করে পেষণ করিয়া বামদিকে নিক্ষেপ করিবে। পুষ্পে জলের ছিটা দিয়া দেখিবে।

ঘণ্টাশুদ্ধিঃ ।

ওঁ জয়ধ্বনি মন্ত্র মাতঃ স্বাহা এই মন্ত্রে ৩বার জল দিবে।

ভূতাপসারণ ।

দক্ষিণ হস্তে কতকগুলি তণ্ডুল নারাচ মুদ্রা দ্বারা গ্রহণ করিয়া নিম্নলিখিত মন্ত্র পাঠপূর্ব্বক গৃহের চতুর্দ্দিকে ছড়াইবে। মন্ত্র যথা—

ওঁ অপসর্পন্তু তে ভূতা যে ভূতা ভুবি সংস্থিতাঃ।
যে ভূতা বিঘ্নকর্ত্তারস্তে নশ্যন্তু শিবাজ্ঞয়া ॥

তৎপরে ভূমিতে ৩ বার বাম পদাঘাত করিয়া, মস্তকের উপর তিনবার "ফট্" মন্ত্রে করতালি দিয়া, তুড়ি দ্বারা দশদিক্ বন্ধন করিবে।

সংক্ষেপভূতশুদ্ধিঃ ॥

পঞ্চ ভূতাত্মক দেহকে পরিশুদ্ধ করার নাম ভূতশুদ্ধি। ভূতশুদ্ধির সময়ে দুইটী নাসিকা টিপিয়া এই মন্ত্র পড়িতে হয়। মন্ত্র যথা—

ওঁ ভূত শৃঙ্গাটাচ্ছিরঃ সুষুম্নাপথেন জীবশিবং পরম শিবপদে যোজয়ামি স্বাহা। ওঁ যং লিঙ্গ শরীরং শোষয় শোষয় স্বাহা। ওঁ রং সঙ্কোচ-শরীরং দহ দহ স্বাহা। ওঁ পরম শিব সুষুম্না পথেন মূল শৃঙ্গাট-মুল্লসোল্লস জল জল প্রজ্বল প্রজ্বল সোঽহং হং সঃ স্বাহা।

প্রাণায়াম।

দেবমূর্ত্তি হৃদয়ে ধ্যান করিতে-করিতে, দক্ষিণ হস্তের অঙ্গুষ্ঠ দ্বারা দক্ষিণ নাসা টিপিয়া পূরক অর্থাৎ বায়ু আকর্ষণ করতঃ সেই সেই দেবতার বীজ মন্ত্র বাম হস্তে ৪ বার জপ করিবে।

তৎপরে অনামিকা ও কনিষ্ঠা দ্বারা বাম নাসাও টিপিয়া কুম্ভক অর্থাৎ শ্বাস রোধ করিয়া ঐ বীজ মন্ত্র ১৬ বার জপ করিবে। তৎপরে দক্ষিণ নাসিকা ছাড়িয়া দিয়া রেচক অর্থাৎ অল্পে অল্পে বায়ু নিঃসারণ করিতে করিতে ঐ বীজ মন্ত্র ৮ বার জপ করিবে।

আবার ঐরূপ অবস্থাতেই বিপরীত ক্রমে অর্থাৎ বাম নাসিকা টিপিয়া পূরক, উভয় নাসিকা টিপিয়া কুম্ভক এবং বাম নাসিকা ছাড়িয়া দিয়া রেচক করিতে করিতে উক্তরূপে ৪, ১৬, ও ৮ বার বীজ মন্ত্র জপ করিবে।

পুনশ্চ প্রথম বারের ন্যায় পূরক কুম্ভক ও রেচক করিতে করিতে ৪, ১৬, ও ৮ বার বীজ মন্ত্র জপ করিবে।

করন্যাস।

আং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ (উভয় তর্জ্জনী দ্বারা উভয় অঙ্গুষ্ঠ স্পর্শ করিবে)। ঈং তর্জ্জনীভ্যাং স্বাহা (উভয় অঙ্গুষ্ঠ দ্বারা উভয় তর্জ্জনী স্পর্শ করিবে) ঐরূপ ঊং মধ্যমাভ্যাং বষট্। ঐং অনামিকাভ্যাং হুং। ঔং কনিষ্ঠাভ্যাং বৌষট্। অঃ করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্। দক্ষিণ করের পৃষ্ঠ দ্বারা বাম করের পৃষ্ঠ স্পর্শ করিয়া, দক্ষিণ করতল দ্বারা বাম করতলে আঘাত করিবে)।

অঙ্গন্যাস।

আং হৃদয়ায় নমঃ (দক্ষিণ হস্তের তর্জ্জনী মধ্যমা ও অনামিকার অগ্রভাগ দ্বারা হৃদয় স্পর্শ করিবে)। ঈং শিরসে স্বাহা (ঐরূপে মস্তক স্পর্শ করিবে) ঊং শিখায়ৈ বষট্। (শিখা স্পর্শ

করিবে) ঐং কবচায় হুং (বাম হস্তের অঙ্গুলিত্রয় দ্বারা দক্ষিণ বাহু এবং দক্ষিণ হস্তের অঙ্গুলিত্রয় দ্বারা বাম বাহু স্পর্শ করিবে।) ওঁ নেত্রাভ্যাং বৌষট্ (দক্ষিণ হস্তের অঙ্গুলিত্রয় দ্বারা দক্ষিণ চক্ষের পাতা এবং বাম হস্তের অঙ্গুলিত্রয় দ্বারা বাম চক্ষের পাতা স্পর্শ করিবে)। অঃ করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্ (তর্জ্জনী ও মধ্যমা দ্বারা বাম করতলে বেষ্টন পূর্ব্বক ঐ করতলে আঘাত করিবে।)

গন্ধাদির অর্চ্চনা।

"বং, এতেভ্যো গন্ধাদিভ্যো নমঃ" (বলিয়া ৩ বার জল প্রোক্ষণ করিবে)। "এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ বিষ্ণবে নমঃ। এতৎ সম্প্রদানেভ্যো নারায়ণাদিভ্যো নমঃ। এতে গন্ধপুষ্পে এতেভ্যো গন্ধাদিভ্যো নমঃ।"

নারায়ণাদির অর্চ্চনা।

এতে গন্ধপুষ্পে ওঁ নারায়ণায় নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ গুরবে নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ আদিত্যাদি নবগ্রহেভ্যো নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ ব্রাহ্মণেভ্যো নমঃ।

নৈবেদ্য অর্চ্চনা।

বং, এতেভ্যো সোপকরণামান্ন-নৈবেদ্যেভ্যো নমঃ (৩ বার মন্ত্র বলিয়া ৩ বার জল প্রক্ষেপ করিবে)। এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ বিষ্ণবে নমঃ। এতৎ সম্প্রদান-পূজনীয়দেবতাভ্যো নমঃ। এতে গন্ধপুষ্পে এতেভ্যঃ সোপকরণামান্ননৈবেদ্যেভ্যো নমঃ।

পূজা সম্বন্ধে দুই একটী কথা।

পূজার পূর্ব্বে স্নান করিয়া শুদ্ধচিত্তে বিশুদ্ধ আসনে উপবেশন করিবে। পরে আচমন করিয়া সামান্যার্ঘ্য, জলশুদ্ধি, পুষ্পশুদ্ধি, আসনশুদ্ধি, প্রাণায়াম, করন্যাস, অঙ্গন্যাস, গন্ধাদির অর্চ্চনা, নারায়ণাদির অর্চ্চনা ও নৈবেদ্যের অর্চ্চনা করিয়া পূজারম্ভ করিবে। ঐ সমস্ত মন্ত্র পূর্ব্ব পূর্ব্ব পৃষ্ঠায় দ্রষ্টব্য।

তৎপরে (গণেশ, সূর্য্য, বিষ্ণু, শিব, দুর্গা,) এই পঞ্চ দেবতার পূজা করিতে হয়। অসমর্থ পক্ষে কেবল গণেশ ও সূর্য্যদেবের পূজা করিবে। গণেশ ও সূর্য্য পূজার পর—এতে গন্ধপুষ্পে ওঁ শিবাদি পঞ্চদেবতাভ্যো নমঃ, তৎপরে গন্ধ পুষ্প দ্বারা,—ওঁ আদিত্যাদি নবগ্রহেভ্যো নমঃ, ওঁ ইন্দ্রাদি দশদিক্ পালেভ্যো নমঃ, ওঁ সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ, ওঁ সর্ব্বাভ্যো দেবীভ্যো নমঃ, ওঁ গুরবে নমঃ তৎপরে সেই উপাস্য দেবতার পূজা করিতে হইবে।

পূজার সাধারণ নিয়ম—প্রথমে ধ্যান তৎপরে পাদ্যাদি উপচার দ্বারা পূজা করিতে হয়। পাদ্যাদি যথা—

১।	ওঁ	এতৎ পাদ্যং	অমুক	দেবতায়ৈ	নমঃ
২।	,,	ইদমর্ঘ্যং	,,	ঐ	,,
৩।	,,	ইদমাচমনীয়োদকং	,,	ঐ	,,
৪।	,,	ইদং স্নানীয়োদকং	,,	ঐ	,,
৫।	,,	এষঃ গন্ধঃ	,,	ঐ	,,
৬।	,,	এতৎ সচন্দন পুষ্পং	,,	ঐ	,,
৭।	,,	এতৎ সচন্দন পত্রং (বিল্ব বা তুলসী পত্র)			,,

† ৮।	,,	এষঃ ধূপঃ	অমুক দেবতায়ৈ	নমঃ
৯।	,,	এষঃ দীপঃ	,, ঐ	,,
১০।	,,	এতৎ সোপকরণ আমান্ন নৈবেদ্যং	ঐ	,,
		(ইদং পানার্থোদকং	,, ঐ	,,
		ইদং পুনরাচমনীয়োদকং	,, ঐ	,,
		এতৎ তাম্বূলং	,, ঐ	,,

* এই দশোপচারে অথবা পঞ্চোপচারে পূজা করিয়া প্রণাম ও গুহ্যাতি মন্ত্রে পূজা সমাধা করিবে।

নিত্যপূজায় সাধারণতঃ উপরোক্ত প্রকরণই ব্যবহৃত হয়। নৈমিত্তিক পূজায়—সংকল্প, বরণ, ঘটস্থাপন, মূর্ত্তিকল্পনা, আবাহন, চক্ষুর্দ্দান, প্রাণপ্রতিষ্ঠা, আরত্রিক, বলিদান, হোম, প্রদক্ষিণ ইত্যাদি নানা প্রকরণে পূজা করিতে হয়।

কিরূপ ভাবে পূজা করিতে হয় উদাহরণ স্বরূপ পরপৃষ্ঠায় শিব-পূজাবিধি দেওয়া হইল। ঐরূপ প্রকরণে অন্যান্য দেবদেবীর পূজা করিবে। তাঁহাদের ধ্যান ও প্রণাম মন্ত্র প্রদত্ত হইল। ধ্যানের পর দশোপচার বা পঞ্চোপচারে পূজা করিয়া প্রণাম ও গুহ্যাতি মন্ত্রে পূজা সমাপ্ত করিবে।

---

† ধূপ জ্বালিয়া, নিবাইয়া, ধূম দিতে হয়। ধূপ দীপ ভূমিতে রাখিবে না; কোনও পাত্রে বা কলে রাখিবে।

* পঞ্চোপচার,—গন্ধ, পুষ্প, ধূপ, দীপ, নৈবেদ্য।

দশোপচার,—পাদ্য, অর্ঘ্য, আচমনীয়, স্নানজল, গন্ধ, পুষ্প, ধূপ, দীপ, নৈবেদ্য, আচমনীয়।

ষোড়শোপচার।—আসন, স্বাগত, পাদ্য, অর্ঘ্য, আচমনীয়, মধুপর্ক, আচমনীয়, স্নানজল, বস্ত্র, আভরণ, গন্ধ, পুষ্প, ধূপ, দীপ, নৈবেদ্য, প্রণাম। (দেবীপক্ষে)—আসন, স্বাগত, পাদ্য, অর্ঘ্য, আচমনীয়, মধুপর্ক, স্নানজল, বস্ত্র, আভরণ, গন্ধ, পুষ্প, ধূপ, দীপ, নেত্রাঞ্জন, নৈবেদ্য, আচমনীয়।

মৃত্তিকা নির্ম্মিত শিবপূজা বিধিঃ।

অঙ্গুষ্ঠ-পরিমিত শিবলিঙ্গ মৃত্তিকা দ্বারা নির্ম্মাণ করিয়া তাহার মস্তকে একটী বজ্র (ক্ষুদ্র গোলাকৃতি মৃত্তিকা) দিয়া, পিনাকটি উত্তর দিকে রাখিয়া বিল্বপত্রের সোজা পৃষ্ঠের উপর বসাইয়া, নিজেও উত্তরমুখ হইয়া বসিয়া শিবপূজা করিবে।

(শিবপূজা-কালে ভস্ম বা মৃত্তিকা দ্বারা কপালে ত্রিপুণ্ড্র, (অৰ্দ্ধ-চন্দ্রাকৃতি এবং রুদ্রাক্ষমালা-ধারণ করা প্রশস্ত)।

আচমন হইতে নারায়ণাদির অর্চ্চনা পর্য্যন্ত করিয়া পঞ্চোপ-চারে (পঞ্চদেবতা অথবা কেবল) সূর্য্য ও গণেশের পূজা জলে করিবে। যথা—

"এষ গন্ধঃ শ্রীসূর্য্যায় নমঃ। এতৎ পুষ্পং শ্রীসূর্য্যায় নমঃ এষ ধূপঃ শ্রীসূর্য্যায় নমঃ। এষ দীপঃ শ্রীসূর্য্যায় নমঃ। এতৎ নৈবেদ্যং শ্রীসূর্য্যায় নমঃ *। পরে অর্ঘ্য লইয়া,—

(এহি সূর্য্য সহস্রাংশো তেজোরাশে জগৎপতে।
অনুকম্পয় মাং ভক্তং গৃহাণার্ঘ্যং দিবাকর ॥ ১)

"ইদমর্ঘ্যং শ্রীসূর্য্যায় নমঃ।"

(স্ত্রী ও শূদ্রে "এষঃ অর্ঘ্যঃ......") বলিয়া দিবে।

পরে, "এষ গন্ধঃ গণেশায় নমঃ" ইত্যাদি প্রকারে গণেশকেও পঞ্চোপচারে পূজা করিবে। তৎপরে—

"হরায় নমঃ"—বলিয়া শিবের মস্তকে একটু জল দিয়া বজ্রটি নামাইয়া পিনাকের উপর রাখিবে। পরে "মহেশ্বরায় নমঃ"—বলিয়া মস্তকটি একটু টিপিয়া গঠন করিবে।

"শূলপাণে ইহ সুপ্রতিষ্ঠিতো ভব" বলিয়া উহার উপর আতপ তণ্ডুল দিয়া প্রতিষ্ঠা করিবে।

শিবের ধ্যান।

কূর্ম্মমুদ্রা দ্বারা বিল্বপত্র লইয়া—

ধ্যায়েন্নিত্যং মহেশং রজতগিরিনিভং চারুচন্দ্রাবতংসং
রত্নাকল্পোজ্জ্বলাঙ্গং পরশুমৃগবরাভীতি-হস্তং প্রসন্নং।
পদ্মাসীনং সমন্তাৎ স্তুতমমরগণৈর্ব্যাঘ্রকৃত্তিং বসানং
বিশ্বাদ্যং বিশ্ববীজং নিখিলভয়হরং পঞ্চবক্ত্রং ত্রিনেত্রং॥২

এই ধ্যান করিয়া নিজ মস্তকে ঐ বিল্বপত্র রাখিয়া মানসপূজা করিবে।

তৎপরে পুনর্ব্বার কূর্ম্মমুদ্রায় পুষ্প লইয়া ধ্যান করিয়া, হৃদয়স্থ দেবতা পুষ্পমধ্যে আবির্ভূত হইয়া মৃণ্ময় লিঙ্গে অবস্থিত হইলেন এইরূপ চিন্তা করিয়া শিবের মস্তকে ঐ পুষ্প দিয়া—

"পিনাকধৃক্ ইহাগচ্ছ ইহাগচ্ছ। ১। ইহ তিষ্ঠ ইহ তিষ্ঠ। ২। ইহ সন্নিধেহি। ৩। ইহ সন্নিরুধ্যস্ব। ৪। অত্রাধিষ্ঠানং কুরু, । ৫। মম পূজাং গৃহাণ। এই পাঁচ মন্ত্রে আবাহন্যাদি পঞ্চমুদ্রা প্রদর্শন করিয়া আবাহন করিবে। পরে স্থাং স্থীং স্থিরোভব যাবৎ পূজাং করোম্যহং বলিয়া করযোড় করিবে। তৎপরে "ইদং স্নানীয়োদকং পশুপতয়ে নমঃ।" বলিয়া মস্তকে জল দিয়া স্নান করাইবে।

তৎপরে পূজা।

এতৎ পাদ্যং নমঃ শিবায় নমঃ। ইদমর্ঘ্যং নমঃ শিবায় নমঃ। ইদমাচমনীয়ং নমঃ শিবায় নমঃ। ইদং স্নানীয়োদকং নমঃ শিবায়

নমঃ। এষ গন্ধঃ নমঃ শিবায় নমঃ। এতৎ পুষ্পং নমঃ শিবায় নমঃ। এতৎ সচন্দনবিল্বপত্রং নমঃ শিবায় নমঃ (বিল্বপত্র অধোমুখ অর্থাৎ উপুড় করিয়া দিবে)। এষ ধূপঃ নমঃ শিবায় নমঃ। এষ দীপঃ নমঃ শিবায় নমঃ। এতৎ নৈবেদ্যং নমঃ শিবায় নমঃ। ইদং পানার্থোদকং নমঃ শিবায়। ইদমাচমনীয়োদকং নমঃ শিবায় নমঃ। (তাম্বূল অভাবে জল দিবে। প্রত্যেক দ্রব্যের অভাবে জল দিলেও চলে)

অষ্টমূর্ত্তি পূজা।

শিবের পূর্ব্বদিক্ হইতে আরম্ভ করিয়া অগ্নি-কোণ পর্য্যন্ত আট দিকে আট মূর্ত্তির (বিল্বপত্র দ্বারা) পূজা করিবে। যথা—

সর্ব্বায় ক্ষিতিমূর্ত্তয়ে নমঃ। ভবায় জলমূর্ত্তয়ে নমঃ। রুদ্রায় অগ্নিমূর্ত্তয়ে নমঃ। উগ্রায় বায়ুমূর্ত্তয়ে নমঃ। ভীমায় আকাশমূর্ত্তয়ে নমঃ। পশুপতয়ে যজমানমূর্ত্তয়ে নমঃ। মহাদেবায় সোমমূর্ত্তয়ে নমঃ। ঈশানায় সূর্য্যমূর্ত্তয়ে নমঃ॥ ৪

তৎপরে "নমঃ শিবায়" এই মন্ত্র ১০ বার জপ করিয়া—

"গুহ্যাতিগুহ্যগোপ্তা ত্বং গৃহাণাস্মৎকৃতং জপং।
সিদ্ধির্ভবতু মে দেব ত্বৎপ্রসাদান্মহেশ্বর॥"

এই মন্ত্রে কোশাস্থিত সামান্যার্ঘ্য বা জলগণ্ডূষ দেবতার দক্ষিণ হস্তে (মনে মনে) অর্পণ করিয়া জপ সমাপন করিবে।

পরে অঙ্গুষ্ঠ ও তর্জ্জনী দ্বারা "বম্ বম্" শব্দে দক্ষিণ গাল বাদ্য করিবে। তৎপরে "এষঃ পুষ্পাঞ্জলিঃ নমঃ শিবায় নমঃ" এই মন্ত্রে ৩ বার পুষ্পাঞ্জলি দিবে।

প্রণাম মন্ত্র।

নমস্তভ্যং বিরূপাক্ষ! নমস্তে দিব্যচক্ষুষে।
নমঃ পিনাকহস্তায় বজ্রহস্তায় বৈ নমঃ। ১।
নমস্ত্রিশূলহস্তায় দণ্ড-পাশাসি-পাণয়ে,।
নমস্ত্রৈলোক্যনাথায় ভূতানাং পতয়ে নমঃ। ২।
বাণেশ্বরায় নরকার্ণব-তারণায়,
জ্ঞানপ্রদায় করুণাময়-সাগরায়।
কর্পূর কুন্দ ধবলেন্দু জটাধরায়,
দারিদ্র্যদুঃখদহনায় নমঃ শিবায়। ৩।
নমঃ শিবায় শান্তায় কারণত্রয়হেতবে।
নিবেদয়ামি চাত্মানং ত্বং গতিঃ পরমেশ্বর ॥ ৫ ॥
নমস্তে ত্বাং মহাদেব লোকানাং গুরুমীশ্বরং।
পুংসামপূর্ণকামানাং কামপূরাঙ্ঘ্রিপং তথা ॥ ৬ ॥

ক্ষমাপ্রার্থনা।

আবাহনং ন জানামি নৈব জানামি পূজনং।
বিসর্জ্জনং ন জানামি ক্ষমস্ব পরমেশ্বর ॥

বিসর্জ্জন।

সংহার মুদ্রা দ্বারা একটী নির্ম্মাল্য লইয়া আঘ্রাণপূর্ব্বক ফেলিয়া দিয়া 'মহাদেব ক্ষমস্ব' বলিয়া শিবের মাথায় জল দিয়া কাইত করিয়া ফেলিবে।

শিবরাত্রিব্রতে বিশেষ।

প্রথম প্রহরে দুগ্ধ দ্বারা স্নান করাইবে। মন্ত্র—হৌঁ ঈশানায় নমঃ। পরে পূর্ব্বোক্ত মন্ত্রে জল দ্বারা স্নান করাইবে।

অর্ঘ্যমন্ত্র—শিবরাত্রিব্রতং দেব পূজাজপপরায়ণঃ।

করোমি বিধিবদ্দত্তং গৃহাণার্ঘ্যং মহেশ্বর ॥ ৭

দ্বিতীয় প্রহরে দধিদ্বারা স্নান করাইবে। মন্ত্র—হৌঁ অঘোরায় নমঃ। অর্ঘ্যমন্ত্র—

নমঃ শিবায় শান্তায় সর্ব্বপাপহরায় চ।

শিবরাত্রৌ দদাম্যর্ঘ্যং প্রসীদ উময়া সহ ॥ ৮

তৃতীয় প্রহরে ঘৃত দ্বারা স্নান করাইবে। মন্ত্র—হৌঁ বামদেবায় নমঃ। অর্ঘ্যমন্ত্র—

দুঃখ-দারিদ্র্য-শোকেন দগ্ধোঽহং পার্ব্বতীশ্বর।

শিবরাত্রৌ দদাম্যর্ঘ্য-মুমাকান্ত প্রসীদ মে ॥ ৯

চতুর্থ প্রহরে মধু দ্বারা স্নান করাইবে। মন্ত্র—হৌঁ সদ্যোজাতায় নমঃ। অর্ঘ্যমন্ত্র—

ময়া কৃতান্যনেকানি পাপানি হর শঙ্কর।

শিবরাত্রৌ দদাম্যর্ঘ্য-মুমকান্ত গৃহাণ মে॥ ১০

এই সকল মন্ত্রে অর্ঘ্য দিয়া পরে পাদ্যাদি দ্বারা পূজা করিবে। পরদিন পারণা করিবার পূর্ব্বে গণ্ডূষের মন্ত্র—

সংসারক্লেশদগ্ধস্য ব্রতেনানেন শঙ্কর।

প্রসীদ সুমুখো নাথ জ্ঞানদৃষ্টিপ্রদো ভব ॥ ১১ ॥

পারণার দিন দিবানিদ্রা নিষিদ্ধ।

বাণলিঙ্গপূজা।

অনেকের গৃহেই বাণলিঙ্গ শিলা আছেন। ইহাঁর পূজা শিবপূজার মত সমস্তই, কেবল ধ্যান প্রভেদ মাত্র। শিবের ধ্যানেও ইহাঁর পূজা করা যায়, কিন্তু ইহাঁর ধ্যানের স্বতন্ত্র মন্ত্র আছে। প্রণামমন্ত্র এক। প্রস্তর নির্ম্মিত শিব ও বাণলিঙ্গ ইহাঁদের প্রতিষ্ঠা ও আবাহনের প্রয়োজন নাই।

পূজাবিধিঃ।—প্রথমে আচমন হইতে নৈবেদ্যাদি অর্চ্চনা পর্য্যন্ত করিয়া গণেশ ও সূর্য্যের পূজা করিয়া "নমঃ বাণেশ্বরশিবায় নমঃ" বলিয়া পূজারম্ভ করিবে।

অনন্তর নিম্নলিখিত মন্ত্রে বাণেশ্বরকে স্নান করাইতে হইবে। ওঁ ত্র্যম্বকং যজামহে সুগন্ধিং পুষ্টিবর্দ্ধনং। উর্ব্বারুকমিব বন্ধনান্মৃত্যোর্মুক্ষীয়মামৃতাৎ ॥ ১ ॥ —বাণলিঙ্গের ধ্যান।—

প্রশান্তং শক্তিসংযুক্তং বাণাখ্যঞ্চ মহাপ্রভং।
কামবাণান্বিতং দেবং সংসারদহনক্ষমং।
শৃঙ্গারাদিরসোল্লাসং বাণাখ্যং পরমেশ্বরং ॥

গায়ত্রী—তৎপুরুষায় বিদ্মহে মহাদেবায় ধীমহি তন্নোরুদ্রঃ প্রচোদয়াৎ।

শিবপূজায় নিষিদ্ধ পুষ্পাদি।

মল্লিকা, মালতী, জাতি, শেফালিকা, জবা, বকুল ও কাটটগর পুষ্পে শিবপূজা হয় না এবং বিল্বপত্রের বৃন্তমূল ত্যাগ করিয়া ও দূর্ব্বার গর্ভ (কোঁক) ত্যাগ করিয়া শিবকে দিতে হয়। শিবের পূজায় অর্ঘ্যদানে পাণিশঙ্খের ব্যবহার নিষিদ্ধ।

শালগ্রাম শিলায় বিষ্ণু পূজা। *

(ইহা কেবল ব্রাহ্মণেরই কর্ত্তব্য, স্ত্রী বা শূদ্রের এই পূজা করিতে নাই)

প্রথমতঃ পবিত্র চিত্তে আচমন করিয়া শিখা বন্ধন এবং মৃত্তিকা অথবা জলের দ্বারা তিলক করিয়া নারায়ণ সমীপে কুশাসনে বসিয়া জানুমধ্যে হস্ত রাখিয়া কৃতাঞ্জলি পুটে নিম্নলিখিত মন্ত্র পাঠ করিবে।

"অপবিত্রঃ পবিত্রো বা সর্ব্বাবস্থাং গতোঽপি বা, যঃ স্মরেৎ পুণ্ডরীকাক্ষং সবাহ্যাভ্যন্তরঃ শুচিঃ। ওঁ সর্ব্বমঙ্গল মঙ্গল্যং বরেণ্যং বরদং শুভং, নারায়ণং নমস্কৃত্য সর্ব্ব কর্ম্মাণি কারয়েৎ।"

তৎপরে ৫৮ পৃঃ আচমন হইতে যথাক্রমে জলশুদ্ধি, আসন শুদ্ধি ইত্যাদি (৬২ পৃঃ) আরম্ভ করিয়া গন্ধাদির অর্চ্চনা পর্য্যন্ত সমুদয় কার্য্য করিয়া ঘণ্টাধ্বনি-সহকারে পানি শঙ্খের জলের দ্বারা নিম্নলিখিত মন্ত্রে স্নান করাইবে।

স্নান মন্ত্র।

ওঁ সহস্রশীর্ষা পুরুষঃ সহস্রাক্ষঃ সহস্রপাৎ।

স ভূমিং সর্ব্বতঃ স্পৃষ্ট্বা অত্যতিষ্ঠদ্দশাঙ্গুলম্॥

এতৎ স্নানীয়োদকং ওঁ বিষ্ণবে নমঃ। তৎপরে সচন্দন তুলসী পত্র চিৎ করিয়া পরাইয়া সিংহাসনে বসাইয়া নারায়ণাদির

---

* একত্রে দুইটী শালগ্রাম শিলা বা দুইটী শিবলিঙ্গ রাখিবে না। থাকিলে স্বতন্ত্র স্বতন্ত্র পূজা করিবে। অনেকগুলি একত্রে থাকিলে পৃথক পূজা না করিয়া একটীর পূজা করিলেই হয়। নিবেদিত পুষ্প দেবতার গাত্রে রাখিতে নাই অন্য পুষ্প দিয়া সাজাইবা [illegible]।

অর্চ্চনা করিয়া পঞ্চোপচারে পঞ্চ দেবতার পূজা করিবে। তৎপরে ধ্যান ও পাদ্যাদি উপচার দ্বারা (৬৩ পৃঃ) পূজা করিয়া প্রণাম করিবে।

ধ্যানের মন্ত্র।

ওঁ ধ্যেয়ঃ সদা সবিতৃমণ্ডলমধ্যবর্ত্তী নারায়ণঃ সরসিজাসন সন্নিবিষ্টঃ। কেয়ূরবান্ কনককুণ্ডলবান্ কিরীটীহারী হিরণ্ময়-বপুর্ধৃতশঙ্খচক্রঃ॥

তৎপরে এতৎ পাদ্যং ওঁ নমঃ শ্রীবিষ্ণবে নমঃ, ইদমর্ঘ্যং ওঁ নমঃ শ্রীবিষ্ণবে নমঃ ইত্যাদি শিব পূজার (৬৬ পৃঃ) মত পূজা করিবে। বিল্বপত্র স্থানে তুলসীপত্র দিবে।

তুলসী দিবার মন্ত্র।

"এতৎ সচন্দন তুলসী পত্রং ওঁ নমস্তে বহুরূপায় বিষ্ণবে পরমাত্মনে স্বাহা।"

তৎপরে "ওঁ নমো নারায়ণায়" এই মন্ত্র দশবার জপ করিয়া গায়ত্রী পাঠ করিবে। পরে—

"গুহ্যাতি গুহ্য গোপ্তা ত্বং গৃহাণাস্মৎ কৃতং জপং।
সিদ্ধির্ভবতু মে দেব ত্বৎ প্রসাদাজ্জনার্দ্দন॥"

এই মন্ত্রে কোশাস্থিত সামান্যার্ঘ্য বা জল গণ্ডূষ অর্পণ করিয়া জপ সমাপ্ত করিবে।

প্রণাম মন্ত্র।—"নমো ব্রহ্মণ্যদেবায় গো ব্রাহ্মণ হিতায় চ।
জগদ্ধিতায় কৃষ্ণায় গোবিন্দায় নমো নমঃ॥"

পঞ্চ দেবতার মধ্যে শিব বিষ্ণুর মত অবশিষ্ট গণেশ, সূর্য্য ও দুর্গার পূজা করিবে। তাঁহাদের ধ্যান ও প্রণাম মন্ত্র লিখিত হইল। পূজার ক্রিয়াদি পূর্ব্ববৎ।

গণেশের ধ্যান।

খর্ব্বং স্থূলতনুং গজেন্দ্রবদনং লম্বোদরং সুন্দরং,
প্রস্যন্দন্মদগন্ধ-লুব্ধ-মধুপ-ব্যালোল-গণ্ডস্থলং।
দন্তাঘাত-বিদারিতারিরুধিরৈঃ সিন্দূর-শোভাকরং,
বন্দে শৈলসুতাসুতং গণপতিং সিদ্ধিপ্রদং কামদং॥

পূজার মন্ত্র—"গণেশায় নমঃ"।

প্রার্থনা।——ওঁ দেবেন্দ্রমৌলিমন্দার মকরন্দকণারুণাঃ।
বিঘ্নং হরন্তু হেরম্ব-চরণাম্বুজরেণবঃ॥

প্রণাম মন্ত্র।—ওঁ একদন্তং মহাকায়ং লম্বোদরগজাননং
বিঘ্ননাশকরং দেবং হেরম্বং প্রণমাম্যহং॥

সূর্য্যের ধ্যান।

রক্তাম্বুজাসন-মশেষ গুণৈকসিন্ধুং
ভানুং সমস্তজগতা-মধিপং ভজামি।
পদ্মদ্বয়াভয়বরান্ দধতং করাব্জৈ-
র্মাণিক্যমৌলি-মরুণাঙ্গরুচিং ত্রিনেত্রং॥

পূজার মন্ত্র— শ্রীসূর্য্যায় নমঃ।

প্রণাম মন্ত্র।—জবাকুসুমসঙ্কাশং কাশ্যপেয়ং মহাদ্যুতিং।
ধ্বান্তারিং সর্ব্বপাপঘ্নং প্রণতোঽস্মি দিবাকরং॥

ইতুপূজা।

অগ্রহায়ণ মাসে প্রতি রবিবারে শস্য সম্পত্তি কামনায় এই পূজা করিতে হয়। ইহা সূর্য্যের পূজা। পূজার মন্ত্র ওঁ ইতু সূর্য্যায় নমঃ।

জয়দুর্গার ধ্যান।

কালাভ্রাভাং কটাক্ষৈ-ররিকুলভয়দাং মৌলিবদ্ধেন্দুরেখাং
শঙ্খং চক্রং কৃপাণং ত্রিশিখমপি করৈ-রুদ্বহন্তীং ত্রিনেত্রাং।
সিংহস্কন্ধাধিরূঢ়াং ত্রিভুবন-মখিলং তেজসা পূরয়ন্তীং
ধ্যায়েদ্দুর্গাং জয়াখ্যাং ত্রিদশপরিবৃতাং সেবিতাং সিদ্ধকামৈঃ॥

পূজার মন্ত্র— দুর্গায়ৈ নমঃ।

প্রণাম মন্ত্র—সর্ব্বমঙ্গলমঙ্গল্যে শিবে সর্ব্বার্থসাধিকে।
শরণ্যে ত্র্যম্বকে গৌরি নারায়ণি নমোঽস্তু তে॥

নৈমিত্তিক পূজা।

নৈমিত্তিক পূজায় অপবিত্র পবিত্রো বা ইত্যাদি (৭১ পৃঃ) পাঠ করিয়া সঙ্কল্প করিবে।

সঙ্কল্পবিধি—তিল, তুলসী, ত্রিপত্র, হরীতকী, জল ও গন্ধ পুষ্প কুশিতে করিয়া লইয়া, জানু ভূমিতে নত করিয়া বীরাসনে উত্তর মুখে বসিয়া ■ পাঠ করিবে।

মন্ত্র যথা—বিষ্ণুরোম্ তৎসৎ অদ্য অমুকে মাসি অমুকে পক্ষে

অমুকতিথৌ অমুক গোত্রঃ শ্রীঅমুক দেবশর্ম্মা অমুক দেবতা প্রীতি কামঃ অমুক দেবতা পূজামহং করিষ্যে। (কর্ম্মের ফল-ভাগী স্বয়ং না হইলে করিষ্যামি- বলিবে)

সংকল্পের পর ঈশান কোণে ভূমিতে জলত্যাগ করিয়া কুশি অধোমুখে রাখিয়া—"ওঁ দেবোবো দ্রবিণোদা পূর্ণাং বিবষ্টাসিচং উতবা সিঞ্চধ্বমুপবা প্রণৃধ্ব মাদিদ্বো দেব ওহতে।" এই মন্ত্রে কুশির উপর অক্ষত দিবে। "সংকল্পিতার্থাঃ সিদ্ধয়ঃ সন্তু, অয়মারম্ভঃ শুভায় ভবতু "ওঁ তৎসৎ" বলিবে।

লক্ষ্মীপূজা।

পবিত্র চিত্তে আচমন পূর্ব্বক কর্ত্তব্যেহস্মিন লক্ষ্মীপূজা কর্ম্মণি ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু। অদ্য অমুকে মাসি ইত্যাদি লক্ষ্মী প্রীতিকামো লক্ষ্মীপূজামহং করিষ্যামি। পরে সামান্যার্ঘ্য, (৫৮ পৃঃ) জলশুদ্ধি ইত্যাদি হইতে নারায়ণাদির অর্চ্চনা (৬২ পৃঃ) পর্য্যন্ত করিয়া গণেশাদি পঞ্চ দেবতার পূজা করিয়া যথাশক্তি উপচারে লক্ষ্মী নারায়ণ ও কুবেরের পূজা করিবে।

ধ্যান।—পাশাক্ষমালিকাম্ভোজ স্বণিভির্যাম্যসৌম্যয়োঃ
পদ্মাসনস্থাং ধ্যায়েচ্চ শ্রিয়ং ত্রৈলোক্যমাতরং।
গৌরবর্ণাং সুরূপাঞ্চ সর্ব্বালঙ্কার ভূষিতাং
রৌক্মপদ্মব্যগ্রকরাং বরদাং দক্ষিণেন তু॥

পরে এতৎ পাদ্যং ওঁ লক্ষ্মী দেব্যৈ নমঃ (৬৩ পৃঃ) ইত্যাদি বলিয়া পূজা করিবে।

পুষ্পাঞ্জলি—ধনদায় নমস্তুভ্যং নিধি পদ্মাধিপায় চ।
ভবন্তু ত্বৎ প্রসাদান্মে ধন ধান্যাদি সম্পদঃ।
প্রণাম মন্ত্র—নমস্তে সর্ব্বভূতানাং বরদাসি হরিপ্রিয়ে।
যা গতিস্ত্বৎ প্রপন্নানাং সা মে ভূয়াৎ ত্বদর্চ্চনাৎ॥

কুবেরের ধ্যান।

কুবেরং ধনদং খর্ব্বং দ্বিভুজং পীতবাসসং।
প্রসন্নবদনং দেবং যক্ষ-গুহ্যকসেবিতং॥

সরস্বতী পূজা।

লক্ষ্মীপূজার ন্যায় আচমন ও সংকল্প ইত্যাদি করিয়া সামান্যার্ঘ্য (৫৮ পৃঃ) হইতে নারায়ণাদির অর্চ্চনা (৬২ পৃঃ) পর্য্যন্ত করিয়া গণেশাদি পঞ্চ দেবতার পূজা করিয়া দশোপচারে বা ষোড়শোপচারে পূজা করিবে।

ধ্যানের মন্ত্র।

ওঁ তরুণশকলমিন্দোর্বিভ্রতী শুভ্রকান্তিঃ, কুচভর-নমিতাঙ্গী সন্নিষণ্ণা সিতাব্জে। নিজকর-কমলোদ্যল্লেখনী-পুস্তক-শ্রীঃ, সকল বিভবসিদ্ধ্যৈ পাতু বাগ্দেবতা নঃ।

কূর্ম্ম মুদ্রাদ্বারা পুষ্প লইয়া এই ধ্যান করিয়া পুষ্পটী নিজ মস্তকে দিয়া মানস পূজা করিবে। পুনর্ব্বার পুষ্প লইয়া কূর্ম্ম মুদ্রা দ্বারা ধ্যান করিয়া হৃদয়স্থ দেবতা পুষ্প মধ্যে আবির্ভূত হইয়া প্রতিমায় আবির্ভূত হইলেন এইরূপ চিন্তা করিয়া পুষ্প দান করিবে।

পরে আবাহনাদি পঞ্চ মুদ্রা প্রদর্শন করিবে। তৎপরে সম্মুখস্থ তাম্রাদি পাত্রে আসন রাখিয়া বাম হস্ত দ্বারা স্পর্শ করিয়া তিন বার "বং রজতাসনায় নমঃ" বলিয়া, দক্ষিণ হস্তের পুষ্প দ্বারা অর্ঘ্য পাত্র হইতে তিন বার জলের ছিটা দিবে। পরে গন্ধ পুষ্প লইয়া "এতে গন্ধ পুষ্পে ওঁ বং রজতাসনায় নমঃ এতে গন্ধ পুষ্পে এতদধিপতয়ে ওঁ বিষ্ণবে নমঃ এতে গন্ধ পুষ্পে এতৎ সম্প্রাদানৈ ওঁ সরস্বত্যৈ নমঃ ইদং রজতাসনং হ্রীং সরস্বত্যৈ নমঃ। পরে কৃতাঞ্জলি হইয়া হ্রীং ওঁ সরস্বতি ইহ স্বাগতং সুস্বাগতং, বলিবে। পরে এতৎ পাদ্যং ইত্যাদি ৬৩ পৃঃ। ওঁ সরস্বত্যৈ নমঃ বলিয়া পূজা করিবে।

নৈবেদ্য উৎসর্গ করিবার সময়ে বাম হস্তে ভূমি ধরিয়া, পুষ্প বা বিল্বপত্র দ্বারা "ওঁ সঘৃত সোপকরণ আমান্ন নৈবেদ্যায় নমঃ" এই মন্ত্র বলিয়া তিন বার জলের ছিটা দিবে। পরে "হুং" এই মন্ত্রে অবগুণ্ঠন মুদ্রা, ধেনু ও মৎস্য মুদ্রা দেখাইয়া দক্ষিণ হস্তের উপর বাম হস্ত অধোভাবে স্থাপন করিয়া "ওঁ সরস্বত্যৈ নমঃ" এই মন্ত্র দশবার জপ করিয়া—ইদং সঘৃত সোপকরণ আমান্ন নৈবেদ্যং ওঁ সরস্বত্যৈ নমঃ" বলিয়া জলের ছিটা দিবে। ওঁ অমৃতোপস্তরণমসি স্বাহা বলিয়া এক কুশি জল পানীয় ঘটীতে দিবে পরে বাম হস্ত চিৎ করিয়া গ্রাস মুদ্রা ও দক্ষিণ হস্তে প্রাণাদি পঞ্চ মুদ্রা দেখাইবে। মন্ত্র যথা ওঁ প্রাণায় স্বাহা, ওঁ অপানায় স্বাহা, ওঁ ব্যানায় স্বাহা ওঁ উদানায় স্বাহা, ওঁ সমানায় স্বাহা। পরে ওঁ অমৃতাপিধানমসি স্বাহা, বলিয়া পুনশ্চ জল দিবে। পরে পানার্থ ও আচমনীয় জল এবং তাম্বুল নিবেদন করিবে।

সরস্বতী পূজার পর লক্ষ্মী, নারায়ণ, মস্যাধার, লেখনী ও পুস্তকের পূজা করিতে হয়। তৎপরে পুষ্পাঞ্জলি দিয়া প্রণাম করিবে।

মন্ত্র।—মস্যাধারেভ্যো নমঃ, লেখনীভ্যো নমঃ, পুস্তকেভ্যো নমঃ।

পুষ্পাঞ্জলির মন্ত্র —সরস্বত্যৈ নমো নিত্যং ভদ্রকাল্যৈ নমো নমঃ।
বেদ বেদাঙ্গ বেদান্ত বিদ্যাস্থানেভ্য এব চ॥

এষ পুষ্পাঞ্জলিঃ শ্রীসরস্বত্যৈ নমঃ এই বলিয়া ৩ বার অঞ্জলি দিয়া প্রার্থনা করিবে।

প্রার্থনা মন্ত্র —যথা ন দেবো ভগবান্ ব্রহ্মা লোক পিতামহঃ,
ত্বাং পরিত্যজ্য সংতিষ্ঠেত্তথা ভব বরপ্রদা।
বেদাঃ সর্ব্বাণি শাস্ত্রাণি নৃত্যগীতাদিকঞ্চ যৎ,
ন বিহীনং ত্বয়া দেবি তথা মে সন্তু সিদ্ধয়ঃ।
লক্ষ্মীর্ম্মেধা ধরা পুষ্টি গৌরী তুষ্টিঃ প্রভা ধৃতিঃ,
এতাভিঃ পাহি তনুভিরষ্টাভির্ম্মাং সরস্বতি।

প্রণাম মন্ত্র। জয় জয় দেবি চরাচর সারে, কুচ যুগ শোভিত-মুক্তাহারে।
বীণারঞ্জিত-পুস্তক হস্তে, ভগবতি ভারতি দেবি নমস্তে॥
সরস্বতি মহাভাগে বিদ্যে কমললোচনে।
বিদ্যারূপে বিশালাক্ষি বিদ্যাং দেহি নমোঽস্তু তে॥

নিত্য প্রয়োজনীয় কতিপয় দেবতার ধ্যান, পূজা ও প্রণামের মন্ত্র।

মনসার ধ্যান।

কান্ত্যা কাঞ্চনসন্নিভাং সুবদনাং পদ্মাসনাং শোভনাং
নাগেন্দ্রৈঃ কৃতশেখরাং ফণিময়ীং দিব্যাঙ্গরাগান্বিতাং।
চার্ব্বঙ্গীং দধতীং প্রসাদমভয়ং নিত্যং করাভ্যাং মুদা
বন্দে শঙ্করপুত্রিকাং বিষহরীং পদ্মপ্রভাং জাঙ্গলীং॥

পূজার মন্ত্র— মনসাদেব্যৈ নমঃ।

প্রণামমন্ত্র।—আস্তীকস্য মুনের্ম্মাতা ভগিনী বাসুকেস্তথা।
জরৎকারুমুনেঃ পত্নী মনসাদেবি নমোঽস্তু তে॥

মনসাপূজার পর অষ্টনাগের পূজা করিতে হয়।

যথা,—অনন্তায় নমঃ। বাসুকয়ে নমঃ। পদ্মায় নমঃ। মহাপদ্মায় নমঃ। তক্ষকায় নমঃ। কুলীরায় নমঃ। কর্কটায় নমঃ শঙ্খায় নমঃ।

শীতলার ধ্যান।

শীতলাং গর্দ্দভারূঢ়াং শ্যামবর্ণাং সুলোচনাং
দক্ষিণে মার্জ্জনীমুষ্টাং বামে কলসধারিণীং।
দিগম্বরীং দ্বিভুজাঞ্চ নানালঙ্কারভূষিতাং
এবং সঞ্চিন্তয়েদ্দেবীং সর্ব্বরোগবিনাশিনীং॥

পূজার মন্ত্র— শীতলাদেব্যৈ নমঃ।

প্রণামমন্ত্র।—নমামি শীতলাং দেবীং রাসভস্থাং দিগম্বরীং।
মার্জ্জনীকলসোপেতাং শূর্পালঙ্কৃতমস্তকাং॥

দক্ষিণকালীর ধ্যান।

মেঘাঙ্গীং বিগতাম্বরাং শবশিবারূঢ়াং ত্রিনেত্রাং পরাং
কর্ণালম্বিত-বাণযুগ্ম-ভয়দাং মুণ্ডস্রজাং মালিনীং।
বামাধোর্দ্ধকরাম্বুজে নরশিরঃ খড়্গঞ্চ, সব্যেতরে
দানাভীতি বিমুক্ত-কেশনিচয়াং বন্দে সদা কালিকাং॥

পূজার মন্ত্র— দক্ষিণকালিকায়ৈ নমঃ।

পুষ্পাঞ্জলির মন্ত্র।—আয়ুর্দেহি যশো দেহি ভাগ্যং ভগবতি দেহি মে।
পুত্রান্ দেহি ধনং দেহি সর্ব্বান্ কামাংশ্চ দেহি মে॥
দুর্গোত্তারিণি দুর্গে ত্বং সর্ব্বাশুভনিবারিণি।
ধর্ম্মার্থমোক্ষদে দেবি নিত্যং মে বরদা ভব॥
কালি কালি মহাকালি কালিকে পাপহারিণি।
ধর্ম্মকামপ্রদে দেবি নারায়ণি নমোঽস্তু তে॥

(দুর্গা ও জগদ্ধাত্রীকেও এই ৩ মন্ত্রে পুষ্পাঞ্জলি দেওয়া হয়)।

প্রণাম মন্ত্র।—সর্ব্বমঙ্গলমঙ্গল্যে শিবে সর্ব্বার্থসাধিকে।
শরণ্যে ত্র্যম্বকে গৌরি নারায়ণি নমোঽস্তু তে॥

জগদ্ধাত্রীর ধ্যান।

সিংহস্কন্ধাধিরূঢ়াং নানালঙ্কারভূষিতাং চতুর্ভুজাং মহাদেবীং নাগযজ্ঞোপবীতিনীং। রক্তবস্ত্রপরিধানাং বালার্কসদৃশী তনুং নারদাদ্যৈর্মুনিগণৈঃ সেবিতাং ভবসুন্দরীং। ত্রিবলীবলয়োপেতাং নাভিনালমৃণালিনীং রত্নদ্বীপে মহাদ্বীপে সিংহাসনসমন্বিতে প্রফুল্ল-কমলারূঢ়াং ধ্যায়েত্তাং ভবগেহিনীং॥

পূজার মন্ত্র।—"দুং জগদ্ধাত্র্যৈ দুর্গায়ৈ নমঃ"

মঙ্গলচণ্ডীর ধ্যান।

যৈষা ললিতকান্ত্যাখ্যা দেবী মঙ্গলচণ্ডিকা।
বরদাভয়হস্তা চ দ্বিভুজা গৌরদেহিকা।
রক্তপদ্মাসনস্থা চ মুকুটোজ্জ্বলমণ্ডিতা।
রক্তকৌষেয়বসনা স্মিতবক্ত্রা শুভাননা।
নবযৌবনসম্পন্না চার্ব্বঙ্গী ললিতপ্রভা॥

পূজার মন্ত্র— মঙ্গলচণ্ডিকায়ৈ নমঃ।

প্রণাম মন্ত্র।— সর্ব্বমঙ্গলমঙ্গল্যে ইত্যাদি।

পৌষ সংক্রান্তিতে যে সোদো পূজা হয় তাহাও এই মঙ্গলচণ্ডীর পূজা।

অন্নপূর্ণা ধ্যান।

রক্তাং বিচিত্রবসনাং নবচন্দ্রচূড়া মন্নপ্রদাননিরতাং স্তনভারনম্রাং।
নৃত্যন্তমিন্দুশকলাভরণং বিলোক্য হৃষ্টাং ভজে ভগবতীং ভবদুঃখহন্ত্রীং॥

প্রণাম মন্ত্র।—সর্ব্বমঙ্গলমঙ্গল্যে ইত্যাদি।

পূজার মন্ত্র।—অন্নপূর্ণা দেব্যৈ নমঃ।

গঙ্গার ধ্যান।

সুরূপাং চারুনেত্রাঞ্চ চন্দ্রাযুতসমপ্রভাং।
চামরৈর্বীজ্যমানাস্ত শ্বেতচ্ছত্রোপশোভিতাং।
সুপ্রসন্নাং সুবদনাং করুণার্দ্রনিজান্তরাং।
সুধাপ্লাবিতভূপৃষ্ঠা-মার্দ্রগন্ধানুলেপনাং।
ত্রৈলোক্যনমিতাং গঙ্গাং দেবাদিভিরভিষ্টুতাং॥

প্রণামমন্ত্র— সদ্যঃ পাতকসংহন্ত্রী ইত্যাদি। (৪ পৃঃ)

ষষ্ঠীর ধ্যান।

দ্বিভুজাং হেমগৌরাঙ্গীং রত্নালঙ্কারভূষিতাং।
বরদাভয়হস্তাঞ্চ শরচ্চন্দ্রনিভাননাং।
পট্টবস্ত্রপরীধানাং পীনোন্নতপয়োধরাং।
অঙ্কার্পিতসুতাং ষষ্ঠীমম্বুজস্থাং বিচিন্তয়েৎ॥

পূজার মন্ত্র—ষষ্ঠীদেব্যৈ নমঃ।

প্রণাম মন্ত্র—জয় দেবি জগন্মাতর্জ্জগদানন্দকারিণি।
প্রসীদ মম কল্যাণি নমস্তে ষষ্ঠী দেবিকে॥

মার্কণ্ডেয়ের ধ্যান।

দ্বিভুজং জটিলং সৌম্যং সুবৃদ্ধং চিরজীবিনং।
মার্কণ্ডেয়ং নরো ভক্ত্যা পূজয়েৎ প্রযতস্ততঃ॥

প্রার্থনা।—চিরজীবী যথা ত্বং ভো ভবিষ্যামি তথা মুনে।
রূপবান বিত্তবাংশ্চৈব শ্রিয়া যুক্তশ্চ সর্ব্বদা॥

প্রণাম।—মার্কণ্ডেয় মহাভাগ সপ্তকল্পান্তজীবন॥
আয়ুরিষ্টার্থসিদ্ধার্থমস্মাকং বরদো ভব।

ভগবতীর ধ্যান।

বর্ত্তনস্থাং জগদ্ধাত্রীং কৃষ্ণবর্ণাং ত্রিলোচনাং। দ্বিভুজাং বেষ্টিতাং গোভির্ব্বগনাং চৌতচন্দনাং॥ গোপাদমূলে 'ওঁ গবে নমঃ' মন্ত্রে পূজা করিবে। পূজার মন্ত্র।—ভগবত্যৈ নমঃ।

প্রণাম। নমো গোভ্যঃ শ্রীমতীভ্যঃ সৌরভেয়ীভ্য এব চ নমো ব্রহ্মসুতাভ্যশ্চ পবিত্রাভ্যো নমো নমঃ।

কার্ত্তিকের ধ্যান।

কার্ত্তিকেয়ং মহাভাগং ময়ূরোপরি সংস্থিতং।
তপ্তকাঞ্চনবর্ণাভং শক্তিহস্তং বর-প্রদং।
দ্বিভুজং শক্র হন্তারং নানালঙ্কারভূষিতং॥

রামের ধ্যান।

কোমলাঙ্গং বিশালাক্ষ-মিন্দ্রনীলসমপ্রভং।
দক্ষিণাংশে দশরথিং পুত্রাবেষ্টন-তৎপরং।
পৃষ্ঠতো লক্ষ্মণং দেবং সচ্ছত্রং কনকপ্রভং।
পার্শ্বে ভরতশত্রুঘ্নৌ তালবৃন্তকরাবুভৌ।
অগ্রে ব্যগ্রং হনুমন্তং রামানুগ্রহকাঙ্ক্ষিণম্॥

প্রণামমন্ত্র—রামায রামচন্দ্রায় রামভদ্রায় বেধসে।
রঘুনাথায নাথায় সীতায়াঃ পতয়ে নমঃ॥

লক্ষ্মণের ধ্যান।

দ্বিভুজং, স্বর্ণরুচির-তনুং পদ্মনিভেক্ষণং। ধনুর্ব্বাণকরং রাম-সেবাসংশক্তমানসং। ধ্যায়েদ্দেবং সদা ভক্তো লক্ষ্মণং লক্ষণান্বিতং॥

সীতার ধ্যান।

নীলাম্ভোজ-দলাভিরামনয়নাং নীলাম্বরালঙ্কৃতাং
গৌরাঙ্গীং শরদিন্দুসুন্দরমুখীং বিস্মেরবিম্বাধরাং।
কারুণ্যামৃতবর্ষিণীং হরিহরব্রহ্মাদিভির্ব্বন্দিতাং
ধ্যায়েৎ সর্ব্বজনেপ্সিতার্থফলদাং রামপ্রিয়াং জানকীং॥

পূজা ও প্রণামের মন্ত্র সীতাদেব্যৈ নমঃ।

কৃষ্ণের ধ্যান।

ফুল্লেন্দীবরকান্তি-মিন্দুবদনং বর্হাবতংসপ্রিয়ং
শ্রীবৎসাঙ্কমুদারকৌস্তুভধরং পীতাম্বরং সুন্দরং।
গোপীনাং নয়নোৎপলার্চ্চিততনুং গো-গোপসংঘাবৃতং
গোবিন্দং কলবেণুবাদনপরং দিব্যাঙ্গভূষং ভজে॥

প্রণামমন্ত্র-নমো ব্রহ্মণ্যদেবায় ইত্যাদি।

রাধিকার ধ্যান।

অমলকমলকান্তিং নীলবস্ত্রাং সুকেশীং
শশধরসম-বক্ত্রাং খঞ্জনাক্ষীং মনোজ্ঞাং।
স্তনযুগগত-মুক্তা-দামদীপ্তাং কিশোরীং
ব্রজপতিসুতকান্তাং রাধিকামাশ্রয়েঽহং॥

প্রণাম মন্ত্র।—নবীনাং হেমগৌরাঙ্গীং পূর্ণানন্দবতীং সতীং।
বৃষভানুসুতাং দেবীং বন্দে রাধাং জগৎপ্রসূং॥

গুরুর ধ্যান।

শুদ্ধস্ফটিকসঙ্কাশং শুদ্ধক্ষৌমবিরাজিতং গন্ধানুলেপনং শান্তং বরাভয়করাম্বুজং। মন্দস্মিতং নিজ গুরুং কারুণ্যেনাবলোকিতং, বামোরু-শক্তি-সংযুক্তং শুক্লাভরণভূষিতং। স্বশক্ত্যা দক্ষহস্তেন ধৃতচারু কলেবরং, বামে ধৃতোৎপলায়াশ্চ সুরক্তায়াঃ সুশোভনং। পরানন্দ রাসাল্লাস লোচনদ্বয় পঙ্কজং॥

প্রণাম মন্ত্র।—অখণ্ডমণ্ডলাকারং ব্যাপ্তং যেন চরাচরং। তৎপদং দর্শিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ॥ অজ্ঞানতিমিরান্ধস্য জ্ঞানাঞ্জনশলাকয়া। চক্ষুরুন্মীলিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ॥

শ্রী গুরু ধ্যান।

সহস্রারে মহাপদ্মে কিঞ্জল্কগণশোভিতে, প্রফুল্লপদ্মপত্রাক্ষীং ঘনপীনপয়োধরাং। প্রসন্নবদনাং ক্ষীণমধ্যাং ধ্যায়েচ্ছিবাং গুরুং পদ্মরাগসমাভাসাং রক্ত বস্ত্র সুশোভনাং। রক্ত কঙ্কণ পাণিঞ্চ রক্ত নূপুরশোভিতাং শরদিন্দুপ্রতীকাশাং রক্তোদ্ভাষিতকুণ্ডলাং। স্বনাথ-বামভাগস্থাং বরাভয়করাম্বুজাং॥

ব্রহ্মা ধ্যান।

পদ্মাসনস্থো জটিলো ব্রহ্মা ধ্যেয়শ্চতুর্ভুজঃ, অক্ষমালাং স্রুবং বিভ্রৎ পুস্তকঞ্চ কমণ্ডলুং। বাসঃ কৃষ্ণাজিনং তস্য পার্শ্বে হংসস্তথৈব চ॥

প্রণাম।— বেদাধারায় বেদ্যায় জ্ঞানগম্যায় সূরয়ে,
কমণ্ডল্বক্ষমালাস্রুক্ স্রুবহস্তায় তে নমঃ॥

তুলসীর ধ্যান।

ধ্যায়েদ্দেবীং নবশশিমুখীং পক্কবিম্বাধরোষ্ঠীং
বিদ্যোতন্তীং কুচযুগভরানম্রকল্লাঙ্গযষ্টিং।
ঈষদ্ধাস্যাং ললিতবদনাং চন্দ্রসূর্য্যাগ্নিনেত্রাং
শ্বেতাঙ্গীং তা-নভয়বরদাং শ্বেতপদ্মাসনস্থাং॥

স্নান মন্ত্র।—গোবিন্দ বল্লভাং দেবীং [illegible] চৈতন্যকারিণীং।
স্নাপয়ামি জগদ্ধাত্রীং বিষ্ণুভক্তি প্রদায়িনীম্॥

প্রণাম মন্ত্র।—বৃন্দায়ৈ তুলসী দেব্যৈ প্রিয়ায়ৈ কেশবস্যচ।
বিষ্ণুভক্তি প্রদে দেবি সত্যবত্যৈ নমো নমঃ॥

তুলসী চয়ন মন্ত্র।

তুলস্যমৃতনামাসি সদা ত্বং কেশব প্রিয়া, কেশবার্থে চিনোমি ত্বাং বরদা ভব শোভনে। তদঙ্গসম্ভবৈঃ পত্রৈঃ পূজয়ামি যথা হরিং, তথা কুরু পবিত্রাঙ্গ কলৌ মলবিনাশিনি।

কৃতাঞ্জলি হইয়া, মন্ত্র পাঠ করিতে করিতে প্রত্যেক বারে করতালি দিয়া, প্রদক্ষিণ পূর্ব্বক দক্ষিণ হস্ত দ্বারা মঞ্জরী চয়ন এবং বৃন্ত সহিত তুলসী চয়ন করাই প্রশস্ত।

তুলসী চয়ন-নিষেধাদি।

দ্বাদশী, সংক্রান্তি ও উভয় সন্ধ্যাকালে, অশুচি অবস্থায়, বাসি কাপড়ে ভোজনান্তে রাত্রিকালে ও মধ্যাহ্নে এবং শাখা সহিত তুলসী চয়ন করিবে না। প্রায় সকল কার্য্যেই তুলসী ব্যবহার কর্ত্তব্য।

হরির লুট দেওয়া।

(ইহা কেবল ব্রাহ্মণেরই দ্রষ্টব্য।)

আচমন ও বিষ্ণুস্মরণ করিয়া, যাহার মানসিক, তাহার নামে সঙ্কল্প করিবে। যথা—"বিষ্ণুরোঁ তৎ সৎ অদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা অমুক-গোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণঃ অভীষ্টসিদ্ধার্থং মানসিক-হরিপূজনমহং করিষ্যামি *।" পরে এতস্মৈ সোপকরণান্নায় নমঃ বলিয়া মিষ্টান্ন অর্চ্চনা ও নিবেদন করিবে, হরিধ্বনিপূর্ব্বক ৩ বার ছড়াইয়া দিবে এবং "নমো ব্রহ্মণ্যদেবায়" ইত্যাদি (৭২ পৃঃ) মন্ত্রে প্রণাম করিবে।

---

* নিজের মানসিক হইলে "অমুকগোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণঃ" বলিতে হইবে না। এবং "করিষ্যামি" স্থলে "করিষ্যে" বলিবে।

অশ্বত্থবৃক্ষে জল দিবার মন্ত্র।

চক্ষুঃস্পন্দং ভুজস্পন্দং তথা দুঃস্বপ্নদর্শনং।
শত্রূণাঞ্চ সমুত্থানমশ্বত্থ হরয়াশু মে॥
অশ্বত্থরূপী ভগবান্ প্রীয়তাং মে জনার্দ্দনঃ।

সৌর কার্ত্তিকে আকাশ প্রদীপ দিবার মন্ত্র।

দামোদরায় নভসি তুলায়াং লোলয়াসহ,
প্রদীপন্তে প্রযচ্ছামি নমোঽনন্তায় বেধসে।

বিষ্ণু পাদোদক পানের মন্ত্র।

অকাল মৃত্যু হরণং সর্ব্বব্যাধি বিনাশনং।
বিষ্ণু পাদোদকং পীত্বা শিরসা ধারয়াম্যহং॥

বিষ্ণু পাদোদক পানান্তে মস্তকে ধারণ করিবে, —
মন্ত্র।—কৃষ্ণ কৃষ্ণ মহাবাহো ভক্তানামার্ত্তিনাশন।
সর্ব্বপাপ প্রশমনং পাদোদকং প্রযচ্ছ মে॥

বিপ্রপাদোদক ধারণ মন্ত্র।

ব্রহ্মাণ্ডোদরমধ্যে তু যানি তীর্থানি সন্তি বৈ,
তানি সর্ব্বাণি তীর্থানি সন্তি বিপ্রপাদোদকে।
বিপ্রপাদোদকং পীত্বা যাবত্তিষ্ঠতি মেদিনীং
তাবৎ পুষ্করপাত্রেণ পিবন্তি পিতরোদকং॥

পরিশিষ্ট।

সামবেদী ঘটস্থাপন।

মৃত্তিকার উপরে পঞ্চ শস্য (যব, গম, মুগ, তিল ও ধান্য) দিয়া তাহার উপরে জল পূর্ণ ঘট রাখিবে। ঘটের উপরে পঞ্চ পল্লব (অশ্বত্থ, বট, আম্র, পাকুড়, ও যজ্ঞ ডম্বুর) সমস্ত না পাইলে কেবল মাত্র আম্র পল্লব দিবে। তদুপরি ধান্য পূর্ণ সরাব ও সবৃন্ত নারিকেল বা রম্ভা দিয়া বস্ত্র দ্বারা ঘট আচ্ছাদিত করিবে। ঘটের গাত্রে দধির অক্ষত দিয়া, সিন্দুরের দুইটী পুত্তলি করিয়া দিবে।

ঘটস্থাপনক্রম।

ভূমিং ধান্যং ঘটঞ্চৈব সিন্দূরং পল্লবং তথা।
জলং ফলং তথা পুষ্পং স্থিরীকরণমেব চ।

ভূমি ধরিয়া,—ওঁ মহীদ্যৌঃ শ্রীণামবরস্তু ধুক্ষং মিত্রস্যার্য্যমো দুরাধর্ষ্যং বরুণস্য।

ধান্য ধরিয়া,—ওঁ ধানাবন্তং করম্ভিনমপুপবন্তমুক্থিনং। ইন্দ্র প্রাতর্জ্জুষস্ব নঃ।

ঘট ধরিয়া—ওঁ আবিশন্ কলসং সুতো বিশ্বা অর্ষন্নভিশ্রিয় ইন্দুরিন্দ্রায় ধীয়তে।

সিন্দূর ধরিয়া,—ওঁ সিন্ধোরুচ্ছ্বাসে পতয়ন্ত (পতয়ন্তং) মুক্ষণং হিরণ্যপাবা পশুমপ্সু গৃভ্ণতে।

পল্লব ধরিয়া,—ওঁ অয়মূর্জ্জাবতো বৃক্ষ উর্জ্জীব ফলিনী ভব, পূর্ণং বৃহস্পতে (বনস্পতে) নুত্বা নুত্বা চ স্থয়তাং রয়ি।

জল ধরিয়া—ওঁ উদুত্তমং বরুণপাশমস্মদবাধমং বিমধ্যমং শ্রথায় যথাদিত্যব্রতে বয়ং তবানাগশোহদিতয়ে স্যামঃ।

ফল ধরিয়া—ওঁ ইন্দ্রয়রোনেমবিতা হবন্তে যৎপর্য্যায়ুনয়ন্তে ধিয়স্তাঃ স্থরো নৃষতো.শ্রবসশ্চ কাম আগোমাতি ব্রজে ভজাত্বন্ন।

পুষ্প ধরিয়া—ওঁ পরমানং ব্যশুহি রশ্মিভির্ব্বাজসাতমঃ দধৎস্তোত্রেসুবীর্য্যং।

স্থিরীকরণ,—ওঁ যাবতঃ পুরুরসো রসমিন্দ্র প্রণেতঃ স্বসিন্থাতর্হ-বীনাং। [ওঁ স্থিরো ভব বিড্ ডঙ্গ আশুর্ভব বাহর্ব্বন প্রথুর্ভব সুসদস্তমগ্নে পুরীষবাহন। স্থাং স্থীং স্থিরোভব]।

চক্ষুর্দ্দান।

বিল্বপত্রে ঘৃত মাখাইয়া দীপশিখায় কজ্জল করিয়া লইবে; পরে অপর বিল্বপত্র বৃন্ত দ্বারা (বিশেষ মন্ত্র না থাকিলে) কেবল গায়ত্রী পাঠ করিতে করিতে প্রতিমাস্থ দেবতার অগ্রে দক্ষিণ চক্ষুতে পরে বাম চক্ষুতে কজ্জল দিবে। (ত্রিনেত্রা দেবতা হইলে অগ্রে উর্দ্ধ নেত্রে দিবে)।

প্রাণ প্রতিষ্ঠা।

দেবতার গণ্ডে হস্তার্পণ করিয়া বলিবে,—ওঁ আং হ্রীঁ ক্রোঁ হং যং রং লং বং শং ষং সং হোং হং সঃ (অমুক দেবতা) প্রাণা ইহ প্রাণাঃ। প্রত্যেকে ওঁ আঁং হ্রীঁ ক্রোং ইত্যাদি বলিয়া,—জীব

ইহ স্থিতঃ, এবং আমিত্যাদি—"সর্ব্বেন্দ্রিয়াণি, আমিত্যাদি বাঙ্মনশ্চক্ষুঃ-শ্রোত্রঘ্রাণ প্রাণা ইহাগত্য সুখং চিরং তিষ্ঠন্তু স্বাহা।"

দেবতার বক্ষে দূর্ব্বাক্ষত ও পুষ্প ধরিয়া বলিবে,—"ওঁ মনোজ্যোতির্জুষতামাজ্যস্য বৃহস্পতির্যজ্ঞমিমং তনোত্বরিষ্টং যজ্ঞং সমিমং দধাতু, বিশ্বেদেবা স ইহমাদয়ন্তা মোম প্রতিষ্ঠ।" ওঁ অস্যৈ প্রাণাঃ প্রতিষ্ঠন্তু অস্যৈ প্রাণাঃ ক্ষরন্তু চ, অস্যৈ দেবত্ব সংখ্যায়ৈ স্বাহা।

অথ আরত্রিক বিধি।

কোশার বামদিকে ত্রিকোণ মণ্ডল করিয়া, তাহার উপর পঞ্চ প্রদীপ রাখিয়া তিনবার "এতস্মৈ আরত্রিক দীপায় নমঃ" বলিয়া ৩বার জলের ছিটা দিবে। পরে 'অমুক দেবায় নমঃ' বলিয়া দশবার জপ-পূর্ব্বক, আসনের প্রান্তে দক্ষিণ পদে ও বামপার্শ্বের ভূমিতে বামপদে ভর রাখিয়া দণ্ডায়মান হইয়া, যজ্ঞোপবীতের সহিত উত্তরীয় ধারণ পূর্ব্বক ঘণ্টা বাজাইতে বাজাইতে (ঘণ্টা নিরাধানে রাখিবে না) আরত্রিক করিবে।

প্রথম পঞ্চ প্রদীপ দ্বারা দেবতার পাদ সন্নিকটে চারিবার, নাভি সমীপে দুইবার, মুখমণ্ডলে তিন বার, সর্ব্বাঙ্গে সপ্তবার আরত্রিক করিবে। (কর্পূর দীপ থাকিলে নির্মঞ্ছন পূর্ব্বক তদ্দ্বারাও পাঁচ বা সাতবার আরত্রিক করিবে) তৎপরে জলপূর্ণ শঙ্খ দ্বারা (প্রতি বারত্রয়ান্তে শঙ্খ হইতে একটু জল ভূমিতে ত্যাগ পূর্ব্বক) নয়বার ব্যবহার করিবে। তৎপরে বস্ত্র বিল্বপত্র ও পুষ্প এবং চামরাদি

দ্বারা প্রত্যেকে তিনবার আবত্রিক করিয়া, সাষ্টাঙ্গে প্রণাম করিবে। ভোগের পর আরতি করিবে, কিন্তু সন্ধ্যাকালে আরতির পর শীতল দিবে।

ভোগ দেওয়া।

(ইহা কেবল ব্রাহ্মণেরই দ্রষ্টব্য)

প্রথমে "এতস্মৈ সোপকরণান্নায় নমঃ"—৩ বার বলিয়া, অন্না-দিতে ৩বার জলের ছিটা দিবে। পরে সেই দেবতার মন্ত্র (যাহা পূজার মন্ত্র বলিয়া উক্ত হইয়াছে) ১০ বার জপ করিবে। "ইদং সোপকরণান্নং ওঁ অমুক দেবতায়ৈ নমঃ"—বলিয়া অন্নাদিতে ১ বার জলের ছিটা দিবে। "ওঁ অমৃতোপস্তরণমসি স্বাহা" বলিয়া একটু জল ফেলিবে, এবং বামহস্ত চিৎ করিয়া গ্রাস তুলিবার আকারে ধরিয়া, পঞ্চ প্রাণাহুতি মুদ্রা (৫০ পৃঃ ৯ পং) প্রদর্শন করত পঞ্চ মন্ত্র পাঠ করিবে। যথা—"ওঁ প্রাণায় স্বাহা" "ওঁ অপানায় স্বাহা" "ওঁ সমানায় স্বাহা" "ওঁ উদানায় স্বাহা" "ওঁ ব্যানায় স্বাহা"। পরে "ওঁ অমৃতাপিধানমসি স্বাহা" বলিয়া একটু জল ফেলিবে, এবং "ইদং পানার্থোদকং ওঁ অমুকদেবতায়ৈ নমঃ ইদম্ আচমনীয়ম্ ওঁ অমুক দেবতায়ৈ নমঃ" ইদং তাম্বূলং ওঁ অমুকদেবতায়ৈ নমঃ" বলিয়া ঐ ঐ দ্রব্যে জলের ছিটা দিবে।

[দেবতাকে নৈবেদ্য, ভোগ প্রভৃতি যে কোনও দ্রব্য নিবেদন করিবার এই নিয়ম। কেবল সোপকরণান্নের পরিবর্ত্তে সেই সেই দ্রব্যের নাম উল্লেখ করিতে হয়; যেমন নৈবেদ্য, দুগ্ধ, মিষ্টান্ন, খেচরান্ন,

উপকরণ ইত্যাদি। কোনও দ্রব্যের সংস্কৃত নাম জানা না থাকিলে 'নৈবেদ্য' বলিয়াই নিবেদন করিবে। জল প্রোক্ষিত স্থানে চতুষ্কোণ মণ্ডল করিয়া তদুপরি নৈবেদ্যাদি রাখিবে।]

শান্তিদান।

(ইহা কেবল ব্রাহ্মণেরই দ্রষ্টব্য।)

কুশ বা চুতপল্লবাদি দ্বারা জল লইয়া মস্তকে ছিটাইতে ছিটাইতে মন্ত্র পাঠ করিবে। যথা—

কয়া নশ্চিত্র ইত্যস্য ঋক্‌ত্রয়স্য মহাবামদেব্য ঋষির্গায়ত্রী ছন্দ ইন্দ্রো দেবতা শান্তিকর্ম্মণি জপে বিনিয়োগঃ।

ওঁ কয়া নশ্চিত্র আ ভুবদূতী সদাবৃধঃ সখা কয়া সচীষ্টয়া বৃতা ॥ ১

ওঁ কস্ত্বা সত্যো মদানাং মংহিষ্ঠো মৎসদন্ধসঃ, দৃঢ়া চিদারুজে বসু ॥২

ওঁ অভীষুণঃ সখীনা মবিতা জরিতৃণাং শতং ভবাস্যূতয়ে ॥ ৩

ওঁ স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ, স্বস্তি নঃ পূষা বিশ্ববেদাঃ।
স্বস্তি নস্তার্ক্ষ্যোঽরিষ্টনেমিঃ, স্বস্তি নো বৃহস্পতির্দধাতু ॥ ৪

ওঁ দ্যৌঃ শান্তিঃ, অন্তরীক্ষং শান্তিঃ, পৃথিবী শান্তিঃ, আপঃ শান্তিঃ, ওষধয়ঃ শান্তিঃ, বনস্পতয়ঃ শান্তিঃ, বিশ্বেদেবাঃ শান্তিঃ, ব্রহ্ম শান্তিঃ, শান্তিরেব শান্তিঃ। যত এবাগতং পাপং তত্রৈব প্রতিগচ্ছতু। শান্তিঃ শান্তিঃ শান্তিঃ ॥ ৫

কর্ম্মান্তে ক্ষমা প্রার্থনা।

ওঁ প্রীয়তাং পুণ্ডরীকাক্ষঃ সর্ব্ব যজ্ঞেশ্বরো হরিঃ। তস্মিন্ তুষ্টে জগৎ তুষ্টং প্রীণিতে প্রীণিতং জগৎ। ১। অজ্ঞানাৎ যদি বা

যথা মম॥ প্রহরে প্রহরে স্নানং পূজাঞ্চৈব বিশেষতঃ। কুর্ব্বীত সমস্তধ্বাঘৈর্গন্ধপুষ্পাদিভি স্তথা॥ দুগ্ধেন প্রথমং স্নানং দধ্না চৈব দ্বিতীয়কং। তৃতীয়ে চ তথাজ্যেন চতুর্থং মধুনা তথা॥ স্নানং কৃত্বা বিধানেন মূলমন্ত্রেণ চৈব হি। পূজয়েন্মাং যথাভক্ত্যা নৃত্যগীতাদিভিস্তথা॥ অপরেদ্যুস্ততো বিপ্রান্ মম ভক্তান্ শুভ-ব্রতান্। ভোজয়িত্বা তথাভ্যর্চ্চ্য পারণং স্বয়মাচরেৎ॥ এবমেতদ্-দ্ভুতম্ দেবী মম প্রীতিকরং পরং। যজ্ঞদান তপস্যাশ্চ কলা নার্হন্তি ষোড়শীম্॥ এতদ্ব্রতপ্রভাবেন গাণপত্যমবাপ্নুয়াৎ। সপ্তদীপেশ্বর পৃথ্যাং জায়তে কামচারবান্॥ তিথেরস্যাশ্চ মাহাত্ম্যং কথ্যমানং ময়া শৃণু॥ অস্তি বারাণসীনাম পুরী সর্ব্বগুণৈর্যুতা। ব্যাধস্তত্রাবসদ্ঘোরঃ সর্ব্বদা প্রাণিহিংসকঃ॥ খর্ব্বঃ কৃষ্ণবপুঃ ক্রূরঃ পিঙ্গাক্ষ পিঙ্গকেশরঃ। বাগুরাপাশশল্যাদি প্রপূরিত গৃহান্তরং॥ স একদা বনং গত্বা হত্বা চ বিবিধান্ পশূন্। মাংস-ভারং বহন্ গেহং স্বকীয়ং গন্তুমুদ্যতঃ॥ সোহসমর্থস্তু তং ভারং বোঢ়ুং শ্রান্তো বনান্তরে। বিশ্রামহেতোঃ সুস্বাপ মূলে চৈ কস্ত-চিত্তরোঃ॥ অথাস্তমগমৎ সূর্য্যো। নিশাভূদ সুভয়াপ্রদা। তত উত্থায় সোহপশ্যন্ন কিঞ্চিত্তিমিরাবৃতং॥ হস্তামর্ষবশাত্তত্র বৃক্ষে শ্রীফলসংজ্ঞকে। লতাপাশৈর্বহুবিধৈর্মাংসভারং ববন্ধ সঃ॥ তমেব বৃক্ষমারুহ্য মূলে শ্বাপদ ভীষিতঃ। শীতার্ত্তশ্চ ক্ষুধার্ত্তশ্চ কম্পা-ন্বিতকলেবরঃ॥ জজাগার তদা রাত্রৌ প্লুতো নীহারবারিণা। দৈবযোগাচ্চ তন্মূলে লিঙ্গং তিষ্ঠন্তি মামকং॥ শিবরাত্রিতিথিঃ সা চ নিরাহারাশ্চ লুব্ধকঃ। অথ তদ্দেহসংসর্গী হিমপাতো মমোপরি॥

অঙ্গে তদা বরারোহে ভগ্নপত্রচ্যুতিঃ ক্ষণাৎ। তস্থ তেনৈব ভাবেন মম তোষোমহানভূৎ॥ তিথিমাহাত্ম্যতো দেবী বিল্বপত্রস্থ চেশ্বরি॥ ন স্নানং তথা পূজা ন নৈবেদ্যাদিসম্ভবঃ। তথাপি তিথিমাহাত্ম্যাৎ তত্র মেঽর্চ্চা মহাফলা॥ অথ প্রভাতে বিমলে গতোঽসৌ নিজমন্দিরং। কদাচিদায়ুসঃ শেষে যমদূতস্তমভ্যাগাৎ॥ বন্ধুকামস্ত তং দূতং পাশেন বিবিধেন চ। পুরুষো বারয়ামাস মদীয়ো মন্নিয়োগতঃ॥ অথোভয়ো র্ব্যাধহেতোঃ কলহ সুমহানভূৎ। তথাহতো মদীয়েন দূতেন যমদূতকঃ॥ যমং সমানয়ামাস মৎপুরদ্বারমুজ্জ্বলং। দৃষ্ট্বা চ নন্দিনং তত্র সর্ব্বমকথয়ৎ কথাং॥ ব্যাধস্থ চ কুকর্ম্মত্বং যাবজ্জীবং তমব্রবীৎ। তচ্ছ্রুত্বা তস্য ধর্ম্মস্তোবচনং নন্দিকেশ্বরঃ; ব্যাধস্থ তদ্দিনে কর্ম্ম শ্রাবয়ামাস তং যমং। এবমেব ন সন্দেহো যাবজ্জীবং দুরাত্মবান্॥ পাপমেবাকরোদ্ব্যাধো ধর্ম্মরাজ তথাপ্যসৌ। শিবরাত্রি প্রভাবেন নীতঃ সর্ব্বেশসন্নিধিং॥ ততোঽসৌ বিস্ময়াবিষ্টো বন্দিত্বা নন্দিনং যমঃ। দূতান্বিতো যযৌ গেহং স্বকীয়ং শিবভাবতঃ॥ এবমস্থ প্রভাবেন ব্রতস্থ বরবর্ণিনি। অবোচং তব ভাবেন কিমন্যৎ কথয়ামি তে॥ তচ্ছ্রুত্বা ভগবদ্বাক্যং বিস্মিতা হিমশৈলজা। প্রশশংস তদৈবৈতং শিবরাত্রিব্রতং মুদা॥ বান্ধবেভ্যোপ্যকথয়ৎ ব্রতমেতৎ পতিব্রতা। তৈশ্চাপি কথিতং পৃথ্বাং প্রকাশমুপপাদিতং॥ ভূতেশ্বরাদিহ পরোঽস্তি ন পূজনীয়ো নৈবাশ্বমেধসদৃশঃ ক্রতুরস্তি লোকে। গঙ্গাসমং ত্রিভুবনে ন চ তীর্থমস্তি নাস্যদ্ব্রতং শিবরাত্রি সমং তথাস্তি॥

ইতি লিঙ্গপুরাণে শিবরাত্রি ব্রতকথা সমাপ্তা॥

—ঃ০ঃ—

শ্রীকৃষ্ণজন্মাষ্টমী ব্রত কথা।

বশিষ্ঠং প্রতি দীলিপ উবাচ॥ ভাদ্রমাসসিতে পক্ষে যস্যাং জাতো জনার্দ্দনঃ। তদহং শ্রোতুমিচ্ছামি কথয়স্ব মহামুনে॥ কথং বা ভগবান জাতঃ শঙ্খচক্রগদাধরঃ। দেবকীজঠরে জন্ম কিং কর্ত্তুং কেন হেতুনা। বশিষ্ঠ উবাচ। শৃণু রাজন্ প্রবক্ষ্যামি যস্মাজ্জাতো জনার্দ্দনঃ। পৃথিব্যাং ত্রিদিবং ত্যক্ত্বা ভবতে কথয়াম্যহং॥ পুরা বসুন্ধরাহ্যাসীৎ কংসমারাধনতৎপরা। স্বাধিকারপ্রমত্তেন কংস-দূতেন তাড়িতা॥ ক্রন্দিতুং ক্রন্দিতুং সাপি যযৌ ঘূর্ণিতলোচনা। যত্র তিষ্ঠতি দেবেশ উমাকান্তো বৃষধ্বজঃ কংসেন তাড়িতা দেব ইতি তস্মৈ নিবেদয়েৎ। বারিবর্ষতি নেত্রাভ্যাং বিবর্ণা সাপমানিতা॥ ক্রন্দিতাং ক্ষাং সমালোক্য কোপেন স্ফুরিতাধরঃ। উময়া সহিতং সর্ব্বৈর্দ্দেবাবৃন্দৈরলঙ্কৃতঃ। আজগাম মহাদেবো বিধাতৃভবনং ক্রুধা। গত্বা চোবাচ ব্রহ্মাণং কংস ধ্বংসনিমিত্তয়ে। উপায়ং সৃজ্যতাং ব্রহ্মন্ ভবতা বিষ্ণুনা সহ। ঐশ্বরং তদ্বচঃ শ্রুত্বা গন্তুং প্রাক্রমতাত্মভূঃ। ক্ষীরোদে যত্র বৈকুণ্ঠঃ সুপ্রাস্তে ভুজগোপরি॥ হংসপৃষ্ঠে সমারুহ্য হরেরন্তিকমাযযৌ। তত্র গত্বা হরিং ধ্যাত্বা দেববৃন্দৈর্হরাদিভিঃ॥ সংযুক্তঃ স্তৌতি তং বাগ্‌ভিরর্থ্যাভির্বাধিদাম্বরোঃ। নমঃ কমল-নেত্রায় হরয়ে পরমাত্মনে। জগৎপালনকর্ত্রে চ লক্ষ্মীকান্ত নমো-ঽস্তুতে॥ ইতি তেষাং স্তুতিং শ্রুত্বা প্রত্যুবাচ জনার্দ্দনঃ। সর্ব্বান্ ক্লিষ্টমুখান্ দৃষ্ট্বা ভবতামাগতং কথং॥ ব্রহ্মোবাচ। শৃণু দেব জগন্নাথ যস্মাদস্মাভিরাগতং কথয়ামি সুরশ্রেষ্ঠ তদহং লোকতারণং॥ শৃণ-

পাণিবরোন্মত্তঃ কংসরাজো দুরাসদঃ। বসুধা তাড়িতা তেন ইতি তস্মৈ নিবেদিতুং ॥ বরং দত্বাপুরাপ্যুগ্রোমায়য়া স প্রবঞ্চিতঃ ভাগিনেয়ং বিনা রাজন্ শাস্তা ন ভবিতা তব॥ তস্মাদ্গচ্ছ সুরশ্রেষ্ঠ কংসং হন্তুং দুরাসদং। দেবকীজঠরে জন্ম লব্ধা গত্বা চ গোকুলং॥ ব্রহ্মণা প্রেরিতো দেবঃ প্রত্যুবাচ পশোঃপতিঃ। পার্ব্বতীং দেহি দেবেশ অদ্যং স্থিত্বা গমিষ্যতি ॥ উময়া রময়া সার্দ্ধং শঙ্খচক্রগদাধরঃ। উদ্দিশ্য মথুরাচক্রে প্রয়াণং কংসনাশনং॥ দেবকীজঠরে জন্ম লেভে তত্র গদাধরঃ। যশোদাকুক্ষিমধ্যান্তে শর্ব্বাণী মৃগলোচনা॥ নবমাসাং শ্চ বিশ্রাম্য কুক্ষৌ নবদিনাধিকান্॥ ভাদ্রে মাস্যসিতেপক্ষে অষ্টমীসংজ্ঞিতা তিথৌ। রোহিণীতারকাযুক্তা রজনী ঘনঘোষিতা॥ ধুমযোনৌ তড়িদ্যুক্তেবারি বর্ষতি শোভনে। বৈষ্ণবীমায়য়া নিদ্রাং গতাঃ সর্ব্বে চ রক্ষকাঃ॥ অত্রান্তরে নিশার্দ্ধে তু রোহিণী সংযুক্তা তিথৌ। তস্যাং জাতো জগন্নাথ কংসারির্বসুদেবজঃ। বৈরাটে নন্দপত্নী চ যশোদাঽজীজনৎ সুতাম্। পুত্রং চতুর্ভুজম্ শ্যামং শঙ্খাদ্যায়ুধসংযুতম্॥ পঙ্কজাস্যাং পদ্মনাভিং প্রসন্নকমলেক্ষণম্। তদা ক্রন্দিতুমারেভে দৃষ্ট্বা চানক দুন্দুভিঃ॥ কংসরাজভয়াৎত্রাহি উবাচ দেবকী তদা। অভূদাকাশবাণী চ তত্রৈব সময়েঽপি চ॥ বৈরাটং গচ্ছ বিপেন্দ্র যথা নন্দবিবর্দ্ধিতঃ। সুতং দত্বা যশোদায়ৈ সুতাং তস্যাঃ সমানয়॥ তাং দৃষ্ট্বা কংসরাজোঽপি সভায়াং ন হনিষ্যতি তস্য বাক্যংসচাকর্ণ্য দ্বিজশ্রেষ্ঠোঽতিদুঃখিত॥ অঙ্কে কুমারমাদায় বৈরাটাভিমুখম্ যযৌ। যমুনা জলসম্পূর্ণা তৎপথে মধ্যবর্ত্তিনী। অতিস্রোতা মহাবীর্যা সুতীক্ষ্ণা ভয়কারিণী। তাং দৃষ্ট্বা তত্তটে স্থিতা

কুমারমবলোকয়ন্। বসুদেবোঽতিদুঃখার্তো বিলোলচেতসো ঽভবৎ॥ কিঙ্করোমি ক গচ্ছামি বিধিনাঽপি বঞ্চিতঃ। কথমত্রম্ গমিষ্যামি বৈরাটে নন্দমন্দিরং॥ হরিণা তত্র সানন্দং মায়য়া বঞ্চিতঃ পিতা। ক্ষণমাত্রং তটে স্থিত্বা যমুনা মবলোকয়ন্॥ তেন দৃষ্ট্বা ততঃ সাপি ক্ষীণা জানুবহা ভবেৎ। শিবারূপেণ গচ্ছন্তী দেবী তু যমুনাজলে॥ তাং দৃষ্ট্বা হৃষ্টচিত্তঃ সমবগাহ্য সরিজ্জলে। মায়াং কৃত্বা জগন্নাথ পিতুরঙ্কাজ্জলেঽপতৎ। তং সুতং পতিতং দৃষ্ট্বা সূর্য্যজাজীবনে দ্বিজঃ। তদা ক্রন্দিতুমারেভে ভালে স ব্যাহনৎ করং॥ বিধিনা বৈরিনাহত্র দুঃখিতোঽহং প্রবঞ্চিতঃ। ত্রাহি মাং জগতাং নাথ পুত্রং দেহি সুরোত্তম। জনকং ক্রন্দিতুং দৃষ্ট্বা কংসারি কৃপয়ান্বিতঃ। জলক্রীড়াং সমাচর্য্য পিতুরঙ্কে বসেৎ পুনঃ॥ তথা তেন দ্বিজশ্রেষ্ঠো গতবান্ নন্দমন্দিরং। সুতং দত্ত্বা যশোদায়ৈ সুতাং তস্যাঃ সমানয়ৎ॥ সুতামঙ্কে কথমপি গৃহীত্বানকদুন্দুভিঃ নিজাগারং স্বয়ং প্রাপ্য পুনঃ প্রত্যর্পিতা সুতা॥ দেবকী চ প্রসূতেতি বার্ত্তা প্রাপ্তা সুবারিণা আনেতুং প্রেষিতো দূতঃ সুতং দুহিতরং তু বা॥ আগত্য কংসদূতোঽসৌ সুতাং নেতুং প্রচক্রমে। বলদর্পাৎ সমাকৃষ্য দেবকীবসুদেবয়োঃ॥ কংসদূতো গৃহীত্বা তাং কংসায় দর্শয়েৎ পুনঃ। তাং দৃষ্ট্বা কংসরাজোঽপি সভয়োঽভূদ্দুরাসদঃ॥ তপ্ত কাঞ্চনবর্ণাভাং পূর্ণেন্দু সদৃশাননাং। দৃষ্ট্বা কংসং বিহস্তন্তাং বিদ্যুৎস্ফুরিতলোচনাং॥ আদিদেশা সুরশ্রেষ্ঠো বধং নীত্বা শীলোপরি। আজ্ঞাং লব্ধাসুরাস্তস্য নিষ্পেষ্টুং তাং প্রবর্ত্তিতাঃ॥ বিদ্যুদ্রূপধরা গৌরী জগাম শঙ্করান্তিকং। অন্তরীক্ষে ক্ষণং স্থিত্বা সুরারিং প্রাহপার্ব্বতী॥

হন্তুং ত্বাং গোকুলে জাতঃ কেশবঃ সুরপালকঃ। তত্রতিষ্ঠন্ জগন্নাথ কংসারি সুরকৃত্যকৃৎ॥ ক্রীড়িত্বা বালভাবেন কংসধ্বংসমনা হিসঃ। প্রাপ্তমাত্রেন তং কংসং জঘান জগদীশ্বর॥ এতত্তে কথিতং রাজন্ বিষ্ণোর্জ্জন্মদিনব্রতং। য ইদং কুরুতে ভক্ত্যা যা চ নারী হরের্ব্রতং। অন্তকালে হরেঃ স্থানং লভেত নাত্র সংশয়ঃ॥

ইতি ভবিষ্যপুরাণে বশিষ্ঠদিলীপসংবাদে
শ্রীকৃষ্ণজন্মাষ্টমীব্রতকথা সমাপ্তা।

শ্রীরাধাষ্টমী ব্রত কথা।

আরাধনানাং সর্ব্বেষাং কৃষ্ণারাধানমুত্তমং। ততোঽপ্যধিকমপ্যস্যারাধনং চেত্বদস্ব নঃ। শ্রীসূত উবাচ। শৃণুধ্বং মুনয়ঃ সর্ব্বে-ব্রতমেতৎ সুগোপিতং। কৃষ্ণনারদ-সংবাদং যৎশ্রুত্বা ভক্তিমান্ ভবেৎ॥ নারদ উবাচ। শ্রুতাঃ সর্ব্বাবতারস্তে কৃষ্ণ কৃষ্ণ সনাতন। রাধিকায়া মহাদেব্যাঃ প্রাদুর্ভাবং বদস্ব মে॥ ন চাস্যা ধরণী ভারলাঘবো হেতু রিষ্যতে। বৃষভানুরসৌ পূর্ব্বং কিং তেপে পরমং তপঃ॥ কোবাপ্যয়ং কস্য তনয়াং কেন জাতো মহাবনে। যদগৃহে রাধিকা নিত্যা পরম প্রেয়সী তব॥ সর্ব্ব লক্ষ্মীময়ি দেবী পরাচিচ্ছক্তিরূপিণী। প্রাদুর্ভূতা জগন্নাথ তন্মেকথয় সুব্রত॥ ত্বদ্দাসদাসদাসোঽহং খ্যাতো জগতি নারদঃ। এতচ্ছ্রুত্বা মুনের্ব্বাক্যং প্রসন্নঃ প্রাহঃ কেশব॥ স্নিগ্ধগম্ভীরয়া বাচা প্রহসন্ মুনিপুঙ্গবং॥ শ্রীকৃষ্ণ উবাচ। শৃণুষাবহিতো ব্রহ্মণ কথামেতাং পুরাতনীং। জীবন্মুক্তোঽসি ভক্তোঽসি তেন ত্বাং কথয়াম্যহং॥ নাভক্তায়ন্ন

ভক্তায় কথামেতাং প্রকাশয়েৎ। প্রকাশাৎ স্বামাপ্নোতি সত্যং সত্যং বদাম্যহং॥ একদা ভাস্করোদেবো যদৃচ্ছাক্রমতোভ্রমন্। কাশ্যপীং প্রিয়মালোক্য চক্রে তপসি মানসং॥ মন্দরোশৃঙ্গমাসাদ্য সর্ব্বভোগবিবর্জ্জিতঃ। দিব্যবর্ষসহস্রাণি তপস্তেপে সুদুষ্করং॥ সমাপিরুদ্ধপবন উর্দ্ধপাদোহ্যধঃ শিরাঃ। অথেন্দ্রোভয়সংভ্রান্তঃ সর্ব্বদেবসমন্বিত॥ মনান্তিকং সমাগম্য তত্তদ্বৃত্তং ন্যবেদয়ৎ। ততস্তৎ কারণং জ্ঞাত্বা দেবাংস্তানুহমব্রবং॥ গচ্ছধ্বমমরাঃ সর্ব্বে ভয়ং বো মাস্তু ভাস্বতঃ। অহমস্য মনোবৃত্তিং জানাম্যতি সুদুষ্করং॥ ময়ৈবৈতৎ প্রতিবিধিঃ কর্ত্তব্যোনাত্র সংশয়ঃ। ইতি শ্রুত্বা ততোদেবাঃ স্বং স্বমাবাসমাগতাঃ॥ নিশ্চিন্তা স্ব স্ব কর্ম্মাণি চক্রুঃ কৌতুহলান্বিতাঃ। কৃষ্ণস্তু গরুড়ারূঢ় পীতবাসাঃ সমাগতঃ॥ যত্র ভানুমহাযোগী তপস্যতি সুদুষ্করং। অথ ভানুঃ পরং রূপং শ্রীকৃষ্ণস্য সমাগতং॥ বহির্দৃষ্ট্বা পরানন্দ নিমগ্নঃ প্রাহ কেশবং॥ সৃষ্টিস্থিতিলয়ানাং হি হেতুস্ত্বমসি বিশ্বদৃক্। ইত্যুক্তবন্তং তং ভানুমাহ দামোদরোহসন্। বরং বরয় ভদ্রং তেস্তপঃ সিদ্ধোহসি ভাস্বরঃ॥ ত্বদ্ভক্ত্যা তপসা চাপি বরদোহহমিহাগতঃ। ভাস্কর প্রাঞ্জলির্ভূত্বা নমস্কৃত্য গদাধরং॥ ভাস্কর উবাচ। যদ্যহং তদনুগ্রাহ্যো বরদো যদি বা ভবান্। কন্যাং লক্ষণসংযুক্তাং দত্বা ত্বদ্বশগো ভব। এবমুক্তো ভাস্করেণ হরিধ্যান পরায়ণঃ। স্নিগ্ধগম্ভীরয়া বাচা প্রীণয়ন্ প্রাহ ভাস্বরং॥ শ্রীকৃষ্ণ উবাচ। এবমেব তবাপত্যং ভবিষ্যতি ন সংশয়ঃ। কৃতস্তপঃ প্রভাবেন ভবতা দুষ্করো বরঃ॥ স নাস্তি ত্রিষু লোকেষু যস্য তিষ্ঠাম্যহং বশে। বিনা রাধাং প্রিয়তমাং প্রাণেভ্যোহপি গরীয়সীং॥ তস্যাপ্রসাদ মিচ্ছামি পানীয়মিব চাতকঃ। ইত্যুক্ত্বা তং সমাশ্বাস্য

তত্রৈবাস্তবধীয়তঃ॥ অথ মাথুরভূখণ্ডে প্রাদুর্ভূতে জগদ্‌গুরৌ। নন্দে পিতরি তত্রৈব ভাস্করে ভক্তিতৎপরঃ॥ বৃষভানুরিতি খ্যাতো জজ্ঞে বৈশ্যকুলোদ্ভবঃ। সর্ব্বসম্পত্তিসম্পন্নঃ সর্ব্বধর্ম্মপরায়ণঃ। উবাহ কীর্ত্তিদানাম্নীং গোপকন্যামনিন্দিতাং। সর্ব্বলক্ষণসম্পন্নাং প্রতপ্তকনকপ্রভাং॥ বৃষভানোর্ম্মহাভক্ত্যা কীর্ত্তিদায়াস্তপোবলাং। ভাদ্রে মাসে সিতে পক্ষে অষ্টমী যা তিথির্ভবেৎ। তস্যাং বিশাখা-নক্ষত্রে দিনার্দ্ধেঽভিজিতে ক্ষণে। অতীব সুকুমারাঙ্গীং কীর্ত্তিদাঽ-সূত কন্যাকাং॥ শ্রুত্বা চানন্দিতা গোপা দধিক্ষীরাদিপাণয়ঃ। ত্রৈলোক্যাদ্ভুত সৌন্দর্য্যাং দৃষ্ট্বা গোপ্যঃ সুবিস্মিতাঃ॥ হরিদ্রাচূর্ণ তৈলাদ্ভিঃ সিঞ্চন্ত্যশ্চ পরস্পরং। গোপাঃ পরমসংহৃষ্টাশ্চক্রুস্তে পর-মাশিষঃ॥ দাসোদাসাশ্চ ধাবন্তঃ কথয়ন্তশ্চ সর্ব্বতঃ। ধন্যা সেয়ং কীর্ত্তিদাহ প্রশশংসুঃ পরস্পরং॥ বৃষভানুর্মহাহৃষ্টো দদৌ দানাদি ভূরিশঃ। মহামহোৎসবং চক্রুর্গোপা হৃষ্টা গৃহে গৃহে॥ নন্দাত্মজো-ঽপ্যভবৎ যথা তৎপুর্ব্বমীরিতং॥ ইত্থং শ্রীরাধিকাদেবী প্রাদুর্ভূতা ধরাতলে। মন্মায়ামোহিতমতির্নাত্মানং বেত্তি কর্হিচিৎ॥ মামেব পতিমিচ্ছন্তী ভানুপূজাং দিনে দিনে। করোতি সখিভিঃ সার্দ্ধং পুণ্যে গোবর্দ্ধনে গিরৌ॥ মন্মায়া কল্পিতং তচ্চ ন বেত্তি যাপি দ্বিজ। অনয়া সহঃ বিচ্ছেদঃ ক্ষণমাত্রং ন বিদ্যতে॥ তথা চেদ্রস-পোষায় প্রাকট্যানুসারতঃ। করোমি লীলামতুলাং যোগাযোগ-প্রবন্ধিতাং॥ এবং কংসাদিদুর্বৃত্তং বধায় মথুরামহং। গত্বা কংসা-দিকং হত্বা ব্যচরং দ্বারকামহং॥ দন্তবক্রাদিদুর্দ্দান্তং বধিত্বাগতঃ গোকুলং। ততঃ পাণিগ্রহেণৈষা স্বীকৃতা জনসংসদি॥ প্রকট-

স্ত্রানুসারেণ লোকবল্লীলয়া ময়া। ইতি কৃষ্ণমুখাদুক্তমদ্ভুতং লোমহর্ষণং। শ্রুত্বা ভুবি সমাসীনঃ কেশবং পুনরুচিবান্॥ নারদ উবাচ। এতদ্ব্রূহি কৃপয়ার্থ কেন রাধা প্রসীদতি। ইতি শ্রুত্বা কৃপাবিষ্টো নারদং প্রাহ নারদং॥ শ্রীকৃষ্ণ উবাচ। অষ্টামেব তিথৌ রাধাং পূজয়িত্বা ময়া সহ। নানোপহারনৈবেদ্যৈর্বস্ত্রালঙ্কারভূষণৈঃ॥ মহামহোৎসবং কুর্য্যাৎ ক্রীড়াকৌতুকমঙ্গলৈঃ। ধূপৈদীপৈশ্চ তাম্বুলৈঃ কুঙ্কুমাক্তিতদামভিঃ॥ ততস্তথৈবোপাহারৈঃ পূজয়েদ্রাধিকাং সতীং গোগোপগোপিকাশ্চাপি পূজয়েৎ ভুক্তিতৎপরঃ। কীর্ত্তিদাং বৃষভানুঞ্চ নন্দাদীংশ্চাপি পূজয়েৎ। পরেঽহ্নি পারণং কুর্য্যাৎ বৈষ্ণবৈঃ সহ বৈষ্ণবঃ। ইত্থং তে কথিতং বিপ্র পুণ্যং রাধাষ্টমীব্রতম্। রাধিকাপ্রীতিজননম্ মৎপ্রসাদস্য কারণং॥ রাধিকায়াং প্রসন্নায়াং সুতরাং মৎপ্রসন্নতা। বিনা রাধাপ্রসাদেন মৎপ্রসাদো ন বিদ্যতে॥ মাঞ্চ দামোদরং ধ্যাত্বা মৎপত্নীং রাধিকাং তথা। যঃ পূজয়তি মাং ভক্ত্যা সদাহং তস্য চেতসি॥ সত্যং সত্যং পুনঃ সত্যং সত্যমেব পুনঃ পুনঃ। প্রেয়সীয়ং যথা রাধা মদ্ভক্তা মে তথা প্রিয়াঃ॥ কৃষ্ণেতি দ্ব্যক্ষরং নামং রাধয়া সহ যো জপেৎ। তস্য রাধাপদদ্বন্দ্বে মতির্ভবতি নৈষ্ঠিকী॥ মন্ত্রামন্ত্রজপেন যৎফলং লভতে নরঃ। তৎফলং স সমাপ্নোতি রাধাকৃষ্ণেতি কীর্ত্তনাৎ॥ শ্রীসূত উবাচ। শ্রুত্বৈতৎ কৃষ্ণবচনং নারদো মুনিসত্তমঃ। চকার তদ্ব্রতং ভক্ত্যা বৈষ্ণবানপ্যশিক্ষয়ৎ॥ অথ দামোদরং নত্বা শ্রীরাধাসহিতং মুদা। প্রণম্য দণ্ডবৎ ভূমৌ যযৌ স নারদো মুনি॥

ইতি শ্রীরাধাষ্টমীব্রতকথা সমাপ্তা।

শ্রীরামনবমীব্রতং।

পুরৈকদা সুখাসীনং ব্রহ্মাণং জগতাং পতিং। সহসাগত্য তত্রৈব সনকঃ সংজিতেন্দ্রিয়ঃ॥ সনক উবাচ। রাজা দশরথো নাম রাজ্ঞ্যা কৌশল্যয়াপি বা; কর্ম্মণা কেন লব্ধস্তু পুত্রোহসৌ জগতাং পতিঃ। দুর্ব্বাদলশ্যামরামো বিস্তার্য্য কথয়স্ব মে। ব্রহ্মোবাচ। সাধু পৃষ্টং ত্বয়া বৎস জগতাং হিতকারকং॥ পুরা রাজা দশরথঃ কৌশল্যা চ সমাহিতং। জজাপ মন্ত্রং দুর্গায়াঃ শিবস্য চ বিশেষতঃ। তয়োর্জপেন তুষ্টঃ সন্ শিবঃ প্রত্যক্ষতাম্ গতঃ॥ দশরথ উবাচ। অদ্য মে সফলং জন্ম অদ্য মে সফলং ক্রিয়া। অদ্য মে সফলং চক্ষুর্যতস্ত্বমবলোকিতঃ। শ্রীশিব উবাচ। কিন্তে কার্য্যং মহারাজ কথয়স্ব দদামি তৎ। দশরথ উবাচ। দেবদেব হ্যপুত্রোহহমিতি দুঃখেন দুঃখিত। চিরং বিচার্য্য মনসা শিবারাধানতৎপরঃ॥ ইতি শ্রুত্বা মহাদেব স্তমুবাচ দয়াপরঃ। কুরু রাজন্ বংশযজ্ঞং ততস্তে জগতাংপতিঃ। শ্রীরাম নাম্না পুত্রোহসৌ কৌশল্যায়াং ভবিষ্যতি। ইত্যুক্ত্বা তম্ দেবদেব স্তত্রৈবান্তর ধীয়তে॥ ইতি রুদ্রমুখাৎ শ্রুত্বা রাজা দশরথঃ সুখী। ততশ্চক্রে বংশযজ্ঞং সদেব্যা সহ তৎপরঃ। ততঃ কালে মহারাজ্ঞীঃ গর্ভং ধত্তে। মনোহরম্ চৈত্রে মাসি সিতে পক্ষে নবম্যাং শোভনে দিনে। অতিপুণ্যেন সুলগ্নে জাতো রামঃ স্বয়ং হরিঃ॥ পুনর্ব্বসুনক্ষত্রযুক্তা সা তিথিঃ সর্ব্বকামদা। শ্রীরামনবমী প্রোক্তা কোটিসূর্য্যগ্রহাধিকা। তস্মিন্ দিনে মহাপুণ্যে রামমুদ্দিশ্য ভক্তিতঃ। যৎকিঞ্চিৎ ক্রিয়তে কর্ম্মতদ্ভবক্ষয়কারকং।

উপাসনং জাগরণং পিতৃমুদ্দিশ্য তর্পণং। তদ্দিনে সুমহাপুণ্যে রামমুদ্দিশ্য ভক্তিতঃ। যস্তু রামনবম্যান্তু ভুঙ্‌ক্তে মর্ত্ত্যো বিমূঢ়ধীঃ। কুম্ভীপাকেষু ঘোরেষু পচ্যতে নাত্র সংশয়ঃ। কুর্য্যাদ্রামনবম্যাং যঃ উপাসনমতন্দ্রিতঃ। ন শেতে মাতৃজঠরে স্বয়ং রামো ভবেত্তু সঃ॥ শ্রীরামনবমীনাম পুণ্যাৎ পুণ্যতমব্রতং। ইতি শ্রুত্বা সুসন্তুষ্টঃ সনকঃ পুনরব্রবীৎ॥ সনক উবাচ। বিধিনা কেন কর্ত্তব্যং বদ মে কমলোদ্ভব। ব্রহ্মোবাচ। ব্রতপূর্ব্বদিনে স্নাত্বা সকৃদ্ভুক্তো নিরামিষং। ত্যক্ত্বা চ যোষিৎশয়নম্ শয়িতঃ স্থণ্ডিলে কুশে॥ ব্রাহ্মে মুহূর্ত্তে চোত্থায় কৃত্বা প্রাতঃক্রিয়াং ততঃ। প্রাতঃস্নাত্বা শুচির্ভূত্বা সঙ্কল্পং বিধিবচ্চরেৎ॥ প্রতিমায়াম্ ঘটেবাপি পটে বা যন্ত্রতোঽপি বা। শালগ্রামশিলায়ান্তু তুলসীদল কল্পিতা। পূজা শ্রীরামচন্দ্রস্য কোটি কোটি গুণাধিকা॥ কৌশল্যা পূজনীয়াদৌ রাজা চৈব ততঃপরং। পূজয়েৎ পরয়া ভক্ত্যা পরিবারাং স্ততঃপরং॥ ততো গ্রহাংশ্চ দিক্‌পালান্ গণেশাদীন্ প্রপূজয়েৎ। ততোমধ্যাহ্নগে সূর্য্যে তজ্জন্ম ভাবয়েৎব্রতী॥ উচ্চস্থে গ্রহপঞ্চকে সুরগুরৌ কেন্দ্রেনবম্যাতিথৌ। লগ্নে কর্কটকে পুনর্ব্বসুদিনে মেষং গতে পুষণি॥ নির্দ্দগ্ধনিখিল-পলাশসমিধৌ মেধ্যাদয়োধ্যারণেরাবির্ভূত পূর্ব্ববিভবম্ যৎকিঞ্চিদেকম্ মহঃ॥ ততো বাদ্যাদিকং কৃত্বা দত্বাদর্ঘ্যং বিশেষতঃ মূলমন্ত্রেণ দত্বাদৈভক্ত্যা পুষ্পাঞ্জলিত্রয়ং॥ এবমষ্টসু যামেষু অষ্টধা পূজয়েৎ ব্রতী। ইতিহাসকথাং শ্রুত্বা গীতনৃত্যৈর্নিশাং নয়েৎ। ততঃ পরদিনে প্রাতঃস্নানম কৃত্বা বিধানতঃ॥ রামং দূর্ব্বাদলশ্যামম্ ভক্ত্যা ক্ত্যা প্রপূজয়েৎ। দক্ষিণাং বিধিবদ্দত্বা অচ্ছিদ্রমবধারয়েৎ।

ভোজয়িত্বা ততোবিপ্রান স্বয়ং পারণমাচরেৎ। যস্ত্বিদং শৃণুয়ান্নিত্যং পুণ্যাহে চ বিশেষতঃ। বহুপুত্রীধনার্থী চ অন্তে ব্রহ্মত্বমাপ্নুয়াৎ॥ রাজদ্বারে মহাঘোরে সংগ্রামে শত্রুশঙ্কটে। দূর্ব্বাদলশ্যাম রাম স্তস্য রক্ষাকরোভবেৎ॥ বন্ধ্যা পুত্রবতী সাধ্বী পতিচিত্তানুসারিণী। সপত্নী দর্পদলনী সা ভবেন্নাত্র সংশয়ঃ। ময়ৈতৎ কথিতম্ বৎস তব স্নেহাৎ ব্রতোত্তমং॥

ষট্পঞ্চমী ব্রতং।

তীর্থযাত্রানিবর্ত্তোঽপি নারদো মুনিসত্তমঃ। লক্ষ্ম্যা সহ সমাসীনং বিষ্ণুং পপ্রচ্ছ সাদরং নারদ॥ উবাচ। কেনোপায়েন ভগবন্নারীদুঃখং ন বিন্দতি। সৌভাগ্যমথ সৌন্দর্য্যমারোগ্যঞ্চাবিগচ্ছতি॥ ইহলোকে সুখং ভুঙ্‌ক্তে ভর্ত্তৃবক্ষঃস্থলস্থিতা। তদহং শ্রোতু মিচ্ছামি ব্রূহি মে গরুড়ধ্বজঃ॥ ইত্যুক্তোমাধবশ্চক্রে লক্ষ্মীমুখনিরীক্ষণং। ইঙ্গিতজ্ঞা ততঃ পদ্মা পদ্মপত্রায়তেক্ষণা। বল্লভাজ্ঞাং পুরস্কৃত্য প্রীত ব্রতমুবাচ হি॥ লক্ষ্মীরুবাচ॥ ষট্‌পঞ্চমীব্রতং সম্যক্ শ্রূয়তাং পাপনাশনং। সৌভাগ্যারোগ্যসৌন্দর্য্যপুত্রপৌত্র ধনপ্রদং। ষট্‌পঞ্চমীব্রতং নাম যা করোতি পতিব্রতা। সপ্তদ্বীপেশ্বরপত্নী সা ভবেন্নাত্র সংশয়ঃ॥ অহং তস্যা গৃহে নিত্যং যথা নারায়ণে স্থিরা। তস্যাস্তুষ্টা হি সততং চঞ্চলা নিশ্চলা ভবেৎ॥ রূপযৌবনসম্পন্না সর্ব্বাভরণভূষিতা। শচীব পুরহূতস্য রতীব মদনস্য চ। হরস্য চ যথা গৌরী অহং নারায়ণে যথা। তথা স পতিনা সার্দ্ধং সুখিনী নিবসেদ্ভুবে॥ মাঘে মাসি সিতে পক্ষে পঞ্চমী যা শুভা ভবেৎ। তস্যামারভ্য কর্ত্তব্যং বৎসরাদষ্ট

ব্রতোত্তমং ॥ বিধানং তস্য বক্ষ্যামি শৃণুষ্ব সুসমাহিতঃ। প্রতিমাসস্য পঞ্চম্যাং সলক্ষ্মীকং জনার্দ্দনং। পূজয়েদ্গন্ধপুষ্পাদ্যৈ নৈবেদ্যৈশ্চ পৃথগ্বিধৈঃ। আজ্য দ্বয়মলবণং হবিষ্যেণ দ্বয়ন্তথা। পঞ্চম্যাং ফলমশ্নীয়াৎ ষষ্ঠে কুর্য্যাদুপোষণং ॥ সর্ব্বদেবার্চ্চনং হোমং লক্ষ্মী-নারায়ণার্চ্চনং। গন্ধপুষ্পাদিভির্ভোজ্যং মাসি মাসি প্রদাপয়েৎ ॥ নৈবেদ্যং বিবিধং দদ্যাৎ তাম্বূলৈঃ সুপরিষ্কৃতৈঃ। এবং কুর্য্যাচ্চ যা নারী শৃণুষ্ব সুসমাহিতঃ ॥ সা সপ্ত কুলমুদ্ধৃত্য বিষ্ণুলোকমবাপ্নুয়াৎ ॥ ষষ্ঠে প্রতিষ্ঠা কর্ত্তব্যা ভোজয়েৎ দ্বাদশদ্বিজান্ ॥ কৃত্বা শৃঙ্গীং সবৎসাং গাং ব্রাহ্মণায় নিবেদয়েৎ। ষট্পঞ্চমীব্রতং সম্যক্ যা করোতি পতিব্রতা ॥ স্বাস্থ্যাদ্যসংশয়ঃ তস্যা গৃহে চাপি সুনিশ্চলা ॥ যথেন্দ্রাণী মহেন্দ্রস্য লক্ষ্মীর্লক্ষ্মীপতে যথা। গিরিশস্য যথা গৌরী সাপি ভর্ত্তুর্ভবেত্তথা ॥ পুত্রপৌত্রধনৈশ্বর্য্য প্রদং ষট্পঞ্চমীব্রতং। যথোক্ত-বিধানেন তস্মাৎকুর্য্যাৎ প্রযত্নতঃ ॥ নারদঃ ব্রতকথাং শ্রুত্বা স্তবমেতদুদীরয়েৎ। নমস্তুভ্যং সদা দেবি পূজ্যা ত্বং হি নমোনমঃ ॥ এবং বিধিবিধানেন যঃ করোতি ব্রতোত্তমং। লভতে স্বামিসৌভাগ্যং লক্ষ্মীস্তস্য গৃহে স্থিরা ॥ ততঃ স্ত্রীণাং হিতার্থায় মুনিনা কথিতং ক্ষিতৌ। ততো ভূপতিভিঃ সার্দ্ধং রাজ্ঞী চৈব ব্রতং চরেৎ ॥ ষট্পঞ্চমীব্রতং নাম সর্ব্বপাপপ্রণাশনং কর্ত্তব্যঞ্চ সদা ভক্ত্যা ষটবর্ষ ব্রতমুত্তমং ॥ নাপ্তিদুঃখং নৈব শোকং নচ রোগমবাপ্নুয়াৎ। সর্ব্বপাপবিনির্ম্মুক্তা বিষ্ণুলোকে মহীয়তে।

ইতি ভবিষ্যপুরাণোক্ত ষট্পঞ্চমীব্রতকথা সমাপ্তা ॥

বীরাষ্টমী ব্রতকথা।

নারদ উবাচ। ভগবান্ দেবদেবেশ লক্ষ্মীকান্ত জনার্দ্দন। কেনোপায়েন দেবেশ স্ত্রীণাম্ শুভাগতির্ভবেৎ॥ শ্রীকৃষ্ণ উবাচ। শৃণু নারদ বক্ষ্যামি গুহ্যম্ বীরাষ্টমীব্রতম্। যৎকৃত্বা বনিতাঃ সর্ব্বাঃ পুরন্দরপুরেঽবসন্॥ নারদ উবাচ। কেনবাচরিতম্ পূর্ব্বম ব্রূহি মে পরমেশ্বর। বিধানং চাস্তুকিং দেব কৃত্বা কিং ফলমাপ্নুতে॥ শ্রীকৃষ্ণ উবাচ। পুরৈকা ব্রাহ্মণী রম্যা সুন্দরী ভর্তৃবল্লভা। অপুত্রা সর্ব্বরত্নাঢ্যা ধর্ম্মদেবস্য ভামিনী॥ সঃ চ তাং ব্রাহ্মণীং দৃষ্ট্বা প্রত্যুবাচ সুদুঃখিত। ন ভবেত্তরঃ পুত্রোঽহংসি ন মে বংশ ভবিষ্যতি॥ বিবাহং প্রকরোমীতি পুত্রার্থং যদি মন্যসে। ন ভবেত্তব দোষত্বাৎ কথং তস্মাৎ ভবিষ্যতি॥ ব্রাহ্মণ্যুবাচ। সেব্যতাং পার্ব্বতী দেবী দেবানামভয়প্রদা। সা তুষ্টা সর্ব্ব তুষ্টার্থং পুত্রপৌত্রং দদাতি বঃ॥ বলিহোমপরোভূত্বা সহ পত্ন্যা ব্রতং চরেৎ। ফলমূলাশনো ভূত্বা নিরাহারো দৃঢ়ব্রতঃ॥ জনাম শরণং ভক্ত্যা জজাপ মন্ত্রমদ্ভুতং। পরিতুষ্টা তদা দেবী বরৌ তাভ্যাং দদৌ পুনঃ॥ পার্ব্বত্যুবাচ। শৃণু বীরাষ্টমী নামব্রতং সর্ব্বফলপ্রদং। আশ্বিনস্য সিতে পক্ষে মহাষ্টম্যাং পতিব্রতা॥ প্রাতরেবাষ্টমীকৃত্তিঃ প্রক্ষাল্যাঞ্জলিং করৌ মুখং। শুক্লাম্বরধরা নারী স্থাপয়েৎ কুম্ভসম্মুখে॥ সর্ব্বান্ দেবাংশ্চ সংপূজ্য মহিষাসুর মর্দ্দিনীং অষ্টপুষ্পাণি দেয়ানি ফলান্যষ্টৌ তথৈব চ॥ অষ্টগ্রন্থিসমাযুক্তং কুঙ্কুমাক্তং সুডোরকং। মন্ত্রেণানেন ভো বিপ্র বিন্যস্যেদ্বাহুমূলকে॥ দুর্গে দেবী জগদ্ধাত্রী ব্রত সূত্রমিদং তব। বধ্নামি বাহুমূলেঽহং বরং দেহি যথেপ্সিতং॥

কলসং গন্ধপুষ্পাভ্যাং মূর্চ্ছিতং জলপূরিতং। দক্ষিণাসহিতং ভোজ্যং দত্ত্বাদ্বিপ্রায় ভক্তিতঃ। সম্পূর্ণে চাষ্টমে বর্ষে কুম্ভাদষ্টৌ প্রদাপয়েৎ। বস্ত্রত্রয়ক সংযুক্তান কুম্ভস্থোপরিসংস্থিতান্॥ অনেনৈব বিধানেন কুর্য্যাৎ পুত্রফলপ্রদং। ইত্যুক্তা পার্ব্বতী দেবী তত্রৈবান্তরধীয়তঃ॥ স্নাত্বা তু মাধবী নাম্নী ব্রাহ্মণী সুপ্রজা ভবেৎ। যা চেদং কুরুতে নারী ব্রতমষ্টম্যামুত্তমং। জন্মান্তরে সুপ্রজাঃ স্যাৎ স্বামীচিত্তানুরঞ্জিনী॥

ইতি ন্নারদীয়পুরাণে বীরাষ্টমীব্রতকথা সমাপ্তা॥

অন্যান্য কথা।

সুবচনীর ব্রত কথা।

রাজা বলে কহ কহ ওহে তপোধন। সুবচনীর ব্রত কথা করিব শ্রবণ ॥ তোমার কোমল মুখ পদ্মের সমান। প্রকাশ করিয়া বল শুনি মতিমান ॥ মুনি বলে শুন রাজা করি নিবেদন ॥ সুবচনী ব্রতকথা অপূর্ব্ব বর্ণন ॥ মথুরা নগরে ধাম সৌরাষ্ট্ররাজন। তেজেতে অনল জিনি প্রতাপে তপন ॥ রূপেতে কন্দর্প জিনি বুদ্ধে বৃহস্পতি কর্ণেরে জিনিয়া দাতা অতি যোদ্ধাপতি ॥ দুষ্টের দমন করে শিষ্টের পালন। সুখেতে আছয়ে ভাল যত প্রজাগণ ॥ সেই গ্রামমধ্যে এক দরিদ্র ব্রাহ্মণ। ভিক্ষা করি করে সদা উদর পূরণ ॥ লীলাবতী নামে সেই ব্রাহ্মণনন্দিনী। এক পুত্র এক কন্যা অতি সুরূপিণী ॥ পঞ্চম বৎসরের শিশু অতি সে নবীন। বালকের সহ ক্রীড়া করে রাত্রি দিন ॥ একদিন মৎস্যজীবি ধীবর নন্দিনী। বিক্রয় করিতে মৎস্য আইল সে ধনী ॥ ধারেতে কিনিল মৎস্য ব্রাহ্মণী তখন। বলে মূল্য দিব আগে আসুন ব্রাহ্মণ ॥ এ কথায় ধীবরিণী করিল গমন। সেই মৎস্য ব্রাহ্মণী যে করিল রন্ধন ॥ খলিসা মৎস্যের ঝোল অমৃত সমান সুধার সমানস্বাদ হেন করি জ্ঞান ॥ মৎস্য রান্ধি অন্ন পরে রান্ধিল ব্রাহ্মণী। হেনকালে তথায় আইল ধীবরিণী ॥ মৎস্য মূল্য দেহ আমি করিব গমন। বিলম্ব না সহে অার যাইব এখন ॥ ব্রাহ্মণী বলেন

মাগো ক্ষণ থাক তুমি। তব মূল্য দিব যাতা এলে মম স্বামী॥ শুনি ধীবরিণী অতি ক্রোধ করি বলে। বিলম্ব না সহিতে নারি মরি ক্ষুধানলে॥ রান্ধামৎস্য দেহ মোরে করিব ভোজন। বিলম্ব সহিতে নারি কি করি এখন॥ কি করেন ব্রাহ্মণী হাতেতে নাহি কড়ি। রান্ধামৎস্য তাহারে দিলেন তাড়াতাড়ি॥ ব্যঞ্জন কেবলে শুধু দিলেন তাহায়। সেই অন্ন কিঞ্চিৎ দিলেন পুনরায়॥ মৎস্য সঙ্গ সেই অন্ন করিয়া ভোজন। আপন আলয়ে তবে করিল গমন॥ এথানেতে শিশু তবে ক্ষুধাতে আকুল। অন্ন দেহ অন্ন দেহ মাতারে কহিল॥ কি দিয়ে খাইবে বাছা বলেন ব্রাহ্মণী। সবে মাত্র অন্ন এই রাধিয়াছি আমি॥ ধারেতে কিনিয়া মৎস্য করিনু রন্ধন। মূল্য লইবার তরে আইল সে জন॥ সে ধনীরে মূল্য দিতে বিলম্ব হইল॥ ধীবরিণী রান্ধা মৎস্য আসিয়া খাইল॥ শুদ্ধ ঝোল আছে তার আর তরকারি। যদি খাইবারে চাহ তবে দিতে পারি॥ শুনি শিশু বলে তাই দেহগো আমায়। ক্ষুধানলে মরি মাগো মম প্রাণ যায়॥ ব্রাহ্মণী দিলেন অন্ন আনিয়া তাহায়। সে ব্যঞ্জন তরকারী দিল আনি তায়॥ খাইল মৎস্যের ঝোল অমৃত সমান। মাতার নিকটে কহে রন্ধন বাখান॥ বলে ঝোল রান্ধিয়াছ কিবা সুধাময়। না জানি রান্ধিলে মাংস কত ভাল হয়॥ এতেক বলিয়া শিশু করেন ভোজন। ভোজন করিয়া করে মুখ প্রক্ষালন॥ এইরূপে সে দিবস করিল গমন। প্রভাত হইল নিশি উদিল তপন॥ ক্রীড়া করিবারে শিশু গমন করিল। চরিতেছে রাজহংস নয়নে দেখিল॥ একে একে হংসগণ করিল গমন। সবে মাত্র এক হংস চরিছে তখন॥ হংস মধ্যে খঞ্জ সেই

চলিতে না পারে। ধেয়ে গিয়ে বিপ্র শিশু ধরিল তাহারে॥ বসনে ঢাকিয়া হংস করে আনয়ন। মাতার নিকটে আনি কহিছে বচন॥ কালিকার মংস্যঝোল খেয়ে পাই তার। তেকারণে এই হংস আনি পুনর্ব্বার॥ রান্ধিয়া আমারে দেহ শুন গো জননী। শুনি চমৎকৃত তবে হইল ব্রাহ্মণী॥ কোথায় পাইলি হংস ওরে শিশুমতি। জানিলে করিবে তোর এখনি দুর্গতি॥ অনুমান করি হবে নৃপতির হংস। জানিলে করিবে তোরে সবংশে নির্ব্বংশ॥ শিশু বলে মাতা তুমি না করিহ ডর। লুকাইয়া আনিয়াছি এই হংসবর॥ রাজার এ হংস বটে কথা মিথ্যা নয়। রান্ধিয়া দেহগো মোরে না করিহ ভয়॥ ব্রাহ্মণী বলেন ওরে অবোধ নন্দন। কি দিয়ে হংসেরে আমি করিব রন্ধন॥ তৈল চাই মসলা চাই ঘৃত আদি আর। কোথায় পাইনু বল অবোধ কুমার॥ শিশু বলে সে সকল এনে দিব আমি। গৃহের ভিতরে গিয়ে কুটে ফেল তুমি॥ এত বলি বিপ্রশিশু করিল গমন। মসলা চাহিয়া লয় বণিক সদন॥ ঘৃত তৈল ভিক্ষা করি মুদির সদনে। ত্বরা করি আইল শিশু আপন ভবনে॥ এখানেতে ব্রাহ্মণী পালক ছাড়াইয়া। ভস্মের মধ্যেতে আনি রাখে লুকাইয়া॥ সেই মাংস ব্রাহ্মণী রান্ধিল ততক্ষণ। ঘৃত আদি মসলা সব করিল অর্পণ॥ সুধার সমান সেই রন্ধন হইল। অন্ন দিয়া শিশু তবে ভোজন করিল॥ খাইল পরম-সুখে সেই হংসবর। মাতাকে প্রশংসা করেব্রাহ্মণ কোঙার॥ অবশেষে খাইল তবে ব্রাহ্মণ ব্রাহ্মণী॥ দম্পে ভণে অতঃপর শুনহ কাহিনী॥

ত্রিপদী। প্রভাত হইল নিশি, উদিত তপন আসি, ভূপতি বাহিরে তবে যান। বসিলেন সিংহাসনে, পাত্রমিত্র মন্ত্রী সনে,

বিচার করেন মতিমান॥ হেথা রাজহংসগণ, চরিতেছে সর্ব্বজন, খঞ্জহংস দেখিতে না পায়। যত রাজার কিঙ্কর, সবে হয়ে একত্তর, ভূপতিরে সকলে জানায়॥ অবধান মহাশয়, কহিবারে লাগে ভয়, এক হংস পাওয়া নাহি যায়। খঞ্জহংস কেবা নিল, খুঁজে নাহি পাওয়া গেল, এবে বল কি করি উপায়॥ শুনি রাজা ক্রোধে জ্বলে, অনুচরগণে বলে, কেবা হংস লইল ধরিয়া। রাজ্যেতে দেহ ঘোষণা, যে বলিবে এ সূচনা, তাহারে যে আনিবি ধরিয়া॥ শুনি ফিরাইল ঢোল, রাজ্য মধ্যে হয় গোল, আসিয়া কহিল একজন। শুনি রাজ অনুচর, যাইয়া রাজ গোচর, সভামধ্যে কহিল সে জন॥ শুন ধর্ম্ম অবতার, দরিদ্র বিপ্রকুমার, তব রাজ্য মধ্যে আছে যেই। দেখিলাম নয়নেতে, খোঁড়া হংস গোপনেতে, গত্যকল্য লইয়াছে সেই॥ শুনি রাজা অনুচরে, পাঠাইল তদন্তরে, বিপ্রসুতে আনিল ধরিয়া। ধরিয়া লইয়া তারে, রাখে আনি কারাগারে, ব্রাহ্মণী সে মরেন কান্দিয়া॥ নগরের লোক যত, প্রবোধ করিছে কত, কিছুতে প্রবোধ নাহি মানে। বলে পুত্র কোথা গেলি, এ বৃদ্ধ মাতারে ফেলি, মরে আছি তোমার বিহনে॥ হায়রে নিষ্ঠুর বিধি, দিয়ে পুত্র গুণ-নিধি, পুনঃ হরি নিলা কি কারণ। এত বলি ভূমে পড়ি, যায় রামা গড়াগড়ি, শুনি কান্দে ব্রাহ্মণী তখন॥ শুনি গ্রাম্য নারীগণ, আসি কহে সর্ব্বজন, নিবারণ করহ রোদন॥ মান সুবচনী দেবী, সফল হইবে সেবি, শুভফল দিবেন এখনি। করিলে তার উপাসনা, পূর্ণ হইবে কামনা, শুভফল দিবে নারায়ণী॥ শুনিয়া ব্রাহ্মণী কন, শুন গো সর্ব্বজন, এই রহিতেছি সবাকারে। যদি পুত্র আইসে ফিরে,

পূজা দিব সে দেবীরে, এই বলিতেছি বারে বারে॥ সুবচনীর নাম শুনি, শুদ্ধ মনে দ্বিজরাণী, এক মনে করেন স্তবন। বলে মা কোথা গো কালী, ওগো কালী মুণ্ডমালী, শিশু আনি দেহ এইক্ষণ॥ আমি অতি মূঢ়মতি, কি জানি তোমার স্তুতি, কিঞ্চিৎ জানেন ত্রিলোচন। তুমি না তারিলে তারা, কে তারিবে ভবদারা, কর মাগো অধমে তারণ॥ কালী কুলকুণ্ডলিনী, উমা ধূম্রা কাত্যায়নী, রাজেশ্বরী শ্রীসিংহবাহিনী। কপালিনী ওগো তারা, তুমি মাগো পরাৎপরা, বিশ্বারাধ্যা অনন্তরূপিণী॥ গিরিসুতা হৈমবতী, দক্ষের নন্দিনী সতী, সুবচনী শুভকর মোরে। সুতে খালাস করিয়া, কারাক্লেশ বিমোচিয়া, আনি দেহ আমার গোচরে॥ বলি কাতর বচন, করেন দেবী সাধন, সদয় হইলা সুবচনী। বলে শুন দ্বিজবর, রোদন না কর আর, রাজপুরে চলিনু এখনি॥ রাজকন্যা বিভ দিয়া, তোমার তনয়ে নিয়া, কালি তব ভবনে যাইব। মম বাক্য মিথ্যা নয়, জানিহ তুমি নিশ্চয়, এখনি রাজারে স্বপ্ন দিব॥ এত বলি শুভঙ্করী, ভয়ঙ্করা বেশ ধরি, রাজারে যে দেখায় স্বপনে। ওরে রাজ দুরাচার, তোর এত অহঙ্কার, ব্রাহ্মণেরে রাখহ বন্ধনে॥ আমার বচন লহ, প্রভাতে খালাস দেহ, তব কন্যা দেহ পরিণয়। ইহাতে বাড়িবে মান, শুন রাজা মতিমান, নহে তোর ঘটিবে প্রলয়॥ এতেক দিয়া স্বপন, দেবী হন অদর্শন, প্রভাত হইল বিভাবরী। উঠে শীঘ্র নরবর, বাহিরে আসি সত্বর, বসিলেন সিংহাসনোপরি॥ পাত্র মিত্র মন্ত্রী প্রভৃতি, স্বপ্ন কহে নরপতি, শুনি সবে হৈল চমৎকার। বলে রাজা তুমি ধন্য, কি কব তোমার পুণ্য, আন শীঘ্র ব্রাহ্মণকুমার

আপনি তনয়া সহ, বিপ্র পরিণয় দেহ, আমাদের এই যে মন্ত্রণা।
দেবীর চরণতলে, কবি বিনয়েতে বলে, পূর্ণ কর মনের বাসনা ॥

পয়ার। পাত্র মিত্রগণ যত মন্ত্রণা করিল। খাসা কাপড় করিয়া রাজা বিপ্রসুতে দিল ॥ নরসুন্দরেতে ক্ষৌর করিল যতনে। সাজাইল দ্বিজসুতে বসন ভূষণে ॥ অন্দরে লইয়া চলে আপনি ভূপতি। কহিল স্বপন কথা রমণীর প্রতি ॥ দেবীর হইল আজ্ঞা কন্যা দান দিতে। স্বপ্ন কথা আইলাম তোমারে কহিতে ॥ রাণী বলে কিবা ভাগ্য তোমার রাজন। উৎসর্গ করিয়া কন্যা দেহ হে এখন ॥ শুনি রাজা পুরোহিতে ডাকিয়া আনিল। আপনি কন্যারে লয়ে উৎসর্গ করিল ॥ পুরোহিত মন্ত্র পড়াইল ততক্ষণ। নিজকন্যা বিভা রাজা দিলেন তখন ॥ বসুধারা ছাউনি নাড়ু সারি রজনীতে। বাসর জাগিল বর কন্যার সঙ্গেতে ॥ নানাবিধ বাদ্য বাজে মঙ্গলবাজন। এসোগণ নিশি জাগি উঠিল তখন ॥ প্রভাত হইল নিশি উঠিল রাজন। বাসি বিভায় সকল করিল আয়োজন ॥ বিপ্রসুত রাজপুরে কিছুদিন রয়। একদিন রাজকন্যার নিকটেতে কয় ॥ কুস্বপ্ন দেখিনু অস্ত অতি কুলক্ষণ। যেন পিতা মাতা মম হয়েছেন পতন ॥ বিদায় করহ কালি যাব নিকেতনে। যাবে যদি হয় তব চল মম সনে ॥ কথোপকথনে নিশি হইল প্রভাত। পূর্ব্বদিকে উদিত হইল দিননাথ ॥ বাহির দেয়ানে রাজা করিল গমন। সিংহাসনে বার দিয়া বসিল তখন ॥ হেনকালে দ্বিজবর করেন গমন। সিংহাসন হৈতে উঠি দেন আলিঙ্গন ॥ প্রণাম করিয়া শিশু ভূপতিরে কয়। গৃহেতে যাইব আজ্ঞা দেহ মহাশয় ॥ রজনীতে কথা পেয়েছি

কুস্বপন। তদবধি ব্যাকুল হয়েছে মম মন॥ রাজা বলে কিকথা কহিলে বাপ ধন। তোমারে বিদায় নাহি দিব কদাচন॥ আর দিন কত হেথা থাক বাছাধন। তারপরে যেও তুমি আপন ভবন॥ না শুনিয়া দ্বিজসুত পুনর্ব্বার কয়। স্বপন দেখিয়া মম ব্যাকুল হৃদয়॥ রহিতে না পারি আমি এক দণ্ড আর। কিছুদিন বিলম্বে আসিব পুনর্ব্বার॥ শুনি ভাণ্ডারিরে রাজা দিলেন আরতি। নানাবিধ রত্ন ধন আন শীঘ্রগতি॥ সাত ডিঙ্গা সাজাইয়া দেহ আনি ধন। মণি মুক্তা হীরা আর রজত কাঞ্চন॥ শুনিয়া ভাণ্ডারী তবে ডিঙ্গা সাজাইল। ভ্রমরার ঘাটে ডিঙ্গা বাহিয়া চলিল॥ কন্যায় করিয়া বেশ দিল রাজরাণী। শিবিকাতে চলিলেন রাজার নন্দিনী॥ হস্তীপরে চাপিয়া চলেন দ্বিজবর। উপনীত হইলেন আপনার ঘর॥ নগরের লোক আসি কহে ব্রাহ্মণীরে। বিবাহ করিয়া তব পুত্র আইল ঘরে॥ শুনি দ্রুতগতি তবে আইল ব্রাহ্মণী। পুত্র কোলে করি কান্দে লোটায়ে ধরণী॥ দাঁড়াগুয়া পান আনি দিল ততক্ষণ। সিরণি আনিয়া পূজে সত্যনারায়ণ॥ সুবচনী পূজার করিল আয়োজন। হিন্দু মুসলমান সবে আনন্দিত মন॥ পুত্র পুত্রবধূ দোঁহে লইয়া ব্রাহ্মণী। জলধারা দিয়া ঘরে লইল আপনি॥ ক্রমে ক্রমে অট্টালিকা নির্ম্মাণ করিল। সুবচনীর ঘট তবে স্থাপন করিল॥ অতুল ঐশ্বর্য্য হইল সুবচনীর বরে। হরিধ্বনি কর সবে আনন্দ অন্তরে॥ কবিবর ভনে কথা শুন ভক্তগণ। এতদূরে এই গ্রন্থ হৈল সমাপন॥

ইতি সুবচনীর ব্রত কথা সম্পূর্ণ।

সত্যনারায়ণের কথা।

নমঃ সত্যনারায়ণ করিয়া বন্দন। ক্রমে ক্রমে বন্দিলাম সর্ব্ব দেবগণ॥ কলিযুগে নারায়ণ পূজার কারণ। অধিষ্ঠান হইলেন পৃথিবী ভুবন॥ দরিদ্র ব্রাহ্মণ এক ছিল মথুরায়। না জানে সুখের লেশ দুঃখে কাল যায়। এক দিন সেই দ্বিজ ভ্রমিয়া নগর। কিছু না পাইয়া ভিক্ষা হইল কাতর॥ বৃক্ষতলে বসিলেন বিরস বদনে। কতক্ষণ কান্দিলেন দুঃখ ভাবি মনে॥ দয়ালু হইয়া মনে সত্যনারায়ণ। ফকিরের বেশেতে দিলেন দরশন॥ ব্রাহ্মণে কহেন শুন দ্বিজ মহাশয়। কি কারণে কান্দিতেছ বসিয়া ধরায়॥ দ্বিজ বলে কি হইবে কহিলে তোমায়। ফকির বলেন দ্বিজ হানি কিবা তায়॥ ব্রাহ্মণ বলেন নিত্য ভিক্ষা মাগি খাই। আজি না পাইয়া ভিক্ষা দুঃখ ভাবি তাই॥ ফকির বলেন দ্বিজ যাহ নিজ পুর। আমারে পূজিলে তব দুঃখ যাবে দূর॥ দ্বিজ বলে নিত্য পূজি শিলা নারায়ণ। তাহা ভিন্ন না করিব অন্য আচরণ॥ ফকির কহেন হাসি শুন দ্বিজবর। পুরাণ কোরাণ কিছু নহে মতান্তর॥ যেই রাম সেই রহিম নাম একই হয়। ত্রিভুবনে নাহি দুই জানিব নিশ্চয়॥ বলিতে কহিতে কথা অখিলের নাথ। শঙ্খ চক্র গদা পদ্ম হৈল চারি হাত॥ এরূপ দেখিয়া দ্বিজ পড়িলা ধরণী। করিল অনেক স্তব গদগদ বাণী॥ দেখিতে দেখিতে পুনঃ ফকির হইল। তাহা দেখি ব্রাহ্মণের আশ্চর্য্য লাগিল॥ ব্রাহ্মণ কহেন প্রভু পূজিব তোমায়। কিরূপে পূজিব বল ধরি তব পায়॥ কহিছে ফকির শুন শুন দ্বিজবর। যেরূপে করিবে পূজা সভার ভিতর॥ গোধূম

কদল্যাদি চাই সওয়া সের গুঁড়া। সওয়া গণ্ডা গুবাক পান রম্ভা সওয়া ছড়া॥ সওয়া সের চিনি কিম্বা খাঁড়গুড় দিবে। ক্ষীর কিম্বা দুগ্ধ দিয়া ভক্তিতে পূজিবে॥ এই সব সামগ্রী করিয়া আয়োজন। চতুর্দ্দিকে বসিবেক যত ভক্তজন॥ গুণকথা আমার শুনিবে সাবধানে॥ যতনে পূজিবে তথা বিবিধ বিধানে। সত্য পীর বলি সবে শিরে দিবে হাত। নারায়ণ বলিয়া করিবে প্রণিপাত॥ প্রসাদ লইবে সবে এইত বিধান। এতবলি নারায়ণ হৈল অন্তর্দ্ধান॥ ভাবে গদগদ দ্বিজ মনে হরষিত। ঘর কত ভ্রমিয়া গৃহেতে উপনীত॥ ব্রাহ্মণী শুনিয়া হর্ষে হইলেন ব্যস্ত। সিরণীর আয়োজন করেন সমস্ত॥ যথাবিধি পূজিলেন নারায়ণ পদ। রাতারাতি ব্রাহ্মণের অতুল সম্পদ॥ কাঠুরিয়াগণ দেখি বিস্ময় হইল। ভক্তি করি দ্বিজবরে জিজ্ঞাসা করিল॥ শুনি দ্বিজ কহিলেন বিধান সমস্ত। কাঠুরিয়াগণ হৈল সবে বড়ব্যস্ত॥ সিণীর করিল তারা সেই প্রকারে। দুঃখদূর হৈল আনন্দ ঘরে ঘরে॥ অতঃপর সানন্দ সাধু এক জন। কাঠুরের সম্পদ দেখিয়া হৃষ্টমন॥ জিজ্ঞাসিয়া আদ্য অন্ত বৃত্তান্ত জানিল। শুনিয়া সাধুর মনে ভক্তি উপজিল॥ সাধু বলে অপ্রতুল নাহি অন্য ধনে। কন্যা নাহি দুঃখ তাই হয় সদা মনে॥ যদ্যপি আমার এক জনমে তনয়া। নারায়ণে পূজিব সিরণী অগ্রে দিয়া॥ এত বলি গেল চলি সাধু অধিকারী। যথাকালে জন্মে কন্যা পরমা সুন্দরী॥ সিরণী দিবার কথা সাধু পাসরিল। আনিয়া সুপাত্র এক কন্যা বিয়া দিল॥ কতকাল সাজাইয়া সপ্ত মধুকর। জামাতা লইয়া সাধু চলিল সত্বর॥ দক্ষিণ পাটনে

রাজা নামে কলাধিধি। সেই দেশে সদাগরে মিলাইল বিধি॥ বাজ সম্ভাষিয়া রহে তরী চাপাইয়া। প্রমাদ ঘটিল দেখ সিরণী না দিয়া॥ ভূপতির ভাণ্ডারেতে ধনাদি যা ছিল। নিশিমধ্যে সাধুর তরণী পূর্ণ হৈল॥ ছল পেয়ে রাজা তার সর্ব্বস্ব লুটিল। জামাতা শ্বশুরে লয়ে বন্ধন করিল॥ রাজাদেশে কোটাল মশানে লয়ে যায়। পাত্র অনুরোধে তারা দোঁহে প্রাণ পায়॥ কারাগারে বন্দী থাকে শ্বশুর জামাই। কি কহিব উভয়ের দুঃখ সীমা নাই॥ এখানে সাধুর নারী আর তাঁর সুতা। পতির বিলম্ব দেখি মহা দুঃখ যুতা॥ সঞ্চিত হইল শেষ পড়িল দুঃখেতে। দাসীত্ব করিয়া থাকে পরের গৃহেতে॥ একদিন সাধুকন্যা বেড়াইতে গিয়ে। দৈবমতি দ্বিজ ঘরে সিরণী দেখিয়ে॥ বিশেষ জানিয়া কন্যা করিল মানসা। পিতা আর পতি আইসে এই সে কামনা॥ এতবলি গৃহে গেল সাধুর তনয়া। সত্যনারায়ণ তাহে উপজিল দয়া॥ শ্বশুর জামাতা যথা বন্দী কারাগারে। নারায়ণ স্বপ্নে কন সেই নৃপবরে॥ শুন রাজা মহাতেজা আমার বচন। কলিযুগে পূজ্য আমি সত্যনারায়ণ॥ সদাগর দুই জনে শ্বশুর জামাই। বিনা দোষে বন্দী আছে কোন দোষ নাই॥ নিশি পোহাইলে পর দুই সদাগরে। দশগুণ ধন দিয়া তুষিবে সত্বরে॥ বলিতে বলিতে হৈল মোহন মুরতি। স্বপ্ন দেখি চমকিত উঠিল নৃপতি॥ প্রভাতে উঠিয়া রাজা সবার গোচর। মুক্ত করি আনাইল দুই সদাগর॥ বস্ত্র অলঙ্কার আর বহু ধন দিল। সাধুরে তুষিয়া রাজা বিদায় করিল॥ দশগুণ ধন পেয়ে ন্যায়ে দিল জয়া। দেশেতে যাইতে

সাধু বড় হৈল ত্বরা ॥ আনন্দিত সর্ব্বজন সদা কোলাহল। নাহি জানে সত্যদেব করিল মঙ্গল ॥ সত্যনারায়ণ মন বুঝিতে সাধুর। ফকিরের বেশে কন বচন মধুর ॥ ঘাটে বসি ভিক্ষা মাগি শুন সদাগর। ফকিরেব কিছু দিয়ে যাও নিজ ঘর ॥ হইবে অক্ষয় ধন আমি গৃহে যাই। সদত কুশলে রবে শুন সাধু ভাই ॥ সাধু বলে তোমার কল্যাণে কিবা হবে। তা হইলে তুমি কেন কাণী পরি রবে ॥ তুষ আর অঙ্গার কেবল মাত্র গায়। কড়ার ভিখারি তুমি দিব সর্ব্বদায় ॥ শুনি কিছু না কহিল সত্যনারায়ণ। বসি রহিলেন ঘাটে মুদিত নয়ন ॥ কত দূর গিয়ে দেখে শ্বশুর জামাই। তুষার অঙ্গার বিনা আর কিছু নাই ॥ সাতনায় যত দ্রব্য সকলি অমনি। কান্দে দুই সদাগর শিরে কর হানি ॥ অতঃপর জামাতা কহিল সদাগরে। এ ঘটনা হৈল ভিক্ষা না দিয়ে ফকিরে ॥ সে জন সামান্য নয় বুঝি অনুমানে। চল চল পড়ি গিয়ে তাঁহার চরণে ॥ এত শুনি সদাগর ফিরাইল তরি। পুনঃ গেল সেই ঘাটে অতি ত্বরা করি ॥ দেখিল ফকির তথা আছেন বসিয়া। দুজনে পড়িল গিয়া চরণে ধরিয়া। অপরাধ ক্ষম অধমেরে কর দয়া। নরাধম দেখি দেহ চরণের ছায়া ॥ হাসিয়া ফকির কহে নায় গিয়া চড়। কড়ার ভিখারি আমি পায়ে কেন পড় ॥ কান্দিতে কান্দিতে পুনঃ কহে দুইজন। কুকর্ম্ম করেছি ক্ষম সত্যনারায়ণ ॥ পাসরিলা সিরণীভ্রম হয়েছে আমার। অপরাধ হইয়াছে চরণে তোমার ॥ কহিলাম সত্য এই বলি দাড়াইয়ে। সওয়াসের সোণার সিরণী দিব গিয়ে ॥ সত্যনারায়ণ তথা সদয় হইলেন প্রণামি

করিয়া সাধু নৌকায় উঠিল ॥ উত্তরিল ঘাটে সাধু হৈল কোলাহল। সাধুর রমণী কন্যা শুনি কুতূহল॥ তরীর সামগ্রী অগ্রে ধরেছে লইয়া। সিরণী করিল সাধু হরিষ হইয়া॥ প্রসাদ লইল সবে যোড় করি পাণি। লইতে ভুমিতে ফেলে সাধুর নন্দিনী॥ দেখি সত্যনারায়ণ ক্রোধিত হইল। জামাতা সহিত তরী জলেতে ডুবিল॥ না দেখি জামাতা সাধু কান্দে উচ্চ নাদ। হায় হায় আচম্বিতে একি প্রমাদ॥ শুনি সাধুসুতা যায় ডুবিয়া মরিতে। জননী না পারে তারে ধরিয়া রাখিতে। হেনকালে দৈববাণী হৈল আচম্বিত। সিরণী ফেলিয়া কন্যা কৈল বিপরীত॥ ইহা শুনি সাধুকন্যা তখনি উঠিয়া। যথা ফেলাইয়াছিল খাইল চাটিয়া॥ ভাসিল তরণী সহ সাধুর জামাই। সে সকল দ্রব্য আদি কিছু নড়ে নাই॥ নৌকার যতেক দ্রব্য ভাণ্ডারেতে আনি। করিলেক সওয়াসের সোণার সিরণী॥ স্বপ্নে কহিলেন দেব শুন সাধু কই। সোনা হইতে আটার সন্তোষ আমি হই॥ স্বপ্ন দেখি সওদাগর পরম আনন্দ। আটার সিরণী কৈল সাধু সদানন্দ॥ ক্রমেতে প্রচার হৈল সবার আলয়। ভক্তি করি পূজিলে কামনা সিদ্ধ হয়। শুণকথা শুনিবে হইয়া এক মন। বিমনা হইলে রুষ্ট সত্যনারায়ণ॥ এক মনে শুনে কিম্বা পূজে নারায়ণ। তারে কভু ছুঁইতে না পারিবে শমন॥ শঙ্করাচার্য্যের মত প্রবন্ধ প্রাচীন। অতঃপর বল সবে আমিন আমিন॥

শ্রীশ্রীকৃষ্ণের অষ্টোত্তর শত নাম।

পয়ার। জয় জয় গোবিন্দ গোপাল গদাধর। কৃষ্ণচন্দ্র কর কৃপা করুণাসাগর ॥ জয় রাধে গোবিন্দ গোপাল বনমালী। শ্রীরাধার প্রাণধন মুকুন্দ মুরারি ॥ হরি নাম বিনে গোবিন্দ নাম বিনে। বিফলে মনুষ্য জন্ম যায় দিনে দিনে ॥ দিন গেল মিছে কার্য্যে রাত্রি গেল নিদ্রে। না ভজিনু রাধাকৃষ্ণ চরণার বিন্দে ॥ কৃষ্ণ ভজিবার তরে সংসারে আইনু। মিছে মায়ায় বদ্ধ হয়ে বৃক্ষ সম হৈনু ॥ ফলরূপে পুত্র কন্যা ডাল ভাঙ্গি পড়ে। কালরূপে সংসারেতে পক্ষ বাসা করে ॥ যখন কৃষ্ণ জন্ম নিল দৈবকী উদরে। মথুরাতে দেবগণ পুষ্পবৃষ্টি করে ॥ বসুদেব রাখি আইল নন্দের মন্দিরে। নন্দের মন্দিরে কৃষ্ণ দিনে দিনে বাড়ে ॥ নন্দ রাখিল নাম শ্রীনন্দের নন্দন। যশোদা রাখিল নাম যাদু বাছা ধন ॥ উপানন্দ নাম রাখে সুন্দর গোপাল। ব্রজবালকে নাম রাখে ঠাকুর রাখাল ॥ সুবলচন্দ্র নাম রাখে ঠাকুর কানাই। শ্রীদাম রাখিল নাম রাখাল রাজা ভাই ॥ ননীচোরা নাম রাখে যতেক গোপিনী। কেলেসোণা নাম রাখে রাধা বিনোদিনী ॥ কুব্জা রাখিল নাম পতিত পাবন হরি। চন্দ্রাবলী নাম রাখে মোহন বংশীধারী ॥ অনন্ত রাখিল নাম অন্ত না পাইয়া। কৃষ্ণনাম রাখে গর্গ ধ্যানেতে জানিয়া ॥ কর্ণ মুণি রাখে নাম দেব চক্রপানি। বনমালী নাম রাখে বনের হরিণী ॥ গজহস্তী নাম রাখে—

শ্রীমধুসূদন। অজামিল নাম, রাখে দেব নারায়ণ॥ পুরন্দর নাম রাখে দেব শ্রীগোবিন্দ। দ্রৌপদী রাখিল নাম দেব দীনবন্ধু। সুদাম রাখিল নাম দারিদ্র ভঞ্জন। ব্রজবাসী নাম রাখে গজের জীবন॥ দর্পহারী নাম রাখে অর্জ্জুন সুধীর। পশুপতি নাম রাখে গরুড় মহাবীর॥ যুধিষ্ঠির নাম রাখে দেব যদুবর। বিদুর রাখিল নাম কাঙ্গাল ঠাকুর॥ বাসুকি রাখিল নাম দেব সৃষ্টি স্থিতি। ধ্রুবলোকে নাম রাখে ধ্রুবের সারথি॥ নারদ রাখিল নাম ভক্ত প্রাণধন। ভীষ্মদেব নাম রাখে লক্ষী নারায়ণ॥ সত্যভামা নাম রাখে সত্যের সারথি। জাম্ববতী নাম রাখে দেব যোদ্ধাপতি॥ বিশ্বামিত্র নাম রাখে সংসারের সার। অহল্যা রাখিল নাম পাষাণ উদ্ধার॥ ভৃগুমুনি নাম রাখে জগতের হরি। পঞ্চমুখে রামনাম গান ত্রিপুরারী॥ কুঞ্জকেশী মহাবাহু নাম রাখে বলী। প্রহ্লাদ রাখিল নাম নৃসিংহ মুরারি॥ দৈত্যারি দ্বারিকা-নাথ দারিদ্রভঞ্জন। দয়াময় দ্রৌপদীর লজ্জা নিবারণ॥ স্বরূপে সবার হয় গোলোকেতে স্থিতি। বৈকুণ্ঠ ক্ষীরোদশায়ী কমলার পতি। রসময় রসিক নাগর অনুপম। নিকুঞ্জবিহারী হরি নব ঘন শ্যাম॥ শালগ্রাম দামোদর শ্রীপতি শ্রীধর। তারকব্রহ্ম সনাতন পরম ঈশ্বর॥ কল্পতরু কমললোচন হৃষীকেশ। পতিত পাবন গুরু জ্ঞান উপদেশ॥ চিন্তামণি চতুর্ভুজ দেব চক্রপাণি। দীনবন্ধু দেবকীনন্দন যদুমণি॥ অনন্ত কৃষ্ণের নাম অনন্ত মহিমা। নারদাদি ব্যাসদেব দিতে নারে সীমা॥ নাম ভজ নাম চিন্ত নাম কর সার। অনন্ত কৃষ্ণের নাম মহিমা অপার॥ শত ভার

স্বর্ণ গো কোটি কন্যা দান। তথাপি না হয় কৃষ্ণ নামের সমান॥ যেই নাম সেই কৃষ্ণ ভজ নিষ্ঠা করি। নামের সহিত ফিরে আপনি শ্রীহরি॥ শুন শুন ওরে ভাই নাম সঙ্কীর্ত্তন। যে নাম শ্রবণে হয় পাপ বিমোচন॥ কৃষ্ণনাম ভজ জীব আর সব মিছে। পালা বার পথ নাই যম ফিরে পিছে॥ কৃষ্ণনাম হরিনাম বড়ই মধুর॥ যেই জন কৃষ্ণ ভজে সে বড় চতুর॥ ব্রহ্মাদি দেব যাঁরে ধ্যানে নাহি পায়। সে হরি বঞ্চিত হৈলে কি হবে উপায়॥ হিরণ্য-কশিপুর উদর বিদারণ। প্রহ্লাদে করিলা রক্ষা দেবনারায়ণ॥ বলিরে ছলিতে প্রভু হইলা বামন। দ্রৌপদীর লজ্জা হরি কৈলা নিবারণ॥ অষ্টোত্তর শত নাম যে করে পঠন। অনায়াসে পায় রাধা কৃষ্ণের চরণ॥ ভক্ত বাঞ্ছা পূর্ণ কর নন্দের নন্দন। মথুরায় কংস ধ্বংস লঙ্কায় রাবণ॥ বকাসুর বধ আদি কালীয় দমন। দ্বিজ হরি কহে এই নাম সঙ্কীর্ত্তন॥

অষ্টোত্তর শত নাম সমাপ্ত।

মেয়েলি ব্রতের ছড়া

পুণ্যি পুকুর ব্রত।

পুণ্যিপুকুর পুষ্পমালা।
কে পুজেরে দুপুর বেলা॥
আমি সতী লীলাবতী।
সাত ভেয়ের বোন ভাগ্যবতী॥
স্বামীর কোলে পুত্র দোলে।
মরণ হয় যেন একগলা গঙ্গাজলে॥

যম পুকুর ব্রত।

যম পুকুর পূজ্যান।
সোণার থালে ভুজ্যান॥
সোণার থালে ক্ষীরের নাড়ু।
শঙ্খের উপর সুবর্ণের খাড়ু॥

তৎপরে ব্রত কথা—

শুষনী কলমী ন ন করে।
রাজার বেটা পক্ষী মারে॥
মারণ পক্ষী শুখের বিল।
সোণার কৌটো রূপার খিল॥

খিল খুলতে হাতে গেল ছড়।
আমার ভাই বাপ লক্ষেশ্বর ॥
লক্ষ লক্ষ দিয়ে গেল বর।
ধনে পুত্রে বাড়ুক ঘর ॥
কাল কচু শাদা কচু ন ন করে।
রাজার বেটা পাল্কী যারে ॥
(ধনে পুত্রে বাড়ুক ঘর পর্য্যন্ত পাঠ)
চারি কোণা পুকুরটী টুবু টুবু করে
ভবানীর পাখ্‌টী আনা গোণা করে
এ পুকুরটী কি?
ভাগ্যবতী পুজেছে অব ঘটটী হি ॥

গোকল ব্রত।

গোকল গোকুলে বাস,
গোরুর মুখে দিয়ে ঘাস।
আমার যেন হয় স্বর্গে বাস ॥
তোমাকে ঘুরিয়ে পাখা।
আমার হাতে হোক সোণার শাঁখা ॥

হরির চরণ সেবা।

হরি বলেন মাগো মা
আজ কেন আমার শীতল পা

মা বলেন——

কোন সতী ভাগ্যবতী
সেই পূজেচেন তোমার পা
সে কি বর চায় ?
আপনাকে সুন্দর চায়,
রাজ রাজেশ্বর স্বামী চায়
গুণবতী ঝি চায়
সভা-উজ্জ্বল জামাই চায়
অমর বর পুত্র চায়
গিরিরাজ বাপ চায়
মেনকার মত মা চায়
দুর্গার মত আদর চায়
রামের মত পতি
সীতার মত সতী
আল্না ভরা কাপড়
মরাই ভরা ধান
গোয়াল ভরা গোরু, পালভরা মোষ
পায়ে আলতা মুখে পান
পাঠ বস্ত্র পরিধান
শ্বেত মল্লিকার ফুলে
পূজব হরি গঙ্গাজলে
থাকব হরির চরণ তলে

উযোতে পারিত ইন্দ্রের শচী
না পারিত শ্রীকৃষ্ণের দাসী।
এক গলা গঙ্গা জলে
স্বামীর কোলে পুত্র দোলে
মরণ হয় অন্তে গঙ্গাজলে।

পৃথিবী ব্রত।

এস পৃথিবী বস পদ্মে।
শঙ্খ চক্র ধরি হস্তে॥
খাওয়াব ক্ষীর মাখাব ননি।
আমি যেন হই রাজার রাণী॥

অশ্বত্থ পাতার ব্রত।

অশ্বত্থ পাতা, কুঞ্জলতা।
শ্যাম পণ্ডিতের ঝি।
স্বাকারা সুন্দরী।
সাত বৌ যায় সাত দোলাতে।
সাত বেটা যায় সাত ঘোড়াতে॥
কর্ত্তা যান গজ-হস্তীতে।
গিন্নী যান রত্ন সিংহাসনে॥
ঠাকুর ঠাকরুন দোলনে যান।

ভগবতী বোলচেন—
পাকা পাতাটী মাথায় দিলে
পাকা চুলে সিন্দুর পরে।

কাঁচা পাতাটী মাথায় দিলে
কাঁচা সোণার বর্ণ হয়।
শুকণো পাতাটী মাথায় দিলে
সুখ সম্পত্তি বৃদ্ধি হয়।
ঝুর্‌ঝুরেটী মাথায় দিলে
মণি মুক্তার ঝুড়ি পায়
কচি পাতাটী মাথায় দিলে
কমল পুত্র কোলে পায়।
উযাইতে পারিলে ইন্দ্রের শচী।
না পারিলে ভগবানের দাসী॥

সেঁজোতি ব্রত।

সাঁজ পূজনী সেঁজোতি
বারো ঘরে তের বাতি॥
সেই ঘরে মোর ঘরটি।
তার এক ঘরে আমার বাতি॥
ঘরটী পুজি মাগি বর।
ধনে পুত্রে বাড়ুক ঘর॥

গঙ্গা যমুনা পূজা—

গঙ্গা যমুনা যুড়ি হ'য়ে,
সাত ভেয়ের বোন হ'য়ে
সাবিত্রী সমান হয়ে

গঙ্গা যমুনা পূজ্যান্
সোণার থালে ভুঞ্জ্যান্
সোণার থালে ক্ষীরের লাড়ু।
শঙ্খের উপর স্বর্ণের খাড়ু॥

সূর্য্য পূজা—

চন্দ্র সূর্য্য পূজ্যান্
সোণার থালে ভুঞ্জ্যান্, ইত্যাদি।

আট ঘাট, হাট বাট, গো—গোয়ালের পূজা করিতে হয়, তৎপরে—

বেণা রেণ্ডা বেণা।
আমার ভাই গাঁয়ের সোণা॥
সোণা সোণা ডাক পাড়ে।
পা পুঁটি গুয়ো পড়ে॥
আমার ভাই চিবিয়ে ফেলে।
অন্যের ভাই কুড়িয়ে খায়॥
শর শর শর।
আমার ভাই গাঁয়ের বর॥
আমার ভাই লক্ষেশ্বর
লক্ষেশ্বর লক্ষেশ্বর ডাক পাড়ে।
পা পুঁটি গুয়ো পড়ে॥
আমার ভাই চিবিয়ে ফেলে।
অন্যের ভাই কুড়িয়ে খায়॥

ফুলগাছ ফুলগাছ ঝেঁকুড়ি।
সতীন বেটীর মাকুড়ি
সাত সতীনের সাত কৌটো।
আমার আছে নবীন কৌটো॥
নবীন কৌটো নড়ে চড়ে।
সাত সতীন পুড়ে মরে॥
ময়না ময়না ময়না
সতীন যেন হয় না।
হাতা হাতা হাতা
খাই সতীনের মাথা।
বেড়ি বেড়ি বেড়ি
সতীন মাগী চেড়ী।
পাখী পাখী পাখী
সতীন মাগী মর্ত্তে যাচ্ছে
ছাদে উঠে দেখি।
ঢেঁক পড়ন্ত উনন জ্বলন্ত
বাপঘর শ্বশুরঘর একই চলন্ত
বাসি গোবর খাসি খুসি
উনুনে না দিই ফুঁ
বউ রান্না ভাত খেয়ে
আনন্দ পারা মু॥
সাঁজ পুজনী। সাঁঝ পূজনী।

তোমাকে দিলাম পিঠুলীর বালা
আমি-যেন পাই সোণার বালা।
ঐ আস্‌চে টাকার ছালা
তাই গুন্‌তে গেল বেলা ॥
ঐ আস্‌ছে ধানের ছালা।
তাই মাপ্‌তে গেল বেলা ॥
কাজললতা কাজললতা বাপের ঘর।
দাওমা মেলানী যাই শ্বশুরের ঘর
কেনরে নাতি! এত রাতি!
কাদায় পড়িল ছাতি।
তাই তুলতে এত রাতি ॥
এস নাতি! বস খাটে।
পা ধোওগে গড়ের ঘাটে।
সোণার ভেটা দেব হাতে
খেলা করবে পথে পথে।
অরুণ ঠাকুর বরুণে।
ফুল ফুটেছে চরণে ॥
যখন ঠাকুর বর দেন।
আপন্নার ফুল কুড়িয়ে নেন ॥

শিব ব্রত।

শিল শিলাটন শিলে বাটন শীল অবলার ঘরে।
স্বর্গ হতে মহাদেব বলেন গৌরী কি বত্ত করে ॥

আশ নড়ে পাশ নড়ে নড়ে সিংহাসন।
হর গৌরী কোলে ক'রে গৌরী আরাধন।
কালাপুষ্প তুলতে গেলাম সেখানে লতা পাতা
শিব চরণে দেখা হ'ল শিবের মাথায় জটা।
অখণ্ড বিল্বপত্র তোলা গঙ্গাজল।
এই পেয়ে তুষ্ট হবেন ভোলা মহেশ্বর॥
নমঃ শিবায় নমঃ নমঃ শিবায় নমঃ
নমঃ শিবায় নমঃ হরায় রুদ্রায় নমঃ।

কুলকুলতি ব্রত।

কুল্ কুলতি কুলবতী
তুলসী তলায় দিয়ে বাতি
আমার যেন হয় স্বর্গে বসতি।
হরি প্রিয়া তুলসী দেবী করি নমস্কার
অন্তকালে হই যেন ভব নদী পার॥

তুঁষ তুষুলি ব্রত।

তুঁষ তুষুলি তুমি কে?
তোমায় পূজা করে যে,
ধনে ধানে বাড় বাড়ন্ত,
সুখে থাকে আদি অন্ত।
গাই এর গোবর সরিষার ফুল
আসন পিঁড়ি হুঁয়ে ব'সে এলো ক'রে চুল

পূজা করি মনের সুখে
স্বর্গ হ'তে দেবী দেখে
তুঁষুলি গো রাই তুঁষুলি গো ভাই
তোমার দৌলতে আমি ছবুড়ি ছগণ্ডা খাই
মনের সুখেতে যেন জীবনটা কাটাই।
ঘর করবো গি[illegible] মরব গিয়ে সাগরে
জন্মাব উত্তম ব্রাহ্মণের [illegible]
তুঁষ তুঁষলি গেল ভেসে
বাপ মার ধন এলো হেসে।
তুঁষ তুষুলি গেল ভেসে
শ্বশুর শাশুড়ীর ধন এলো হেসে
তুঁষ তুষুলি গেল ভেসে
আমার স্বামীর ধন এলো হেসে।
গৌরী গো মা তোমার কাছে মাগি এই বর
স্বামী পুত্র নিয়ে যেন সুখে করি ঘর॥

তোষলা ব্রত। (অন্যরূপ পাঠ)

তোষলা লো তুষ কুন্নি।
ধানে ধনে গাই গুন্তি॥
গোরুর গোবরে সরষের ফুল॥
ব্রত ক'রে পূজি আমার মা বাপের কুল॥
কুল কুলনী এয়ো রাণী।
মাঘ মাসে শীতল পানী॥

শীতল শীতল জাগে।
ভাই বিয়ে মাগে॥
শীতল শীতল খাইলো।
বড় গঙ্গায় নাইগো॥
আমাদের রাইয়ের বিয়ে।
ঝাঁম্ কুরু কুরু [illegible]
বেগুণ [illegible] [illegible] ঢব [illegible]।
[illegible]র কাণে সোণা [illegible]
তোবলা গো রাই
তোমার দৌলতে আমরা ছ বুড়ি পিঠে খাই।
ছ বুড়ি ন বুড়ি গাঙ্গ সিনানে যাই।
গাঙ্গের [illegible] গুলি দুয়ারে মরাই।
গাঙ্গের ভিতর পাড় কলা [illegible] ডবাতে খাই।
রাই উঠ্‌ছেন রাই উঠ্‌ছেন বড় গঙ্গার ঘাটে
[illegible]র হাতে রে তেল গামছা দাওগে রেয়ের হাতে।
রাই উঠ্‌ছেন রাই উঠ্‌ছেন মেজো গঙ্গার ঘাটে।
কার হাতেরে শাঁখা সিন্দুর দাওগে রেয়ের হাতে॥
রাই উঠ্‌ছেন রাই উঠ্‌ছেন ছোট গঙ্গার ঘাটে।
কার হাতেরে চেলীর শাড়ী দাওগে রেয়ের হাতে।
রাই উঠ্‌ছেন রাই উঠ্‌ছেন অক্ষো তামার হাড়ির বর্গে॥
তামার হাঁড়ি তামার বেড়ি
ওঠ ওঠ মা গৌরী নিবেদন করি।

রাল দুর্গা বা পূর্ণিমার ব্রত।

ওড় ফুল যোড় কলা, রক্তচন্দন জবার মালা,
ঘীয়ের প্রদীপ তামার টাটে থুয়ে
অর্ঘ্য দিলেন দিবাকরে। এই বোল বলিয়ে—
"নমঃ নমঃ দিবাকর ভক্তির কারণ।
ভক্তিরূপে নাও প্রভু জগৎ কারণ॥
ভক্তিরূপে প্রণাম করিলে তুমি [illegible]
মনোবাঞ্ছা সিদ্ধ করেন প্রভু দেবরায়॥"

দশ পুতুল ব্রত।

মরিয়ে মনুষ্য হব।
ব্রাহ্মণ কুলে জন্ম [illegible]॥
সীতার মত সতী হব,
রামের মত পতি পাব,
লক্ষ্মণের মত দেবর পাব
কৌশল্যা শাশুড়ী পাব,
দশরথের মত শ্বশুর পাব,
দুর্গার মত মা পাব
শিবের মত বাপ পাব
লক্ষ্মী সরস্বতী বোন পাব
কার্ত্তিক গণেশ ভাই পাব
কুন্তীর মত ধীরা হব

দ্রৌপদীর মত রাঁধুনী হব
কলা বৌয়ের মত লজ্জাবতী হব।
বিউলীর ডাল বর্ণ হব।
দূর্ব্বার মত লতিয়ে যাব।

ইন্দ্র পূজা।

ভাঁজো লো [illegible] কলকলনি মাটির লো শরা।
ভাঁজোর গলায় দেব আমরা পঞ্চফুলের মালা॥
এক কলসী গঙ্গাজলে এক কলসী ঘী।
বৎসরান্তর একবার ভাঁজো নাচবোনাতো কি ?
পূর্ণিমার চাঁদ দেখে তেঁতুল হল বঙ্ক।
গড়ের গুগ্‌লী বলেন আমি হব শঙ্খ॥
ওগো ভাঁজো! তুমি কিসের গরব কর।
আইবুড়ো বেটাছেলের বিয়ে দিতে নার॥
ভাঁজো! এই পথে যেও।
বেগা গাছে কড়ি আছে দুধ কিনে খেও॥

সম্পূর্ণ।